


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 71 Years ■ Issue-89 ■ 4 January, 2025 ■ আগরতলা ৪ জানুয়ারি, ২০২৫ ইং ■ ১৯ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# ফের চিনে নতুন ভাইরাসের প্রার্দুভাব

# চিন্তার কিছু নেই, আশ্বাস কেন্দ্রের

**নয়াদিল্লি, ৩ জানুয়ারি ।।** করোনা ভাইরাসের আতঙ্ক এখনও পর্যন্ত কাটিয়ে উঠতে পারেনি গোটা বিশ্ব । এরমধ্যেই চিনে আবারও একটি নতুন ভাইরাস উদ্বেগ বাড়িয়েছে। এই ভাইরাস শিশু থেকে বৃদ্ধ, সকলকেই আক্রান্ত করছে। সংক্রমণের ঘটনা দ্রুত বাড়ছে। ফলে হাসপাতালগুলিতে ভিড় উপচে পড়ছে। চিনে শনাক্ত হওয়া এই নতুন ভাইরাসের উপসর্গ কোভিড-১৯ অতিমারির মতোই। নতুন ভাইরাসটির নাম দেওয়া হয়েছে "হিউম্যান মেটোপনিউমোভাইরাস" বা এইচএমপিভি।




এদিকে, চিনে নতুন ভাইরাস হিউম্যান মেটানিউমোভাইরাস (এইচএমপিভি) হানা নিয়ে চিন্তার কিছু নেই। আশ্বাস দিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকের সঙ্গে যুক্ত এক সংস্থার শীর্ষ আধিকারিক। তবে শ্বাসযন্ত্রের যে কোনও ধরনের সংক্রমণ নিয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন হেলথ সার্ভিসেসের ডিরেক্টর জেনারেল (ডিজিএইচএস) অতুল গোয়েল।

জানা গেছে, চিনে দ্রুত ছড়িয়ে পড়ছে এইচএমপিভি ভাইরাস। বিশেষ করে উত্তর চিনে সংক্রমণের সংখ্যা বেশি পাওয়া গেছে। ১৪ বছরের কম বয়সি শিশুরা সবচেয়ে বেশি আক্রান্ত হচ্ছে। চিন সরকার ভাইরাসটির বিস্তার রোধে ব্যাপক ব্যবস্থা নিচ্ছে বলে দাবি করা হচ্ছে। সংক্রমিতের শনাক্তকরণে বিশেষ জোর দেওয়া হয়েছে। স্বাস্থ্য বিভাগের আধিকারিকরা পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন। ইতিমধ্যে কিছু ভাইরাল ভিডিয়ো এবং সোশাল মিডিয়া পোস্টগুলি চিন থেকে প্রকাশিত হয়েছে। যাতে হাসপাতালগুলি উপচে পড়া ভিড় দেখা যাচ্ছে।

জানা গিয়েছে, করোনার মতো এইচএমপিভিতে আক্রান্ত ব্যক্তিদের শ্বাসকষ্টের সমস্যা দেখা যায়। হালকা সর্দি-কাশির লক্ষণগুলির সঙ্গে এটি নিউমোনিয়া, ব্রঙ্কাইটিসের মতো গুরুতর স্বাস্থ্য সমস্যা সৃষ্টি করে। এই ভাইরাস বিশেষ করে ছোট শিশু, বয়স্ক এবং দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের প্রভাবিত করছে।

বিভিন্ন রিপোর্ট অনুযায়ী, চিনে এইচএমপিভি আক্রান্ত দ্রুত বাড়ছে। ইনফ্লুয়েঞ্জা এ, মাইকোপ্লাজমা নিউমোনিয়া, রাইনোভাইরাস এবং কোভিড -১৯ এর মতো অন্যান্য ভাইরাসের সংক্রমণও রয়েছে। ক্রমবর্ধমান রোগীর সংখ্যা স্বাস্থ্য ব্যবস্থাকে আরও চিন্তার মুখে পড়তে হচ্ছে।

হিউম্যান মেটোপনিউমোভাইরাস (এইচএমপিভি) সংক্রমণের কিছু হালকা উপসর্গ থাকে । যেমন সর্দি-কাশি, জ্বর, গলা ব্যথা। গুরুতর লক্ষণগুলির মধ্যে রয়েছে শ্বাসকষ্ট, ব্রঙ্কাইটিস, নিউমোনিয়া। এইচএমপিভি-এর জন্য কোনও ভ্যাকসিন বা অ্যান্টি-ভাইরাল চিকিৎসার কথা জানানো হয়নি। তবে কিছু সতর্কতা অবলম্বন করলে এই ভাইরাসের উপসর্গ কমানো যায়।

চিকিতকদের পরামর্শ, শরীরকে হাইড্রেট রাখতে বেশি পরিমাণে জল খাওয়া ও পর্যাপ্ত বিশ্রাম নেওয়া প্রয়োজন। প্রয়োজনে জ্বর এবং ব্যথা উপশমকারী ওষুধ ব্যবহার করুন। অবস্থার অবনতি হলে বা শ্বাসকষ্ট দেখা দিলে একজন চিকিৎসকের সঙ্গে পরামর্শ করুন। সাথে আরও পরামর্শ, বাইরে কোথাও গেলে হ্যান্ডওয়াশ ব্যবহার করুন। দূরত্ব বজায় রাখার চেষ্টা করুন।

যাদের সর্দি, কাশি এবং শ্বাসকষ্টের উপসর্গ রয়েছে তাদের থেকে আপনার দূরত্ব বজায় রাখুন।

পাঁচ বছর আগে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের সময় প্রত্যক্ষ করা অপ্রস্তুততার পুনরাবৃত্তি এড়াতে, চিন সরকার অজানা উৎসের নিউমোনিয়ার জন্য একটি পর্যবেক্ষণ ব্যবস্থা চালাচ্ছে। এই সিস্টেমের লক্ষ্য নতুন সংক্রামক আরও ভালোভাবে শনাক্ত করা। সোশাল মিডিয়ায় জনসাধারণের উদ্বেগ দেখে চিন স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) উভয়ই স্পষ্ট করেছে নতুন অতিমারির কোনও প্রমাণ নেই। ডব্লিউএইচইউ বিশ্বব্যাপী স্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করেনি বা এইচএমপিভি সম্পর্কিত নির্দিষ্ট সতর্কতা জারি এখনও করেনি।

# প্রকাশ্য দিবালোকে মহকুমা শাসকের অফিসে ঢুকে কর্মচারীকে প্রাণনাশের হুমকি

## প্রতিবাদে কর্মবিরতি

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৩ জানুয়ারি ।।** গতকাল প্রকাশ্য দিবালোকে কৈলাসহরের মহকুমা শাসকের অফিস চত্বরে ঢুকে সরকারি কর্মচারীদের প্রাননাশের হুমকি দেয় দুস্কৃতিকারীরা। আজ এরই প্রতিবাদে কর্মবিরতিতে সামিল হয়েছেন অফিসের কর্মচারীরা। তাঁদের দাবি, অফিসে নিরাপত্তা প্রদান করতে হবে।কিন্তু কর্মবিরতি চলাকালীন অভিযুক্তরা কর্মচারিদের কাছে ভুল স্বীকার করেছেন এবং ঘটনার মীমাংসা করায় কর্মবিরতি প্রত্যাহার করে নেয় তাঁরা।

উল্লেখ্য, কৈলাসহরের মহকুমা শাসকের অফিস বিল্ডিং দীর্ঘ পুরনো হওয়ার ফলে রাজ্য সরকার সম্প্রতি অফিস বিল্ডিং নতুন নির্মানের সিদ্ধান্ত নেয়। খুব শীঘ্রই নতুন অফিস বিল্ডিংয়ের নির্মানের কাজ শুরু হবে।

এর ফলে মহকুমাশাসকের অফিস আপাতত অস্থায়ী ভাবে কিছুদিনের জন্য অন্যত্র চলে যাবে। নতুন বিল্ডিং নির্মানের পূর্বে পুরনো বিল্ডিং ইতিমধ্যেই ভাংগার কাজ শুরু হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে বিল্ডিং ভাঙ্গার কাজ চলাকালীন হঠাৎ কিছু যুবক হাতে ধারালো দা নিয়ে অফিস চত্বরে প্রবেশ করে। সেসময় কাজ তদারকিতে ছিলেন মহকুমা শাসকের সরকারি কর্মচারী রিক্সানিয়ানা দারলং সহ আরও কয়েকজন কর্মচারীরা। যুবকরা জিজ্ঞেস করেন কার নির্দেশে অফিস বিল্ডিং ভাঙ্গা হচ্ছে। এসব কাজ আমরা করাবো। এই কথা শোনার পর রিক্সানিয়ানা দারলং বলেন যে, আপনারা মহকুমাশাসক প্রদীপ সরকারকে গিয়ে জিজ্ঞেস করলে জানতে পারবেন। এই কথা বলতেই যুবকরা ধারালো দা দেখিয়ে প্রাননাশের হুমকি দেয়। এমনকি সরকারি কর্মচারীদের ঠেলা ধাক্কাও দিয়েছে বলেও অভিযোগ সরকারি কর্মচারীদের।

যদিও গতকাল মহকুমা শাসক প্রদীপ সরকার অফিসে ছিলেন না। কারন মহকুমাশাসক প্রদীপ সরকার ছুটিতে ছিলেন। এই ঘটনায় মহকুমা শাসকের সরকারি কর্মচারীরা ক্ষিপ্ত হয়ে আজ সবাই একসাথে অফিস শুরুর প্রথমার্ধে পেন স্ট্রাইক তথা কর্মবিরতি শুরু করে।

এই কর্মবিরতির ফলে মহকুমাশাসকের অফিসের সব সেকশনের কাজ বন্ধ ছিলো।

এবিষয়ে এক সরকারি কর্মচারী বলেন, এভাবে অফিস চত্বরে এসে প্রাননাশের হুমকি দেওয়ার ফলে তাঁরা নিরাপত্তার অভাব বোধ করছেন। তাই যতক্ষন অব্দি ঘটনার সমাধান হবে না ততক্ষণ অব্দি কর্মবিরতি চালিয়ে যাওয়া হবে বলে জানান

তবে, গতকালের ঘটনার সত্যতা স্বীকার করে সরকারি কর্মচারী রিক্সানিয়ানা দারলং জানান যে, তার সাথেই ধারালো দা নিয়ে যুবকরা প্রথমে ঠেলা ধাক্কা দেয় এবং কথা কাটাকাটি করে। পরবর্তী সময়ে, যুবকরা অফিসের অন্যান্য সরকারি কর্মচারীদের সাথেও কথা কাটাকাটি করে এবং অভব্য আচরণ করে। তাই আজ মহকুমা শাসকের অফিসে কর্মবিরতি ডাক দিয়েছিল। কিন্তু কর্মবিরতি চলাকালীন ঘটনার সাথে জড়িত যুবকরা অফিসে এসে সরকারি কর্মচারিদের কাছে ভুল স্বীকার করেছে এবং ঘটনার মীমাংসা করায় কর্মচারিরা কর্মবিরতি প্রত্যাহার করে নেয় বলে জানান সরকারি কর্মচারী রিক্সানিয়ানা দারলং।

# স্লোগানে নয়, কাজের মাধ্যমে জনজাতিদের বিকাশে কাজ করছে সরকার ঃ রাজীব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি ।।** স্লোগানে নয় কাজের মাধ্যমেই জনজাতিদের বিকাশের লক্ষ্যে কাজ করছে বর্তমান সরকার। শুক্রবার বড়মুড়ায় মহারানী তুলসীবতী ওয়লফেয়ার ট্রাস্টের উদ্যোগে আয়োজিত কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত হয়ে একথা বলেন সাংসদ রাজিব ভট্টাচার্য।

'মহারাণী তুলসীবতী ওয়েলফেয়ার ট্রাস্টে'র উদ্যোগে শুক্রবার বড়মুড়ার হাতাইকতর এলাকায় জনজাতিদের মধ্যে কম্বল বিতরণ এবং ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানে বিজেপি দলের প্রদেশ সভাপতি তথা সাংসদ রাজিব ভট্টাচার্য এবং জনজাতি মোর্চার রাজ্য কমিটির নেতা বিপিন দেববর্মার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।




এদিন জনজাতি পরিবারগুলোর হাতে কম্বল তুলে দেন সাংসদ রাজিব ভট্টাচার্য। পাশাপাশি জনজাতি ছাত্র-ছাত্রীদের হাতে তুলে দেওয়া হয় শিক্ষা সামগ্রী। অনুষ্ঠানকে ঘিরে এলাকার জনজাতিদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

এদিন আলোচনা করতে গিয়ে সাংসদ রাজিব ভট্টাচার্য বলেন স্লোগানে নয় কাজের মাধ্যমে জনজাতিদের বিকাশের লক্ষ্যে কাজ করছে বর্তমান সরকার। পাশাপাশি আগামী দিনেও এইভাবে মানুষের সেবায় বড় মাত্রায় এগিয়ে আসার আহ্বান করেন সাংসদ।

## বাংলাদেশ বর্তমানে জঙ্গি রাষ্ট্রে পরিণত হয়েছে পুষ্পিতা গুপ্ত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি।।** বাংলাদেশ বর্তমানে জঙ্গি রাষ্ট্রে পরিণত হয়েছে। এটা শুধু বাংলাদেশের জন্য বিপদজনক নয়, গোটা দেশের জন্য বিপদজনক। আজ প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে এমনটাই অভিযোগ করেন গ্লোবাল বাংলা হিন্দু এলায়েন্স'র প্রতিনিধি পুষ্পিতা গুপ্ত। তাছাড়া, গ্লোবাল বাংলা হিন্দু এলায়েন্স'র তরফ থেকে জাতিপুঞ্জে ৫ দফা দাবি জানানো হয়েছে।

এদিন প্রতিনিধি পুষ্পিতা গুপ্ত বলেন, বাংলাদেশে গণঅভ্যুত্থানে বর্তমানে ওই দেশে ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি হয়েছে। বর্তমানে বাংলাদেশে অস্থির পরিস্থিতি বিরাজ করছে। প্রতিনিয়ত হিন্দু, চাকমা,সহ জাতি জনজাতিদের উপর বর্বরোচিত আক্রমণ সংঘটিত করা হচ্ছে। বহু পরিবার সদস্যরা ঘর ছাড়া। তাঁরা বাংলাদেশে নিরাপত্তাহীনতায় ভুগছেন। শতাধিক ঘর বাড়িতে আগুন লাগিয়ে দিয়েছে। পাশাপাশি, হিন্দুদের ব্যবসা প্রতিষ্ঠানে লুটপাট চালাছে। বিগত কিছু দিন আগে চিন্ময় প্রভুকে অকারণে গ্রেফতার করা হয়েছে। এখনো পর্যন্ত তাকে জামিন দেওয়া হয়নি।

এদিন তিনি আরও বলেন, বাংলাদেশের অর্নবতী সরকার জনগণের বাক স্বাধীনতা ছিনিয়ে নিয়েছে। সরকারের বিরুদ্ধে কথা বলে গ্রেফতার করা হচ্ছে। বর্তমানে বাংলাদেশ বর্তমানে জঙ্গি রাষ্ট্রে পরিণত হয়েছে। এটা শুধু বাংলাদেশের জন্য বিপদজনক নয়, গোটা দেশের জন্য বিপদজনক। তাই গ্লোবাল বাংলা হিন্দু এলায়েন্স'র ৫ দফা দাবি জানিয়েছে।

এদিন সংগঠনের প্রতিনিধি সুশান্ত দাস বলেন, হিন্দু সহ অন্যান্য সম্প্রদায়কে নিরাপত্তা দিতে জাতিসংঘের শান্তি রক্ষী বাহিনী ☞ ৬ এর পাতায় দেখুন

## আহা কি শীত, কি শীত...



# বাড়িতে হামলা, মারধর, গাড়ি ভাঙচুরের ঘটনায় বিশালগড় নবীনগরে আতঙ্ক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি।।** এক অসহায় পরিবারের উপর আক্রমণ চালায় শাসক দলের নামধারী দুষ্কৃতিকারীরা এমনটাই অভিযোগ উঠেছে। সাথে বাড়িঘর সহ ভাংচুর করা হয়েছে কয়েকটি গাড়ি। তাছাড়া, বেধড়কভাবে পেটানো হয় এক নাবালিকা সহ বাড়ির অন্যান্য মহিলাদের। বিশালগড় নবীনগরে ওই ঘটনায় তীব্র আতঙ্ক ছড়িয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, খোয়ারিয়া এলাকার দেবু শীল, অপু শীল পার্শবর্তী দেলোয়ার হোসেনের বাড়িতে ওই তাণ্ডব চালিয়েছে বলে অভিযোগ। শাসক দলের নামধারী এই সন্ত্রাসীদের বক্তব্য এই পরিবারটি এলাকায় থাকতে পারবে না। দেবু শীল এবং অপু শীল দেলোয়ার হোসেনের পরিবারকে হুঁশিয়ারি দিয়েছেন তাদেরকে এই এলাকা ছেড়ে চলে যেতে হবে। অন্যথায় তাদের বাড়িঘর সমস্ত কিছু জ্বালিয়ে দেওয়া হবে। ছোট ছোট শিশুদের নিয়ে গভীর জঙ্গলে বসবাস করতে হয়েছে পরিবারের লোকেদের। বাড়ি যেতে পারছে না পরিবারের কেউই।

এখন অসহায় পরিবারটির কি করবে ভেবে পাচ্ছেন না। এলাকা জুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ছে। দেবু এবং অপুর পরিবারটিকে এলাকা ছাড়া করে জায়গাটিকে দখল করার চেষ্টা করছে বলে অভিযোগ।

এদিকে পাল্টা অভিযোগ উঠেছে আক্রান্ত পরিবারটির বিরুদ্ধে। আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে দেবু শীল ও অপু শীল জানিয়েছেন দীর্ঘ দিন ধরে নেশার বাণিজ্য চালাচ্ছে দেলোয়ার হোসেন। একাধিকবার নেশা বাণিজ্য বন্ধ করার জন্য বলা হয়েছিল তাকে। কিন্তু সে রমরমা নেশার বাণিজ্য চালিয়ে যাচ্ছে। এই বিষয়কে কেন্দ্র করেই মারপিট শুরু হয়েছিল। কিন্তু তাদের পরিবারের সদস্যরা থানায় মিথ্যা মামলা দায়ের করেছেন বলে দাবি করেন তিনি।

# নয় দফা দাবিতে সরব মিড ডে মিল, কুক ও হেল্পারদের ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি।।** ৯ দফা দাবি আদায়ের লক্ষ্যে সরব মিড ডে মিল কুক কাম হেল্পার ওয়েলফেয়ার। এদিন মিছিল করে মুখ্যমন্ত্রীর নিকট ডেপুটেশনে উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে তাঁরা।

কনভেনার বীর কুমার দেববর্মা বলেন, মি ডে মিল কর্মীরা অত্যন্ত গরীব অংশের মানুষ। তাছাড়া, অর্থনৈতিক দিক দিয়ে তারা পিছিয়ে রয়েছেন। মাত্র ২৫০০ টাকার বিনিময়ে তারা কাজ করছেন। রাজ্যে প্রায় ১১ হাজারের অধিক মি ডে মিল কর্মী রয়েছেন। তাই রাজ্য সরকারের নিকট দাবি তাদের বেতন বৃদ্ধি করা হোক।

তাছাড়া, কমিটির তরফ থেকে ৯ দফা দাবি জানানো হচ্ছে। সেগুলো হল, মিড ডে মিল কর্মীদের নূন্যতম বেতন ১৮০০০ টাকা করা, দশ মাসের পরিবর্তে ১২ মাসের পারিশ্রমিক প্রদান করা হোক। তাছাড়া, কর্মীদের বার্ষিক বোনাস দেওয়া, কর্মীদের প্রতিমাসের বেতন প্রদান করা হোক। ☞ ৬ এর পাতায় দেখুন

# দুর্ঘটনায় প্রাণে বাঁচলো একাধিক শ্রমিক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি।।** শীতের সকালে যান দূর্ঘটনায় অল্পেতে রক্ষা পেলেন একাধিক শ্রমিক। আজ সকালে মহারাজগঞ্জ বাজারে নিয়ন্ত্রণ হারিয়ে দুটি গাড়িতে ধাক্কা দেয় পণ্য বোঝাই লরি। সেই জায়গায় দাঁড়িয়ে ছিলেন কয়েকজন শ্রমিক। তারা অল্পতে রক্ষা পান ওই দুর্ঘটনায়।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ ☞ ৬ এর পাতায় দেখুন

# দিন দুপুরে দোকানে চোরের হানা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি।।** দিন দুপুরে দোকানে চোর হানা দিয়েছে। দোকান থেকে একটি মোবাইল ফোন চুরি করে পালিয়ে যায়। ওই ঘটনায় চড়িলাম বাজারে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

ঘটনার বিবরণে দোকান মালিক প্রশান্ত রায় জানিয়েছেন, চড়িলাম গ্রামীণ ব্যাঙ্কের পাশেই তার দোকান রয়েছে। তিনি মোবাইলটি দোকানে রেখে পাশেই ব্যাঙ্কে গিয়েছিলেন। ব্যাঙ্ক থেকে ফিরে এসে ☞ ৬ এর পাতায় দেখুন

# কঙ্কালসার রাস্তা কুম্ভনিদ্রায় কর্তৃপক্ষ

বৈদ্যনাথ ভট্টাচার্য



**আগরতলা, ৩ জানুয়ারি।।** কঙ্কালসার অবস্থা রাস্তার। কর্তৃপক্ষের চরম উদাসীনতা ও দায়িত্বহীনতার কারণে কঙ্কালসার রাস্তা দিয়ে নিত্য দুর্ভোগ ও দুর্দশার মধ্যেই মানুষকে যাতায়াত করতে হচ্ছে। খানাখন্দে ভরা রাস্তার অবস্থা এতটাই বিপজ্জনক হয়েছে যে নিত্য ঘটে চলেছে দুর্ঘটনা।

কুম্ভনিদ্রায় আচ্ছন্ন কর্তৃপক্ষ। কুমারঘাট পূর্ত দপ্তরের নাকের ডগায় অর্থাৎ ঢিলছোঁড়া দূরত্বে অবস্থিত রাস্তার ওই দৈন্যদশার কারনে স্থানীয় জনপ্রতিনিধি এবং সরকারের ভূমিকায় ক্ষুব্ধ সাধারণ মানুষ। প্রত্যন্ত কোনও দুর্গম গ্রাম নয়। খোদ কুমারঘাট পূর্ত দপ্তরের অফিস থেকে দেও মনু নদীর সংযোগস্থল হালাইমোড়া যাবার রাস্তার এই বেহাল এবং শোচনীয় অবস্থা। এই রাস্তার উপরে অসংখ্য ছোট বড় গর্তের সৃষ্টি হয়ে মরণ ফাঁদে পরিণত হয়ে রয়েছে।গত বর্ষার সময়ে বৃষ্টির জল পড়ে গর্তগুলি বড় আকার ধারণ করে রয়েছে। বৃষ্টি হলেই রাস্তায় সৃষ্টি হওয়া গর্তে জল জমে থাকছে। আর রাস্তা দিয়ে গাড়ি চলাচল করার সময় সেই নোংরা জল ছিটকে পড়ছে পথচারীদের শরীরে।এই রাস্তা ধরে প্রতি দিন এলাকার বহু লোকজন যাতায়াত করছে। কিন্তু বেহাল রাস্তা ☞ ৬ এর পাতায় দেখুন

# গাড়ির ধাক্কায় নিহত এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি।।** বক্সনগর সড়কে পথ দুর্ঘটনায় প্রান হারালেন এক ব্যক্তি। স্থানীয়দের অভিমত বেহাল রাস্তার কারণেই ওই দুর্ঘটনাটি ঘটেছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, শুক্রবার সকালে বক্সনগর-সোনামুড়া সড়কের কুলুবাড়ি এলাকায় এক অটো দুর্ঘটনার কবলে পড়ে। তাতে গুরুতর আহত হয়েছেন ফয়জল হক নামে এক পথচারীর। স্থানীয়রা তাকে সোনামুড়া ☞ ৬ এর পাতায় দেখুন

# ২ হাজার গাঁজা গাছ ধ্বংস করল পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি।।** নেশা মুক্ত ত্রিপুরা গঠনে সাফল্য পেয়েছে মনপাথর থানার পুলিশ। উত্তর তাকমা এলাকায় অভিযান চালিয়ে গাঁজা গাছ ধ্বংস করেছে পুলিশ। এদিন প্রায় ২ হাজার গাঁজা গাছ নষ্ট করতে সক্ষম হয়েছে পুলিশ।

মনপাথর ফাঁড়ীর ওসি জয়ন্ত দাস জানিয়েছেন, আজ সকালে গোপন ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা,৪ জানুয়ারি ২০২৫ ইং
১৯ পৌষ শনিবার ১৪৩১ বঙ্গাব্দ

# সুবিচার নিশ্চিত করুন বাংলাদেশকে কড়া বার্তা ভারতের

সুবিচার নিশ্চিত করিতে বাংলাদেশ সরকারকে আবারো কড়া বার্তা দিল ভারত। চিনময় প্রভুকে গ্রেফতারের ঘটনাকে কেন্দ্র করিয়া ভারত ও বাংলাদেশের মধ্যে টানাপোড়েন চরম আকার ধারণ করিতে শুরু করিয়াছে। ইহার ভবিষ্যৎ পরিণতি আরো খারাপ আকার ধারণ করিতে পারে। কারণ বাংলাদেশ সরকার তাহাদের অবস্থানে অনড় রহিয়াছে। স্বাভাবিক কারণেই বাংলাদেশে অবস্থানরত হিন্দু সম্প্রদায় এবং প্রতিবেশী রাষ্ট্র ভারতের হিন্দু সম্প্রদায়ের মধ্যে প্রতিক্রিয়া ক্রমশ বাড়িতে এসে। এমনকি ভারত সরকারও এই স্পর্শকাতর ইস্যুতে নিজেদের অবস্থান পরিষ্কার করিয়াছে। সেই কারণেই আবারও চিন্ময়কৃষ্ণ দাস ইস্যুতে বাংলাদেশকে কড়া বার্তা দিল ভারত। আবারো চট্টগ্রাম আদালতের বিচারক চিন্ময়কৃষ্ণের জামিন খারিজ করে দেয়। শুক্রবার এর প্রতিক্রিয়ায় বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানাইয়া দেন, বাংলাদেশে সাধু চিন্ময়কৃষ্ণ দাস সহ সমস্ত হিন্দু যেন স্বচ্ছ বিচার পান তাহা নিশ্চিত করিতে হইবে তদারকি সরকারকে। গত বছর ২৫ নভেম্বর গ্রেপ্তার করা হয় সনাতনী আন্দোলনের নেতা চিন্ময়কৃষ্ণ দাসকে। বাংলাদেশে শেখ হাসিনা সরকারের পতনের পর সংখ্যালঘুদের উপর বেলাগাম হামলার প্রতিবাদ আন্দোলনে নেতৃত্বের ভূমিকায় ছিলেন চিন্ময়কৃষ্ণ।তারপরই তাঁহাকে বাংলাদেশের জাতীয় পতাকার অসম্মানের অভিযোগে গ্রেপ্তার করা হয়। তাঁহার বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ সহ আরও বেশ কয়েকটি মামলা দেওয়া হইয়াছে। শুধু তাই নয়,চিন্ময়কৃষ্ণের সঙ্গে দেখা করিতে যাওয়ায় ইস্কনের আরও দুই সাধুকেও গ্রেপ্তার করা

হইয়াছে।এর আগেও জামিন খারিজ হইয়াছে চিন্ময়কৃষ্ণের। এমনকি, আগের শুনানিতে সওয়াল পর্যন্ত করিতে দেওয়া হয়নি আইনজীবীকে। ফলে বাংলাদেশের বিচারপ্রক্রিয়া নিয়াই প্রশ্ন উঠিঢ়াছে। বুধবার রাতে ঢাকা থেকে বাংলাদেশ সুপ্রিম কোর্টের বারোজন আইনজীবী চিন্ময়কৃষ্ণের হইয়া জামিনের সওয়াল করিতে চট্টগ্রাম আদালতে যান। তাঁহারা জোরালো ভাবে জানান, চিন্ময়কৃষ্ণ একজন সাধু। তিনি জেলে থাকাকালীন একাধিকবার অসুস্থ হইয়া পড়িয়াছেন। তিনি কোনও দাগি আসামী নন। তাঁহাকে অবিলম্বে জামিন দেওয়া হোক। যদিও সরকারপক্ষের আইনজীবীরা জানান, চিন্ময়কৃষ্ণের নামে দেশদ্রোহিতা ছাড়াও একাধিক মামলা রহিয়াছে। তাঁহাকে জামিন দিলে তদন্ত বাধাপ্রাপ্ত হইতে পারে। অন্যদিকে চিন্ময়ের বিরুদ্ধে আরও একটি নতুন মামলা দিয়াছে পুলিশ। গত ২৭ নভেম্বর চট্টগ্রাম আদালত চত্বরে খুন হন তরুণ আইনজীবী শাইফুল ইসলাম। তাঁহাকে চিন্ময়কৃষ্ণের অনুগামীরা ধারালো অস্ত্র দিয়া কুপাইয়া খুন করিয়াছে বলিয়া এফআইআরে অভিযোগ দায়ের করিয়াছে পুলিশ।

উদ্ভূত পরিস্থিতিতে মুক্তি পাইলেন না বাংলাদেশের জেলবন্দি সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাস । বৃহস্পতিবার চট্টগ্রামের আদালতে তাঁহার জামিন মামলার শুনানি ছিল। কিন্তু এদিনও তাঁহার জামিনের আবেদন খারিজ করিয়া দিলেন চট্টগ্রামের মহানগর দায়রা জজ আদালতের বিচারক।এদিন প্রায় আধ ঘন্টা ধরিয়া শুনানি চলে। রাষ্ট্রপক্ষের আইনজীবীর তরফে জামিনের বিরোধিতা করা হয়। তারপরই বিচারক খারিজ করিয়া দেন চিন্ময় কৃষ্ণের জামিনের আবেদন। বিচারক জানান, রাষ্ট্রদ্রোহের অভিযোগে গ্রেপ্তার হইয়াছিলেন চিন্ময় কৃষ্ণ। সেই অপরাধ প্রমাণিত হইলে তাঁহার যাবজ্জীবন কারাদণ্ডের সাজা পর্যন্ত হইতে পারে। তাই জামিন দেওয়া সম্ভব নয়।

চিন্ময় কৃষ্ণের প্রথম আইনজীবী শুভাশিস শর্মা গ্রেপ্তারি এড়াইতে আত্মগোপন করিয়াছেন আগেই। তাঁহার বিরুদ্ধে বিস্ফোরক ও খুনের মামলা করিয়াছে পুলিশ। আর দ্বিতীয় আইনজীবী রবীন্দ্র ঘোষ বুকে ব্যথা নিয়া কলকাতার এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন। এই পরিস্থিতিতে বৃহস্পতিবার অপূর্ব কুমার ভট্টাচার্য্যের নেতৃত্বে বাংলাদেশ সুপ্রিম কোর্টের ১১ আইনজীবীর একটি দল চিন্ময় কৃষ্ণের হইয়া জামিনের সওয়াল করিতে গিয়াছিলেন। তাঁহারা আদালতকে জানান, ষড়যন্ত্রমূলকভাবে চিন্ময় কৃষ্ণকে মামলায় জড়ানো হইয়াছে। তিনি সম্পূর্ণ নির্দোষ। কিন্তু সেই দাবি মানিল না আদালত। এদিন শুনানি শেষে আইনজীবী অপূর্ব কুমার ভট্টাচার্য্য বলেন, 'নিম্ন আদালতে জামিনের আবেদন নামঞ্জুর হওয়ায় হাইকোর্টে আবেদন করা হইবে।'

রাষ্ট্রদ্রোহের অভিযোগে গত ২৫ নভেম্বর ঢাকা বিমানবন্দর থেকে গ্রেপ্তার হন চিন্ময় কৃষ্ণ দাস। এরপর চট্টগ্রাম আদালতে তাঁহাকে পেশ করিয়া জেলবন্দি করা হয়। বিগত দেড় মাস ধরিয়া জেলেই বন্দি তিনি। গত ৩ ডিসেম্বর আদালতে শুনানি থাকিলেও জামাত সহ কট্টরপন্থী ইসলামি সংগঠনগুলির হুমকির জেরে চিন্ময় কৃষ্ণের পক্ষে কোনও আইনজীবী সওয়াল করিতে হাজির হইতে পারেননি। ১২ ডিসেম্বরও তাঁহার জামিনের আবেদন খারিজ হইয়াছিল। ফলে জামিনের মামলাটি এক মাস পিছিয়ে দেওয়া হয়।

## উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদান আমাদের অগ্রাধিকার: ব্রজেশ পাঠক

লখনউ, ৩ জানুয়ারি (হি.স.): উন্নত স্বাস্থ্য পরিষেবা দেওয়া উত্তর প্রদেশ সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। জোর দিয়ে বললেন উত্তর প্রদেশের উপমুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক। তিনি বলেন, উন্নত মানের স্বাস্থ্য পরিষেবা প্রদান করা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। স্বাস্থ্যক্ষেত্রে উত্তর প্রদেশের পদক্ষেপগুলি বিশ্ব মঞ্চে ছাপ রাখছে বলেও জানান তিনি।

তিনি বলেন, সঞ্জয় গান্ধী ইনস্টিটিউট অফ পোস্টগ্রাজুয়েট মেডিকেল সায়েন্সেস সম্প্রতি ন্যাক (ন্যাশনাল অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাক্রিডিটেশন কাউন্সিল)-এর এ্ গ্রেড পেয়েছে। এটা আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্টার ফল। ব্রজেশ পাঠক এই কৃতিত্বের জন্য প্রতিষ্ঠানের সকল চিকিৎসক ও কর্মীদের আন্তরিক অভিনন্দন জানান।

## বাস ও লরির সংঘর্ষে ঝাড়খণ্ডে নিহত এক, আহত ১৫ জন

পালামু, ৩ জানুয়ারি (হি.স.) : শুক্রবার সকালে এক ভয়াবহ পথ দুর্ঘটনায় এক জনের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে ঝাড়খণ্ডের সাতবারওয়া থানার অন্তর্গত কাসিয়াদিহ বাকোরিয়ার কাছে ডাল্টনগঞ্জ-রাঁচি প্রধান সড়কে। জানা গেছে, একটি দ্রুতগামী বাস একটি লরিকে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় এক জনের। এছাড়াও আহত হয়েছেন ১৫ জন। তাঁদের মধ্যে ৭ জনের অবস্থা আশঙ্কাজনক। জানা গেছে, বাসটি ডাল্টনগঞ্জ থেকে রাঁচির দিকে যাচ্ছিল। কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় এই ঘটনা ঘটেছে বলে সন্দেহ করা হচ্ছে। আহতদের স্থানীয় হাসপাতালে পাঠানো হয়েছে। ৭ জনের অবস্থা আশঙ্কাজনক।নিহতের পরিচয় পাওয়া যায়নি। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## সাবিত্রী বাই ফুলের জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি মোহন যাদবের

ভোপাল, ৩ জানুয়ারি (হি.স.): শুক্রবার সমাজ সংস্কারক সাবিত্রীবাই ফুলের জন্মজয়ন্তী। সাবিত্রীবাই ফুলের জন্মবার্ষিকীতে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী বলেন, আমি ভারতের প্রথম মহিলা শিক্ষক এবং সমাজকর্মী, শ্রদ্ধেয় সাবিত্রীবাই ফুলে জিকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানাই।

# প্লাস্টিকের ব্যাপক ব্যবহার পরিবেশ দূষণ সহ সভ্যতার চাকাকে পিছনে ঠেলে দিচ্ছে

বরুণ দাস

বাজার থেকে মুদিদোকান, অভিজাত শপিংমল থেকে রেস্টুরেন্ট সর্বত্রই ছড়িয়ে পড়েছে পাতলা পলিথিন ও প্লাস্টিকের ক্যারিব্যাগ। এগুলি "ইউজ অ্যান্ড থ্রো" অর্থাৎ কাজ ফুরিয়ে গেলেই ফেলে দেওয়া হয়। পাঁচ টাকার কাঁচালঙ্কা থেকে রেস্টুরেন্টের দামি খাবার সবক্ষেত্রেই ব্যবহৃত হচ্ছে ক্যারিব্যাগ ও প্লাস্টিকের কন্টেনার। যাবতীয় মশলাপাতি থেকে চাল-ডাল-তেল নুন-অপেক্ষাকৃত মোটা প্লাস্টিকের প্যাকেট বন্দি। কম পরিমানের শ্যাম্পু থেকে ক্রিম- প্লাস্টিকের পাউচ। নানা কোম্পানির চিপস থেকে যাবতীয় ফাস্টফুড প্লাস্টিকের প্যাকেট-বন্দি। পাড়ার সাইনবোর্ডহীন মুদিদোকানেও কাগজের ঠোঙা ব্যবহার প্রায় উঠেই গেছে। হালকা পলি-প্যাকই এখন সবার ভরসা। ঠান্ডা পানীয়ের বোতল এখন আর কাচের বোতলে নয়, প্লাস্টিকের বোতলে বিক্রি হচ্ছে। ফরেন লিকার (বিলেতি মদ) থেকে কান্টি লিকার-তাও প্লাস্টিকের বোতল এবং প্লাস্টিকের প্যাকেটে বিক্রি হয়। এছাড়া মিনারেল। ওয়াটার বা জলের বোতল তো আছেই। ইদানিং বাস-ট্রেনের মধ্যে ঢালাও বিক্রি হওয়া হাফ লিটার ও এক লিটারের জলের প্লাস্টিকের বোতল তো আছেই। চায়ের দোকানেও এখন প্লাস্টিকের কাপ।

এখানেই শেষ নয়। প্রাস্টিক-পলিপ্যাক ব্যবহারের তালিকায় আরও অনেক কিছু "আছে। এই "অনেক কিছু" আপনাকে কষ্ট করে খুঁজে বেড়াতে হবে না। যেদিকেই তাকাবেন-সেদিকেই প্লাস্টিক আর পলিপ্যাকের ব্যবহার আপনার নজরে আসবেই। এখন বাসে-ট্রেনে হকাররাও পাঁচ-দশ টাকার মশলামুড়ি কিংবা কাঁচা বা সিদ্ধছোলা বিক্রি করছেন পলিথিনের ছোটো বড়ো সাদা প্যাকেটে। সঙ্গে প্লাস্টিকের চামচও। এমন কি, ফুচকা খেতে গেলেও এখন আর শালপাতার বাটি নয়, এক ধরনের ছোট্ট থার্মোকল জাতীয় জিনিসের বাটি ব্যবহার করছেন।

অধিকাংশ অনুষ্ঠান-বাড়িতেও ওই ধরনের (ইউজ অ্যান্ড থ্রো) থালা-বাটি- গেলাস ব্যবহার করা হচ্ছে। শালপাতা কিংবা কলাপাতার ব্যবহার অনেক আগেই উঠে গেছে। এমন কি, ফাইবারের বহু ব্যবহৃত থালা-বাটিও (আন ব্রেকেবল) এখন আর কেউ ব্যবহার করতে মোটেই ইচ্ছুক নন। খাবার পরে ধোওয়ার ঝামেলা থাকে। তাঁর জন্য বাড়তি কর্মী প্রয়োজন। ইউজ অ্যান্ড থ্রো-র জিনিসের ক্ষেত্রে সে ঝামেলা নেই। ফলে ছোটো-বড়ো সব ধরনের ক্যাটারারদের পছন্দের তালিকায় অগ্রাধিকার পায় থার্মোকল জাতীয় জিনিসের থালা-বাটি-গেলাস।

বাড়ির একান্ত ঘরোয়া কাজেও যেখানে অতিরিক্ত দু-চারজন ঘনিষ্ঠ আত্মীয়- পরিজন এলেও থামেকিল জাতীয় জিনিসের থালা-বাটি-গেলাস ব্যবহার করছেন শহর ও শহরতলির গৃহস্থরা। শনি-সত্যনারায়ণ পুজোর সিন্নি থেকে যেকোনও পুজোর ফলপ্রসাদ (কিংবা খিচুড়ি) বিতরণের ক্ষেত্রেও ওই থার্মোকল জাতীয় জিনিসের থালা-বাটি-গেলাস ব্যবহার করা হয়। অন-লাইনে খাবার আনা হলেও তা প্লাস্টিকের কন্টেনারেই আসছে। মিস্টির দোকানে দই-রসগোল্লা রাবড়ি- লেডিকিনি-ছানার পায়েস পোলাওর মতো জিনিসও প্লাস্টিকের কন্টেনারে বিক্রি হচ্ছে।

এ যেন "কানু বিনে গীত নেই-এর মতোই আজ প্লাস্টিক আর পলিপ্যাক ছাড়া গীত (কথান্তরে পড়ুন গতি) নেই। আপনার চারদিকে শুধুই প্লাস্টিক, পলিপ্যাক আর থার্মোকলের বেজায় ছড়াছড়ি। বোতল-বন্দি ওষুধের ক্ষেত্রেও প্রায় একইকথা বলা যায়। কাচের শিশি বা বোতল প্রায় উঠেই গেছে। কাচের জায়গার দখল নিয়েছে প্লাস্টিকের শিশি বা কন্টেনার। হোমিওপ্যাথি ওষুধের ক্ষেত্রেও প্লাস্টিকের শিশি বা কন্টেনার ব্যবহৃত হচ্ছে। আগেকার ছোট্ট ছোট্ট কাচের শিশি- বোতল আর দেখা যায়না। লিকুইড বা গ্লোবেলস এখন প্লাস্টিকের শিশি বা কন্টেনারে বন্দি। ইলেকট্রিকের দ্রব্যাদি তথা মিটারবক্স থেকে সুইচবোর্ড, লেড টিউবলাইট থেকে অন্যান্য প্রয়োজনীয় বৈদ্যুতিক সাজ সরঞ্জাম সর্বত্রই প্লাস্টিক আর ফাইবারের রমরমা। স্যানেটারি ন্যাপকিনেও পাতলা প্লাস্টিক ব্যবহার করা হয়। এছাড়া চেয়ার-টেবিল-টুল থেকেবসার জন্য মোড়া জাতীয় নিচু আসবাবপত্র, আলনা থেকে আলমারি- সর্বক্ষেত্রেই আজ প্লাস্টিকের জয়যাত্রা। কিছু কিছু গুরুত্বপূর্ণ পরমানু যন্ত্রাংশ তৈরিতেও প্লাস্টিক ব্যবহার করা হচ্ছে। জলের ট্যাঙ্ক এখন আর ইট-বালি- স্টোনচিপ-সিমেন্টের গাঁথুনি বা ঢালাই নয়, প্লাস্টিক ও ফাইবারে তৈরি হচ্ছে।

গরমের দিনে প্লাস্টিকের ট্যাঙ্কে রাখা জলের তাপমাত্রা ঠিক রাখার জন্য আধুনিক প্রযুক্তিও ব্যবহার হচ্ছে। ফলে প্লাস্টিক কিংবা ফাইবার নির্মিত জলের ট্যাঙ্কের চাহিদা ও ব্যবহার দ্রুত বাড়ছে। এখন আর শুধু ছাদের ওপরের ট্যাঙ্ক নয়, মাটির নিচের ট্যাঙ্কও প্লাস্টিক কিংবা ফাইবারের দেখা যায়। ছোটোদের বইও এখন আর কাগজে নয়, প্লাস্টিকের পাতায় ছাপা হচ্ছে। এককথায় আধুনিক ও উন্নত জীবনযাত্রার সঙ্গে প্লাস্টিক পলিথিন ফাইবার ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। এর থেকে বেরিয়ে আসার কোনও সম্ভাবনা

নেই একথা বলাই বাহুল্য। ইদানিং আবার প্লাস্টিকের চাল, প্লাস্টিকের বাঁধাকপি তৈরির (চিন থেকে এদেশে আসছে এবং কেউ কেউ সরেজমিনে তা প্রমাণ করার চেষ্টাও করছেন) খবরও সমাজমাধ্যমে ভেসে আসছে। তাহলে আর বাকি রইলো কী? জানি না, এর বিশ্বাসযোগ্যতা কতোটা। তবে অবাক হওয়ার বোধহয় দিন শেষ। যে ভাবে প্লাস্টিকের অগ্রগতি আমাদের চোখে ধরা পড়ছে-অবিশ্বাস করার কারণটুকুওসম্ভবতঃ মুছে যাচ্ছে। প্রয়াত ব্যতিক্রমী কথাসাহিত্যিক নারায়ণ সান্যালের একটি গ্রন্থে পড়েছিলাম প্লাস্টিকের খাবার তৈরির চেষ্টা চলছে যাতে খাবারের বিকল্প চাহিদা মেটানো যায়।

সেদিন হয়তো-বা খুব বেশি দূরে নয়। বিশ্বের ক্রমবর্ধমান মানুষের খাদ্যের চাহিদা মেটাতে এছাড়া হয়তো বিকল্প কোনও পথ নেই। কারণ মানুষের বসবাসের জন্য কৃষিজমি ক্রমশঃ কমছে। উচ্চ ফলনের জন্য একই জমিতে ক্রমাগত অতিরিক্ত রাসায়নিক সার ব্যবহারের ফলে জমির উর্বরতা শক্তিও দ্রুত কমছে। ফলে ফসলের ফলনও কমছে। কিন্তু গোটা বিশ্বজুড়ে জনসংখ্যা বৃদ্ধির ফলে খাদ্যের চাহিদা দ্রুত বাড়ছে। অন্যদিকে জমি তো আর বাড়ছে না। তাহলে বিকল্প পথ কী? বিকল্প খাদ্য আবিষ্কার করা। হতে পারে তা প্লাস্টিকের তৈরি। প্লাস্টিকের ব্যবহার যে গতিতে বাড়ছে, তাতে অনায়াসেই বলা যায়, মাছের সঙ্গে জলের যে গভীর সম্পর্ক, রক্তের সঙ্গে মাংসের যে অনিবার্য্য সহাবস্থান, নিঃশ্বাসের সঙ্গে প্রশ্বাসের যে একাত্মতা- প্লাস্টিকের সঙ্গে উন্নত ও সভ্যতার সম্পর্কও যেন ঠিক তেমনি হয়ে উঠেছে। আপনার-আমার কারও হাতেই এখন আর চটের ব্যাগ কিংবা কাপড়ের ব্যাগ দেখা যায় না। সবার হাতেই প্লাস্টিক আর পলিথিনের ব্যাগ। বাজার থেকে চালের বস্তা উধাও। বড়ো প্লাস্টিকের প্যাকেটে বিভিন্ন গোত্রের চাল বিক্রি হচ্ছে। বালি-সিমেন্টের ব্যাগও এখন প্লাস্টিকের। এটাকে যদি "প্লাস্টিকের যুগ" বলা হয় তো কেউ আপত্তি করবেন না আশা করি। আধুনিক জীবন ও যাপনচিত্রের সঙ্গে সম্পৃক্ত হয়ে গেছে পলিথিন, প্লাস্টিক আর থার্মোকল জাতীয় জিনিস। সঙ্গে কিছুটা ফাইবারও। কাঠ, কাচ, কাঁসা, পিতল, তামা, এনামেল কিংবা অ্যালুমিনিয়ামকে দু"পায়ে মাড়িয়ে এক দানবিক গতিতে এগিয়ে চলেছে প্লাস্টিক পলিখিন আর ফাইবার। এতে আমাদের হয়তো সাময়িক সুবিধে হয়েছে। ব্যাগ বহনের ঝামেলা নেই। খালি হাতে দোকান কিংবা বাজার যাচ্ছি আর পলিথিন-প্লাস্টিকের ব্যাগে প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে বাড়ি ফিরছি। জিনিসপত্র ঢেলে রেখে পলিথিন- প্লাস্টিকের ব্যাগ ফেলে দিচ্ছি নিকটস্থ ভ্যাটে। কাছাকাছি ভ্যাট না থাকলে বাড়ির সামনের খোলা ড্রেনে। কেউ-বা ছুঁড়ে দিচ্ছি সামনের রাস্তায়। কেউ-বা জমিয়ে রেখে একবারে ফেলে দিচ্ছেন কাছাকাছি কোনও ফাঁকা জায়গায়। আপনার দেখাদেখি অন্য আরও অনেকে একই কাজ করছেন। এভাবেই প্রতিদিন জমে উঠছে পলিথিন- প্লাস্টিকের ব্যাগের পাহাড়। নিয়মিত ভ্যাট পরিষ্কার না হওয়ায় কুকুরে টেনে এনে রাস্তায় ফেলছে। ওইসব পলিথিন-প্লাস্টিকের ব্যাগে অনেক সময় সবজি বা মাছ-মাংসের বর্জ্যঅংশও থাকছে। থাকছে পচা খাবার-দাবার সহ অন্যান্য অব্যবহৃত জিনিসও। রাস্তা নোংরা হচ্ছে। "ইউজ অ্যান্ড থ্রো" পদ্ধতির কল্যাণে ড্রেন ভরে যাচ্ছে পলিথিন-প্লাস্টিকের ছোটোবড়ো ব্যাগে। ড্রেনেজ সিস্টেম ধাক্কা খাচ্ছে। নিকাশি ব্যবস্থায় আঘাত হানছে। সামান্য বৃস্টিতেই বাড়ির সামনের ড্রেন উপচে পড়ছে নোংরা জলে। রাস্তায় জমে যাচ্ছে ড্রেনের নোংরা জল। সঙ্গে পলিথিন- প্লাস্টিকের নোংরা-ভরা প্যাকেট। এমন কি, রাস্তা পেরিয়ে সে নোংরা জল বাড়ির উঠোনেও প্রবেশ করছে। বাড়ির বাইরে পা বাড়ালেই ওই নোংরা জল আপনার- আমার পা ভিজিয়ে দিচ্ছে। এটা কোনও কাল্পনিক চিত্র নয়। নয় মনগড়া আখ্যান। এই সময়ের বাস্তব চালচিত্র। যে চালচিত্রের নিত্যসাক্ষী আমি-আপনি সবাই। আপনার আমার বাড়ির সামনের রাস্তা কিংবা ড্রেনে, আশপাশের ফাঁকা জায়গায় প্রতিদিন জমে উঠছে বা জমে থাকছে পলিথিন-প্লাস্টিকের ব্যাগ-বোতল কন্টেনার। রেলস্টেশন ও ট্রেনলাইনে জমে উঠছে পলিথিন - প্লাস্টিকেব ব্যাগ-বোতল- কন্টেনারের পাহাড়। ইদানিং স্টেশন চত্বরে নোংরা ফেলার বাস্কেট থাকলেও তা ব্যবহার করেন না অধিকাংশ মানুষ। ছোটবড়োও সবাই ব্যবহারের পরই তা ছুঁড়ে ফেলে দেন রেললাইনে। যেখানেই একটু ফাঁকা জায়গা-সেখানেই পলিথিন-প্লাস্টিকের বিশাল স্তুপ। পাড়ার ড্রেন থেকে পাড়ার রাস্তা, সাধারণ বা জাতীয় সড়কপথের দু"পাশে, ট্রেনলাইন সহ তার দু"পাশের ফাঁকা জমিতেও পলিথিন- প্লাস্টিকের ব্যাগ-বোতল-কন্টেনার। আশপাশের পুকুর বা জলাশয়ের মধ্যেও ভাসছে পলিথিন -প্লাস্টিকের স্তূপ। পুকুর বা জলাশয়ের জলটুকু পর্যন্ত দেখা যায়না ভাসমান পলিথিন-প্লাস্টিকের হরেকরকম জিনিসের ঘন উপস্থিতিতে। আমাদের চারদিকে আজ পরিবেশের পক্ষে চূড়ান্ত ক্ষতিকারক পলিথিন-প্লাস্টিকের- থার্মোকলের পাহাড় মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। সব এলাকায় আবর্জনা নিতে পুরসভার গাড়ি আসেনা। যেখানে আসে, সেখনেও "গাড়ি ভর্তি হয়ে গেছে" বলে হুস করে চলে যায় পৌরসভার আবর্জনা-ভর্তি গাড়ি। ফলে সেদিনের জমে থাকা পলিথিন-প্লাস্টিকের ব্যাগে ভরা বর্জ্য- আবর্জনা এদিক-ওদিকে ফেলে দেন অনেকেই। অনেক সময় পচা দ্রব্য বা আবর্জনার গন্ধে ঘরে রাখাও যায় না। কারণ পরের দিন আবর্জনা নিতে পুরসভার গাড়ি আসবেই-তেমন কোনও নিশ্চয়তা নেই। মর্জি মাফিক তাঁরা আসেন। সময়-জ্ঞানও তাদের কম। কোনওদিন খুব সকালে আসেন তো কোনওদিন আবার বেশ বেলায়। অনেকে আবার পুরসভার গাড়ি এলেও তাতে দেন না; বিশেষ করে যেদিন খুব সকালের দিকে পুরসভার গাড়ি আসে। পরে ইচ্ছেমতো অন্যত্র অর্থাৎ বাড়ির আশপাশের কোনও ফাঁকা জায়গায় ফেলে আসেন। এভাবেই আমাদের বাড়ির আশপাশে জমে ওঠে পলিথিন-প্লাস্টিকের ব্যাগে ভরা যাবতীয় বর্জ্য-আবর্জনা। আমাদের অলসতা, আমাদের অসচেতনতা, পরিবেশ সম্বন্ধে আমাদের উদাসিনতাই এজন্য অনেকটাই দায়ী একথা কোনওভাবেই অস্বীকার করা যায় না। আমরা কিছুটা সচেতন হলে পুরোটা না হলেও অন্ততঃ কিছুটা বিপদ তো এড়ানো যায় সহজেই। কিন্তু সেকথা মানছেন কে? প্লাস্টিক ব্যবহারের বিরুদ্ধে পুর-প্রচার সত্বেও আমরা তা বর্জনের দিকে যাচ্ছি কী?

**(সৌজন্যে দৈ: স্টেটসম্যান)**

# বিশ্বে জল-স্থল-আকাশে ভয়াবহ যত দুর্ঘটনা

ফাহমিদা আক্তার

২০২৪ সালে বেশ কয়েকটি বড় বড় উড়োজাহাজ, নৌকা, ট্রেন ও গাড়ি দুর্ঘটনা ঘটেছে। এর কোনো কোনোটি ছিল অনেক বেশি প্রাণঘাতী। ২০২৪ সালের শুরুতেই বিশ্বে বড় ধরনের উড়োজাহাজ বিধ্বস্ত হওয়ার ঘটনা ঘটেছে। একেবারে শেষ ভাগে এসে বছরের সবচেয়ে প্রাণঘাতী উড়োজাহাজ বিধ্বস্ত হওয়ার ঘটনাটি ঘটেছে। শুরুতেই বিদায়ী বছরের কয়েকটি উল্লেখযোগ্য উড়োজাহাজ বিধ্বস্ত হওয়ার ঘটনার দিকে ফিরে দেখা যাক।

**জাপান এয়ারলাইনস**-ঃ ২০২৪ সালের জানুয়ারিতে জাপান এয়ারলাইনসের ফ্লাইট ৫১৬ উড়োজাহাজের সঙ্গে জাপানি কোস্ট গার্ডের একটি উড়োজাহাজের সংঘর্ষ হয়। অবতরণের সময় টোকিও বিমানবন্দরের রানওয়েতে এ ঘটনা ঘটে। এ ঘটনায় পাঁচজন নিহত হন। তবে জাপান এয়ারলাইনসের উড়োজাহজটির ৩৭৯ যাত্রী ও ক্রু সদস্য প্রাণে বেঁচে যান। একই মাসে আলাস্কা এয়ারলাইনসের পরিচালনাধীন একটি বোয়িং ৭৩৭ ম্যাক্স ৯ উড়োজাহাজ অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির মুখোমুখি হয়েছিল। উড়োজাহাজটি ১৭১ জন যাত্রী ও ৬ জন ক্রু নিয়ে ওরেগন থেকে ক্যালিফোর্নিয়ার দিকে যাচ্ছিল। মাঝ আকাশে এর একটি অংশ (ডোর প্লাগ) ভেঙে পড়লে উড়োজাহাজটি জরুরি অবতরণ করে। তবে এ ঘটনায় কেউ নিহত হননি।

**রাশিয়ার সামরিক উড়োজাহাজ**-ঃ ২০২৪ সালের জানুয়ারিতে বেলগোরোদের কাছে রাশিয়ার একটি সামরিক উড়োজাহাজ বিধ্বস্ত হয়। ওই উড়োজাহাজে করে ইউক্রেনীয় যুদ্ধবন্দীদের নেওয়া হচ্ছিল। এতে উড়োজাহাজটিতে থাকা ৭৪ আরোহীর সবাই নিহত হন। এর মধ্যে ৬৫ জন ইউক্রেনীয় সেনা এবং ৬ জন ক্রু সদস্য। ঘটনার পর রাশিয়া অভিযোগ করেছিল, ইউক্রেনই ক্ষেপণাস্ত্র ছুড়ে উড়োজাহাজটিকে ভূপাতিত করেছে।

**সিঙ্গাপুর এয়ারলাইনস টারবুলেন্স** -ঃ ২০২৪ সালের মে মাসে সিঙ্গাপুর এয়ারলাইনসের একটি বোয়িং ৭৭৭ উড়োজাহাজকে মাঝ আকাশে প্রতিকূল আবহাওয়ার (টারবুলেন্স) মুখোমুখি হতে হয়েছে। এতে উড়োজাহাজটির যাত্রীরা প্রচণ্ড ঝাঁকুনির কবলে পড়েন। সিঙ্গাপুর এয়ারলাইনসের পাইলটদের যেসব মারাত্মক ধরনের ঝাঁকুনির টারবুলেন্সের শিকার হওয়ার অভিজ্ঞতা আছে, তার একটি এটি। এ ঘটনায় এক ব্যক্তি হার্ট অ্যাটাকে মারা যান। ৪০ জন গুরুতর আহত হন।

**সৌর্য এয়ারলাইনস** ঃ- ২৪ জুলাই ২০২৪। নেপালের রাজধানী কাঠমান্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড্ডয়নের কিছুক্ষণ পরই সৌর্য এয়ারলাইনসের একটি উড়োজাহাজ বিধ্বস্ত হয়। ছোট আকারের এ উড়োজাহাজে ৩ জন ক্রু সদস্যসহ ১৯ জন আরোহী ছিলেন। এর মধ্যে ১৮ জনই নিহত হন। শুধু উড়োজাহাজটির পাইলট প্রাণে বেঁচে যান। তবে গুরুতর আহত ওই পাইলট উদ্ধার হওয়ার আগপর্যন্ত উড়োজাহাজটির অবস্থা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য জানাতে পেরেছিলেন।

**ভোয়েপাস এয়ারলাইনস** -ঃ চলতি বছরের ৯ আগস্ট ব্রাজিলে একটি উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে ৬২ আরোহী নিহত হন। ব্রাজিলের ভোয়েপাস এয়ারলাইনস পরিচালিত এটিআর-৭২ উড়োজাহাজটি ক্যাসক্যাভেল থেকে গুয়ারুলহোসে যাওয়ার সময় সাও পাওলোর ভিনহেদো এলাকার কাছে এটি বিধ্বস্ত হয়। উড়োজাহাজটি বিধ্বস্ত হওয়ার পরপরই এতে আগুন ধরে যায়। আরোহীদের মধ্যে ৫৮ জন ছিলেন যাত্রী এবং ৪ জন ক্রু সদস্য। এ ঘটনায় আরোহীদের সবাই নিহত যান। আরোহীরা আগুনে পুড়ে যাওয়ার কারণে তাঁদের পরিচয় শনাক্ত করার কাজটি কঠিন হয়ে পড়ে।

**আজারবাইজান এয়ারলাইনস**-ঃ বছরের শেষ ভাগে এসে বড় দুটি উড়োজাহাজ বিধ্বস্ত হওয়ার ঘটনা ঘটেছে। এর একটি ঘটেছে গত ২৫ ডিসেম্বর। এদিন মাঝ আকাশে কারিগরি ত্রুটি দেখা দেওয়ার পর আজারবাইজান এয়ারলাইনসের ফ্লাইট ৮৪৩২ কাজাখস্তানের আকতাউ এলাকার কাছে জরুরি অবতরণের সময় বিধ্বস্ত হয়। ফকার ১০০ উড়োজাহাজটিতে ৬৭ জন আরোহী ছিলেন। তাঁদের মধ্যে ৩৭ জন নিহত হন। আহত হন ২৯ জন। পরে তদন্তে জানা যায়, চেচনিয়ায় যাওয়ার পথে রাশিয়ার একটি ক্ষেপণাস্ত্রের আঘাতে উড়োজাহাজটি ভূপাতিত হয়েছে। উড়োজাহাজটি বিধ্বস্ত হওয়ার ঘটনায় ব্যাপক ক্ষোভ তৈরি হয়। একে কেন্দ্র করে সংঘাতপূর্ণ অঞ্চলগুলোর আকাশসীমায় উড়োজাহাজ চলাচল—সংক্রান্ত বিধিনিষেধ জোরদার করার দাবি উঠেছে।

**জেজু এয়ার**-ঃ বছরের সবচেয়ে প্রাণঘাতী উড়োজাহাজ বিধ্বস্তের ঘটনাটি ঘটেছে গত ২৯ ডিসেম্বর। এদিন জেজু এয়ারের পরিচালনাধীন একটি ৭৩৭-৮০০ উড়োজাহাজ ১৭৫ যাত্রী, ৬ ক্রুসহ মোট ১৮১ আরোহী নিয়ে দক্ষিণ কোরিয়ায় বিধ্বস্ত হয়। দুই ক্রু জীবিত উদ্ধার হলেও অন্যরা নিহত হয়েছেন। উড়োজাহাজটির গন্তব্য ছিল ব্যাংকক থেকে দক্ষিণ কোরিয়ার মুয়ান আন্তর্জাতিক বিমানবন্দর। দক্ষিণ কোরিয়ার স্থানীয় সময় সকাল ৯টার কিছু সময় পর উড়োজাহাজটি মুয়ান আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় রানওয়েতে বিধ্বস্ত হয়। দক্ষিণ কোরিয়ায় হওয়া সবচেয়ে প্রাণঘাতী উড়োজাহাজ বিধ্বস্তের ঘটনাগুলোর একটি এটি।

ঠিক কী কারণে উড়োজাহাজটি বিধ্বস্ত হয়েছে, তা এখনো নিশ্চিতভাবে জানা যায়নি। তবে ধারণা করা হচ্ছে, পাখির আঘাতে উড়োজাহাজের ল্যান্ডিং গিয়ার অকার্যকর হয়ে পড়েছিল।

**নৌকাডুবি**-ঃ বিদায়ী বছরে বেশ কয়েকটি বড় নৌকাডুবির ঘটনা ঘটেছে। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে তিউনিসিয়ার উপকূলে ভূমধ্যসাগরে নৌকাডুবিতে ৯ জনের মৃত্যু হয়েছে। ওই নৌকায় প্রায় ৫২ জন অভিবাসনপ্রত্যাশী ছিলেন। তাঁরা ভূমধ্যসাগর হয়ে ইউরোপে যাচ্ছিলেন। সাগরপথে লিবিয়া হয়ে এই ব্যক্তিরা ইউরোপে যাচ্ছিলেন। ১৫ ফেব্রুয়ারি নৌকায় অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনা ঘটে। মৃতদের ৯ জনের মধ্যে ৮ জনই বাংলাদেশি। নিহত অন্যজন পাকিস্তানের নাগরিক। এ বছরের জুনে কঙ্গো প্রজাতন্ত্রে একটি নৌকা ডুবে ৮০ জনের বেশি মানুষের মৃত্যু হয়। মাই-এনডোম্বে প্রদেশের মুশি শহর থেকে প্রায় ৭০ কিলোমিটার দূরের কোয়া নদীতে এ দুর্ঘটনা ঘটে। গত ১ জুলাই মৌরিতানিয়ার এনডিয়াগো শহর থেকে প্রায় চার কিলোমিটার দূরে আটলান্টিক মহাসাগরে মাছ ধরার বড় একটি নৌকা ডুবে যায়। পরে অভিযান চালিয়ে ওই নৌকায় থাকা ৮৯ জনের মরদেহ উদ্ধার করেন দেশটির কোস্টগার্ডের সদস্যরা। মৌরিতানিয়ার স্থানীয় প্রশাসন ও রাষ্ট্রীয় সংবাদ সংস্থা তখন জানিয়েছিল, নৌকার আরোহীরা অবৈধভাবে ইউরোপে যাওয়ার চেষ্টা করছিলেন। বছরের শেষ ভাগে এসে গত ১৯ ডিসেম্বর আরেকটি বড় নৌকাডুবির ঘটনা ঘটেছে। এদিন মরক্কো উপকূলে নৌকা ডুবে কমপক্ষে ৬৯ জনের মৃত্যু হয়েছে বলে জানায় মালি কর্তৃপক্ষ। নৌকার আরোহীদের ২৫ জন মালির নাগরিক। নৌকাটি পশ্চিম আফ্রিকা থেকে স্পেনের ক্যানারি দ্বীপের দিকে যাচ্ছিল। নৌকায় ৮০ জন যাত্রী ছিলেন।

**ট্রেন দুর্ঘটনা**-ঃ ২০২৪ সালের জুনে ভারতের পশ্চিমবঙ্গে যাত্রীবাহী ট্রেন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের সঙ্গে একটি মালবাহী ট্রেনের সংঘর্ষে ১৫ জন নিহত হন। আহত হন আরও বেশ কয়েকজন।

সেপ্টেম্বরে মিসরের কায়রোতে দুটি যাত্রীবাহী ট্রেনের মুখোমুখি সংঘর্ষ হয়। এ ঘটনায় ৩ জন নিহত ও ২৯ জন আহত হন।

অক্টোবরে ওয়েলসে দুটি ট্রেনের সংঘর্ষের ঘটনায় একজন নিহত হন এবং আহত হন ৪ জন।

**সড়ক দুর্ঘটনা**-ঃ ২১ আগস্ট ইরানের মধ্যাঞ্চলীয় প্রদেশ ইয়াজদে একটি বাস উল্টে ২৮ জন নিহত হন। আহত হন ২৩ জন। ইরানের ট্রাফিক পুলিশের প্রাথমিক তদন্তে জানা গেছে, যান্ত্রিক ত্রুটির কারণে এ দুর্ঘটনা ঘটেছে। ওই সময় মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর দৌহিত্র ইমাম হোসেন বিন আলী (রা.)-এর শাহাদাতবার্ষিকীর ৪০তম দিবস উপলক্ষে লাখো শিয়া মুসল্লি ইরাকের কারবালায় জড়ো হচ্ছিলেন। এই বাসে পাকিস্তানিরাও সেখানে যাচ্ছিলেন। ৪ নভেম্বর ভারতের উত্তরাখন্ড রাজ্যে একটি যাত্রীবাহী বাস খাদে পড়ে অন্তত ৩৬ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন অনেকে। উত্তরাখন্ডের আলমোড়া জেলায় একটি পাহাড়ি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ২৪ নভেম্বর ব্রাজিলের আলাগোয়াস রাজ্যে একটি যাত্রীবাহী বাস খাদে পড়ে ২৩ জন নিহত হন। রাজ্যের ইউনিয়াও দোস পালমারেস শহরের কাছে দুর্গম একটি পার্বত্য সড়কে এ দুর্ঘটনা ঘটে। ২১ ডিসেম্বর ব্রাজিলে এক বাস দুর্ঘটনায় অন্তত ৩৮ জন নিহত হয়েছেন। স্থানীয় সময় ভোরে দক্ষিণ-পূর্বাঞ্চলীয় রাজ্য মিনা জেরাইসে মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় পুলিশের ভাষ্যমতে, দেশটির মহাসড়কগুলোয় ২০০৭ সালের পর এত বড় দুর্ঘটনা ঘটেনি। বছরের একেবারে শেষে এসে বিশ্বে ২৯ ডিসেম্বর বড় একটি সড়ক দুর্ঘটনা ঘটেছে। এদিন আফ্রিকার দেশ ইথিওপিয়ায় যাত্রীবোঝাই একটি ট্রাক নদীতে পড়ে অন্তত ৬০ জন নিহত হন। দেশটির রাষ্ট্রায়ত্ত সম্প্রচারমাধ্যম ইবিসি জানিয়েছে, এ সড়ক দুর্ঘটনার শিকার মানুষেরা একটি বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে যাচ্ছিলেন।

***তথ্যসূত্র: ফিন্যান্সিয়াল এক্সপ্রেস, দ্য টেলিগ্রাফ ইন্ডিয়া, এএফপি, আল—জাজিরা, রয়টার্স, সিএনএন***

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



শুক্রবার প্রয়াত কমরেড শংকর সাহার স্মরণ সভা আয়োজিত হয় আগরতলায়।

# চিন্ময় দাস ও শ্যামা প্রসাদের বন্দিদশার তুলনা তথাগতের

কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): চিন্ময় দাস প্রভুর বন্দিদশার সঙ্গে শ্যামা প্রসাদ মুখার্জির বন্দিদশার তুলনা খুঁজলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

শুক্রবার তথাগতবাবু এক্সবার্তায় লিখেছেন, "তুচ্ছ অভিযোগে চিন্ময় দাস প্রভুর বন্দী হওয়াটা ১৯৫৩ সালে শ্রীনগরে শেখ আবদুল্লাহর হাতে ডক্টর শ্যামা প্রসাদ মুখার্জির বন্দী হওয়ার মতোই। আবদুল্লাহ শ্যামা প্রসাদকে ধীরগতির বিষ প্রয়োগ করেছিলেন বলে বিশ্বাস করার কারণ আছে। নিদেনপক্ষে, হেফাজতে থাকাকালীন তাঁর চিকিৎসাকে অপরাধমূলকভাবে অবহেলা করা হয়েছিল। যার ফলে তিনি মারা যান।

তারপর নেহেরু তাঁর মায়ের অনুরোধ সত্ত্বেও তাঁর মৃত্যুর বিষয়ে যে কোনও তদন্ত করাননি। চিন্ময় দাস প্রভুর ক্ষেত্রেও তেমন কিছু ঘটলে বাংলাদেশকে মূল্য দিতে হবে।

কিন্তু ভারতে আমরা মুসলমানদের পক্ষ নিই। সুতরাং ভারতে হোক বা বাংলাদেশে, মুসলমানরা উভয় জগতের সেরাটি পায় যখন হিন্দুরা দুভাবেই ছোট হয়। কারণ মোহনদাস গান্ধী এবং 'চেলা' নেহেরু এরকম নির্দেশ করেছিলেন। আর মনমোহন সিং সেটাই পুনর্ব্যক্ত করেছেন। এখন, এটা কি ন্যায়বিচার?

## টেম্পো ও ট্রেলারের সংঘর্ষে রাজস্থানে নিহত ৫, আহত ৯

উদয়পুর, ৩ জানুয়ারি (হি.স.): শুক্রবার দুপুর সাড়ে ১২টা নাগাদ এক ভয়াবহ পথ দুর্ঘটনায় ৫ জনের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে রাজস্থানের উদয়পুর জেলার গোগুন্ডা-পিন্ডওয়ারা জাতীয় সড়কে। জানা যায়, ট্রেলারের ব্রেক ফেল হয়ে যাওয়ার ফলে দ্রুতগতিতে আসা যাত্রীবোঝাই টেম্পোতে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় ৫ জনের। এছাড়াও আহত হয়েছেন ৯ জন। তাঁদের মধ্যে ৮ জনের অবস্থা আশঙ্কাজনক।

এক পুলিশ আধিকারিক জানান, টেম্পোটি সম্পূর্ণ দুমড়ে-মুচড়ে যায়। দুর্ঘটনার পর ঘটনাস্থলে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ ও অ্যাম্বুলেন্স আহতদের স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। তদন্ত শুরু করেছে পুলিশ।

## নটিয়াখালকে সৌন্দর্য্যায়ানের জন্য ডিপিআর প্রস্তুত করার আহ্বান

শ্রীভূমি (অসম) ৩ জানুয়ারি (হি.স.) : শ্রীভূমির পৌরপতি এক বিজ্ঞপ্তি যোগে জানিয়েছেন যে শ্রীভূমি পৌরসভা থেকে শ্রীভূমি শহরের নটিয়াখালকে সৌন্দর্য্যায়ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে ওই সৌন্দর্য্যায়নের কাজের ডিটেইল প্রজেক্ট রিপোর্ট বা ডিপিআর প্রস্তুত করার জন্য ইচ্ছুক কনসালট্যান্টদের পৌর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে পৌরপতি আহ্বান জানিয়েছেন। এতে রবীন্দ্র চন্দ্র দেব, সভাপতি, শ্রীভূমি পৌরসভা ফোন- ৯১০১৪০৮৬০৬; সুখেন্দু দাস, সহ-সভাপতি শ্রীভূমি পৌরসভা ফোন- ৯৪৩৫০৭৬০১৫ এবং প্রীতম শর্মা, কার্য্যবাহী আধিকারিক শ্রীভূমি পৌরসভা ফোন- ৭৮৯৬৮৫৪৮৮২। এই ফোন নম্বরগুলিতে ইচ্ছুক কনসালট্যান্টদের যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়েছে।

## এরালিগুল ফায়ারিং রেঞ্জে গুলি চালনার মহড়া

শ্রীভূমি (অসম) ৩ জানুয়ারি (হি.স.) : শ্রীভূমির অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এক আদেশে জানিয়েছেন, এরালিগুলস্থিত ১৫তম এপি ব্যাটেলিয়ান ফায়ারিং রেঞ্জে ৩ ও ৪ জানুয়ারি বার্ষিক গুলি চালনার অভ্যাস চলছে। এই গুলি চালনার অভ্যাসের সময় যাতে কোন ধরণের অবাঞ্ছিত দুর্ঘটনা না ঘটে তার জন্য ফায়ারিং রেঞ্জ সংলগ্ন এলাকার জনগণকে সাবধানতা অবলম্বন করে চলাচল করতে শ্রীভূমি জেলা প্রশাসন থেকে সতর্ক করা হয়েছে।

## দেউচা পাঁচামি নিয়ে অকুস্থলে আশ্বাস মুখ্যসচিবের

বীরভূম, ৩ জানুয়ারি (হি.স.): "যত কম মানুষকে উচ্ছেদ করে দেউচা পাঁচামির কয়লা তোলা যায়, তার ব্যবস্থা হবে। প্রথম পর্যায়ে খোলামুখ খনি হলেও একই সঙ্গে ভূগর্ভে কাজও চলবে। এ মাসের শেষেই শুরু হবে খোলামুখ খনির কাজ। পাশাপাশি জমিহারাদের চাকরি দেওয়ার বিষয়টি নিয়েও যথাযথ অগ্রগতি হচ্ছে।"

শুক্রবার প্রশাসনিক বৈঠকের পর সাংবাদিক বৈঠকে মুখ্যসচিব মনোজ পন্থ এ কথা জানান। এ দিন মহম্মদ বাজারের পঞ্চায়েত দফতরের অফিসে দেউচা পাঁচামি নিয়ে উচ্চ পর্যায়ের বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, জেলাশাসক বিধান রায়, এডিজি (পশ্চিমাঞ্চল) অশোক প্রসাদ, ডিআইজি (বর্ধমান রেঞ্জ) শ্যাম সিংহ, জেলার পুলিশ সুপার রাজনারায়ণ মুখোপাধ্যায়।

জমি অধিগ্রহণ প্রক্রিয়া নিয়ে বৃহস্পতিবার প্রশাসনিক বৈঠকে উষ্মা প্রকাশ করেছিলেন মুখ্যমন্ত্রী। মমতা বলেন, 'দেউচা পাঁচামির জন্য জমি নিলে খাপছাড়া করে কেন নেওয়া হচ্ছে? উৎপাদন শুরুর আগে যাঁরা বঞ্চিত হয়েছেন দেখে নাও।'

কয়লাখনি প্রকল্পের জন্য জমির সঠিক মূল্য ও চাকরির প্রতিশ্রুতি পূরণ হয়নি বলে ইতিমধ্যে অভিযোগ তুলেছে স্থানীয় বাসিন্দাদের একাংশ। আন্দোলন চালিয়ে যাচ্ছেন তাঁরা। বিষয়টি নিয়ে এ দিনের বৈঠকে আলোচনা হয়েছে বলে জানান মুখ্যসচিব। স্থানীয় আদিবাসীদের সঙ্গে প্রশাসনিক স্তরে আলোচনা করা হচ্ছে বলেও জানানো হয়।

প্রসঙ্গত, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম কয়লাখনি হতে চলেছে দেউচা পাঁচামি। কয়লাখনি প্রকল্পের জন্য মোট প্রতি ৩৪০০ একর জমি নেওয়ার কথা জানিয়েছিল রাজ্য সরকার। ২০২১ সালেই এই প্রকল্পের জন্য ক্ষতিপূরণ ও পুনর্বাসনের প্যাকেজ ঘোষণা করে দেওয়া হয়েছিল।

## সিডনি টেস্ট : বোল্যান্ড-স্টার্ক তোপে ভারতের প্রথম ইনিংস শেষ মাত্র ১৮০ রানে

সিডনি, ৩ জানুয়ারি (হি.স.) : ভারতের ব্যাটিং ব্যর্থতা অব্যাহত। সমতা করার টেস্টেই ভারত নাজেহাল স্কট বোল্যান্ড ও মিচেল স্টার্কের তোপে। প্রথম ইনিংসে ২০০ পার করতে পারলো না বুমরাহ। শুক্রবার সিরিজের পঞ্চম ও শেষ টেস্টে টস জিতে ব্যাট করতে নেমে সবকটি উইকেট হারিয়ে ১৮৫ রানে থেমেছে ভারত। দলের পক্ষে সর্বোচ্চ ৪০ রান করেন ঋষভ পন্থ। অস্ট্রেলিয়ার হয়ে বোল্যান্ড ৪ আর মিচেল স্টার্ক ৩ উইকেট শিকার করেন।

অস্ট্রেলিয়া প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে ৩ ওভারে এক উইকেট হারিয়ে ৯ রানে দিন শেষ করেছে। ১০ বলে ২ রানে আউট হন উসমান খাজা। ভারতের হয়ে উইকেটটি নিয়েছেন বুমরাহ।

## রানি ভেলু নাচিয়ারের জন্মজয়ন্তীতে তাঁকে শ্রদ্ধা অমিত শাহর

নয়াদিল্লি, ৩ জানুয়ারি (হি.স.): "রানি ভেলু নাচিয়ারকে তাঁর জন্মজয়ন্তীতে শ্রদ্ধা জানাই।" শুক্রবার এক্সবার্তায় এ কথা লিখলেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

অমিতবাবু লিখেছেন, "নিপীড়নের বিরুদ্ধে প্রতিরোধের প্রতীক, নাচিয়ার জি ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে যুদ্ধে নেতৃত্ব দিয়ে তামিলনাড়ুর শিবগঙ্গায় তাঁর রাজ্য পুনরুদ্ধার করেছিলেন। তাঁর চিরস্থায়ী উত্তরাধিকার আমাদের একটি মহান জাতি গঠনের পথে নিয়ে যাবে।

প্রসঙ্গত, ভেলু নাচিয়ার (৩রা জানুয়ারি ১৭৩০ --- ২৫শে ডিসেম্বর ১৭৯৬) আনু. ১৭৮০ -১৭৯০ পর্যন্ত শিবগঙ্গা রাজ্যের রানি ছিলেন। তিনি প্রথম রানি হিসাবে ভারতে ব্রিটিশ উপনিবেশ শক্তির বিরুদ্ধে লড়াই করেছিলেন। তিনি তামিলদের কাছে বীরামঙ্গাই (সাহসী নারী) হিসাবে পরিচিত। ৩১ ডিসেম্বর ২০০৮ সালে তাঁর নামে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করা হয়।

## কুড়ুল দিয়ে স্ত্রীকে হত্যার অভিযোগ, পলাতক স্বামী

রায়পুর, ৩ জানুয়ারি (হি.স.) : শুক্রবার সকালে ছত্তিশগড়ে এক ভয়াবহ ঘটনা ঘটে। এক মানসিক ভারসাম্যহীন স্বামীর বিরুদ্ধে অভিযোগ, তিনি তাঁর স্ত্রীর মাথায় কুড়ুল দিয়ে আঘাত করে হত্যা করেন। ঘটনাটি ঘটেছে কনওয়ার চৌকির সাংলি গ্রামে। ঘটনার পর থেকে অভিযুক্ত স্বামী পলাতক।

জানা গেছে, শুক্রবার ভোরে ঘটনাটি ঘটে। স্থানীয় বাসিন্দারা চিৎকার শুনে বাড়িতে পৌঁছালে আহত মহিলাকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন।

## দ্রুতগামী বাইকের ধাক্কায় আহত জাতীয় হকি খেলোয়াড়

নৈনিতাল, ৩ জানুয়ারি (হি.স.): শুক্রবার সকালে উত্তরাখণ্ডের মল্লিতাল এলাকায় একটি দ্রুতগামী বাইকের ধাক্কায় আহত হলেন জাতীয় হকি খেলোয়াড় বাহাদুর সিং রাওয়াত (৬১)।

স্থানীয় সূত্রে জানা গেছে, বাহাদুর সিং রাওয়াত মল্লিতাল থেকে প্রাতঃ ভ্রমণ করে মল রোডের দিকে যাচ্ছিলেন।

## বলিভিয়ায় দাবানল মোকাবিলায় সহায়তা ভারতের

নয়াদিল্লি, ৩ জানুয়ারি (হি.স.): বলিভিয়ায় দাবানল মোকাবিলায় অগ্নিনির্বাপণ সংক্রান্ত সহায়তা পাঠাচ্ছে ভারত। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, মানবিক সহায়তার মধ্যে রয়েছে অগ্নিনির্বাপক সরঞ্জাম, প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম, ওষুধ এবং অন্যান্য দরকারি জিনিস। মোট ১৬ টন অগ্নিনির্বাপক সরঞ্জাম এবং ত্রাণসামগ্রী পাঠানো হচ্ছে। এই সহায়তা দাবানলের কারণে পরিবেশের সংকট এবং স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় সাহায্য করবে।

# তথ্য ও সম্প্রচার এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আকাশবাণী কোকরাঝাড়ের ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন এফএম ট্রান্সমিটারের উদ্বোধন করেন




গুয়াহাটি, ০৩ জানুয়ারি ২০২৫: আজ গুয়াহাটি থেকে আকাশবাণী কোকরাঝাড়ে ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন এফএম ট্রান্সমিটারের ভার্চুয়াল উদ্বোধন হয়েছে। এই ট্রান্সমিটারের স্থাপনা, এই অঞ্চলের যোগাযোগ ও সাংস্কৃতিক সংহতকরণের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আসামের রাজ্যপাল শ্রী লক্ষ্মণ প্রসাদ আচার্য্য, কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব এবং আসামের মুখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্বশর্মা।

আকাশবাণী কোকরাঝাড় ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়। এটি কোকরাঝাড়ের বিভিন্ন জনজাতি ও সম্প্রদায়ের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। স্থানীয় ভাষায় শিক্ষামূলক, তথ্যমূলক এবং বিনোদনমূলক অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে এটি শ্রোতাদের মাঝে বিশেষ স্থান করে নিয়েছে।

পুরনো ২০ কিলোওয়াট মিডিয়াম ওয়েভ ট্রান্সমিটার এবং ২০১২ সালে স্থাপন করা ১০০ ওয়াট এফএম ট্রান্সমিটারের সীমাবদ্ধতা কাটিয়ে উঠতে উচ-ক্ষমতা সম্পন্ন ১০ কিলোওয়াটের নতুন এফএম ট্রান্সমিটার স্থাপন একটি বড় পরিবর্তনের সূচনা করেছে।

নতুন ট্রান্সমিটারটি প্রায় ৭০ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে উচ্চমানের এফএম সম্প্রচার সরবরাহ করবে। এটি কোকরাঝাড়সহ ধুবরি, বঙ্গাইগাঁও এবং চিরাং জেলায় ৩০ লক্ষেরও বেশি বাসিন্দার কাছে পৌঁছাবে। এর মাধ্যমে আকাশবাণী কোকরাঝাড় কৃষক, যুবক ও স্থানীয় জনগণের সঙ্গে আরও ঘনিষ্ঠভাবে সংযোগ স্থাপন করতে পারবে।

এফএম ট্রান্সমিটার চালু হওয়ার ফলে আকাশবাণী কোকরাঝাড় বোড়ো লোকসঙ্গীত, রাজবংশী গান এবং অন্যান্য জনজাতি সুরের অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে সাংস্কৃতিক সংরক্ষণে আরও কার্য্যকর ভূমিকা রাখবে।

আজকের উদ্বোধনী অনুষ্ঠানে বোড়োল্যান্ড টেরিটোরিয়াল কাউন্সিলের প্রধান কার্য্যনির্বাহী সদস্য শ্রী প্রমোদ বোড়ো ভার্চুয়ালি যোগ দেন।

তিনি কোকরাঝাড়ে আঞ্চলিক আকাশবাণী বেতার কেন্দ্রকে উন্নত করার জন্য বোড়ো শ্রোতাদের দীর্ঘদিনের অনুরোধ পূরণের জন্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী শ্রী বৈষ্ণবকে ধন্যবাদ জানিয়ে কোকরাঝাড় এবং বোড়োল্যান্ড আঞ্চলিক অঞ্চলের জনগণের পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এদিনের অনুষ্ঠানে আকাশবাণীর মহানির্দেশক শ্রীমতী প্রজ্ঞা পালিওয়াল গৌর এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

## ছত্তিশগড়ে ফের এনকাউন্টারে সাফল্য; নিহত ৩ নকশাল অভিযান জারি

গড়িয়াবন্দ, ৩ জানুয়ারি (হি.স.): ছত্তিশগড়ে ফের এনকাউন্টারে সাফল্য পেল সুরক্ষা বাহিনী। শুক্রবার ছত্তিশগড়ের মাওবাদী প্রভাবিত গড়িয়াবন্দ জেলায় এনকাউন্টারে নিকেশ হয়েছে ৩ নকশাল। এখনও অভিযান জারি রয়েছে।

পুলিশ সুপার জিতেন্দ্র চন্দ্রকার বলেন, ছত্তিশগড়ের মাওবাদী প্রভাবিত গড়িয়াবন্দ জেলায় এমকাউন্টারে নিকেশ হয়েছে ৩ নকশাল। এখনও গুলির লড়াই চলছে এবং অভিযান জারি রয়েছে।

## ক্রেনের সঙ্গে বাইকের সংঘর্ষ উত্তর প্রদেশে, মৃত এক

বাগপত, ৩ জানুয়ারি (হি.স.) : বৃহস্পতিবার গভীর রাতে এক ভয়াবহ পথ দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে উত্তর প্রদেশের নিওয়াদা গ্রামের কাছে দিল্লি—সাহারানপুর সড়কে। জানা গেছে, কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় বাইকটির সঙ্গে সামনের ক্রেনের ধাক্কা লাগে। সংঘর্ষের সঙ্গে সঙ্গেই বিকট বিস্ফোরণের শব্দ করে বাইকে আগুন ধরে যায়। বাইক আরোহী দুই যুবক জীবন্ত দগ্ধ হয়। ঘটনাস্থলে দমকল বাহিনী পৌঁছে বাইকের আগুন নেভায়। আহত দুজনকে হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসক একজনকে মৃত ঘোষণা করেন। অপরজনের অবস্থা আশঙ্কাজনক। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

**MEMORANDUM**

A WALK-IN-INTERVIEW was held on 15th March, 2024 at 11 A.M. in the office chamber of the undersigned for filling up of the undermentioned vacant posts vide this office letter NO.F. 2(9)- CDPO/ICDS/KNP/2018/271(11) Dated 7th March, 2024 have been CANCELLED due to unavoidable circumstances. Advertisement for the recruitment of the under mentioned posts will be published shortly.

| Sl. No | Name of the Anganwadi Centre | Khowai Municipal Council Ward No. | Number of Vacant Post: Anganwadi Worker (AWW) | Number of Vacant Post: Anganwadi Helper (AWH) |
|---|---|---|---|---|
| 1. | Yog Biyog AWC | Ward No. 3 | 01 (One) | NIL |
| 2. | Biplabi Jatin Das AWC | Ward No. 6 | NIL | 01 (One) |
| 3. | Satyajit Roy AWC | Ward No. 11 | NIL | 01 (One) |

ICA/D/1620/25

**Child Development Project Officer,
Khowai N.P. ICDS Project,
Khowai, Tripura.**

PRESS NOTICE INVITING e-TENDER NO: 19/EE/WR-III/UDP/2024-25 DATE: 30.12.2024

| | Name of Work | Estimated Cost (in Rs) | Earnest Money (in Rs) | Bid Fee (in Rs) | Time for Completion (in Months) | Last Date and Time for Document Downloading and Uploading Bidding | Time and Date of Opening of Bid | Class of Bidder |
|---|---|---|---|---|---|---|---|---|
| 6 | DNIeT No. 08/CE/PWD(WR)/ACE(P&DU)/DNIeT/2024-25 | 2,67,97,612 | 5,35,952 | 8000 | 18 (Eighteen) Months | Up to 15.00 Hrs on 15.01.2025 | At 15.30 Hrs on 15.01.2025 (if possible) | Appropriate Class |

https://tripuratenders.gov.in The Bid Forms and other details including online activities should be done in the e-procurement portal:
ICA/C/3126/25

**For & on behalf of the Governor of Tripura
Executive Engineer
(Er. Rati Rn Debbarma)
Udaipur, Gomati, Tripura
Water Resource Division No.III**

**PRESS NOTICE INVITING e-TENDER NO. EE-IED/PWD/AGT/70/2024-25
dated: 02/01/2025**

The Executive Engineer, Internal Electrification Division, PWD, Agartala: Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking/ enterprise and eligible Contractors/ Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class for internal electrification works registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Railway/ Gov't Organization of other State & Central having valid electrical contractor license issued by the Government of Tripura for the following work:-

| Sl No | Name of work | Estimated Cost | Earnest Money | Time of completion |
|---|---|---|---|---|
| 1 | DNIT NO.EE-IED/AGT/141/2024-25 | ₹ 6,23,782.00 | ₹ 12,476.00 | 30 (thirty) days |

Last date and time for document downloading and bidding is on 24/01/2025 upto 3.00 PM and opening of bid at 3.30 PM on 24/01/2025, if possible. For more details kindly visit: https://tripuratenders.gov.in
The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in
ICA/C/3131/25

**For and on behalf of the Governor of Tripura
Executive Engineer,
Internal Electrification Division, PWD (Buildings),
Agartala, West Tripura Contact: 8837256802**

**ADVERTISEMENT**

Applications are invited from the citizen of India for engagement as Medical Officers on contractual basis against the 14(fourteen) vacant posts in 14 TSR Battalions i.e. 1st Bn, 2nd Bn, 3rd Bn, 5th Bn, 6th Bn, 7th Bn, 8th Bn, 9th Bn, 10th Bn, 11th Bn, 12th Bn, 13th Bn, 14th Bn & 15th Bn TSR located in different places in Tripura for an initial period of 01 (one) year. The same may be extended further in suitable cases.
02. The engagement will be purely on temporary basis. The selected candidates shall acknowledge that they would have no subsequent claim for regular engagement in whatsoever manner.
Age: Maximum limit is 65(Sixty-five) year subject to mentally alert and physically fit to serve in TSR as Medical Officer and having minimum 03(three) years experience as practicing doctor either Govt./private.
Essential Qualification: M.B.B.S from recognized institution/University.
Fixed Honorarium: 60,000/- (sixty thousand) only per month.
Job profile: To function as Medical Officer in TSR Battalion where the selected candidate is to be appointed. Normally, he will station at Battalion He shall visit all camps
Headquarters. manned by the Battalion. He shall also visit the TSR camps deployed in/outside the State as and when required. In addition, he may be deployed with the TSR troops to be drafted for any duty in/outside the State.
Application in plain paper alongwith a copy of the detailed bio- data with self- attested photocopies of all the original documents in support of age, Education Qualification, Indian Nationality, Residence proof, SC/ST/OBC certificate, 02(two) recent passport size photographs are to be sent to the office of the Assistant Inspector General of Police (TSR), Police Headquarters, Fire Brigade Chowmouni, Agartala- 799001 within 15(fifteen)days from the date of publication of this advertisement notice.
NO TA/DA WILL BE ALLOWED TO THE CANDIDATES FOR APPEARING IN THE INTERVIEW FOR THE PURPOSE OF THE ABOVE TEMPORARY
ENGAGEMENT.
Notwithstanding the above, the undersigned may, at any time, either cancel the above interview or review or modify the process for the same without any notification or intimation to the candidates.
ICA/D/1623/25

**Sd/- 31/12/2024
(R. Darlong)
Asstt. Inspr. Genl. of Police(TSR)
For Director General of Police
Tripura: Agartala.**

# কাজের সন্ধান

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **জুনিয়র এসোসিয়েট (স্টেট ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১৩,৭৩৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, .... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৭ জানুয়ারি,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ফেব্রুয়ারিতে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ড্রাইভার (হাই কোর্ট)**
শূন্যপদ ঃ ৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি পাশ, ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ জানুয়ারি,
লিখিত পরীক্ষা কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (বহিঃরাজ্যে ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ২৭৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৭ জানুয়ারি,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অফিসার সিকিউরিটি (এয়ারপোর্ট অথরিটি, বহিঃরাজ্যে),**
শূন্যপদ ঃ ১৪৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ অনুর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ জানুয়ারি,
সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ইউজিটি, জিটি (শিক্ষা দপ্তর, ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ১৫৬৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ টেট পাশ হতে হবে, ৫০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক অথবা গ্র্যাজুয়েট পাশ (এসসি/ এসটি/ পি.এইচ-দের ক্ষেত্রে নিয়ম অনুযায়ী শিথিলযোগ্য), স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বিএড অথবা ডিএলএড পাশ হতে হবে।
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি,
সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র আগরতলা, দিনক্ষণ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্পেশালিস্ট অফিসার (ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৬৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ অন্ততপক্ষে বিই, বিটেক পাশ,
বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে, পাশাপাশি কল লেটারেও জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ট্রেডসম্যান, মেকানিক, এলডিসি, ফিটার (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৬২৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে এবং সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১১ জানুয়ারি,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, ইঞ্জিনিয়ার, সুপারিন্টেনড্যান্ট (কেন্দ্রীয় মন্ত্রক)**
শূন্যপদ ঃ ১৭৯টি,
যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জানুয়ারি,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জানুয়ারি,
বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ফ্যাকাল্টি (এইমস),**
শূন্যপদ ঃ ১১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জানুয়ারি,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১৬৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জানুয়ারি,
বাছাইকৃতদের বহিঃরাজ্যে লিখিত পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি, কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে বা কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **প্রবেশনারি অফিসার (স্টেট ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৬০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জানুয়ারি,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৮ মার্চ থেকে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## অনলাইনে আবেদন ও আগরতলায় পরীক্ষার মাধ্যমে ব্যাঙ্কে ১৩,৭৩৫ চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় জুনিয়র অ্যাসোসিয়েট অর্থাৎ ক্লার্কপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ১৩,৭৩৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিবিএ/ বিসিএ ... গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-২৮ বছর (ওবিসি, এসসি/এসটি, শারীরিক প্রতিবন্ধী ও ডিভোর্সী প্রার্থীদের যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৭ জানুয়ারি, ফেব্রুয়ারি মাসে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে শতাধিক স্থানে। বিস্তারিত খবর হলো ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে জুনিয়র অ্যাসোসিয়েট অর্থাৎ ক্লার্কপদে ১৩,৭৩৫ জন নিয়োগ হচ্ছে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়।

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ১-৪-২০২৪-এর হিসেবে ২০ থেকে ২৮-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৩৩ বছর, ওবিসিদের জন্য ৩১ বছর এবং প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, বিবাহবিচ্ছিন্না মহিলা ইত্যাদি যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে। দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। এছাড়া, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের জন্যও রয়েছে বেশ কিছু সংরক্ষিত শূন্যপদ। একই সময়ে ব্যাকেলগ হিসেবে ৪৫৬টি শূন্যপদও পূরণ করা হবে একই পরীক্ষার মাধ্যমে। মোট শূন্যপদ ১৩,৭৩৫টির মধ্যে ৫,৮৭০টি পদ জেনারেল ক্যাটেগোরির জন্য, ২,১১৮টি এসসি প্রার্থীর জন্য, ১৩৮৫টি এসটি প্রার্থীর জন্য, ৩,০০১টি পদ ওবিসি প্রার্থীর জন্য এবং ১৩৬১টি পদ ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে কেউ এর জন্য আবেদন করতে পারবেন। শূন্যপদের বিশদ বিভাজন, রাজ্যভিত্তিক বা অঞ্চলভিত্তিক শূন্যপদের সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েবসাইটে এর বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - গ্র্যাজুয়েট। বিএ, বিএসসি, বিকম, বিবিএ, বিই, বিসিএ ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। এমনকি এবার যাঁরা কলেজের ফাইন্যাল ইয়ারের পরীক্ষা দিয়েছেন বা দেবেন তাঁরাও শর্তসাপেক্ষে দরখাস্ত করতে পারেন। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ৭ জানুয়ারির মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ৭ জানুয়ারি। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা। মোবাইল এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে, অনলাইন মুডে পরীক্ষার ফি জমা দেওয়ার লক্ষ্যে এগুতে হবে। অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। এক্ষেত্রে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্টের পর ই-রিসিপ্ট কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড, প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্অ্যাপ নম্বরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং সিআরপিডি/ সিআর/ ২০২৪-২৫/ ২৪। বলা বাহুল্য, অনলাইনে দরখাস্ত করার পর অবশ্যই দরখাস্তের প্রিন্ট-আউট ও ব্যাঙ্ক থেকে পাওয়া ক্যাশ রিসিপ্ট বা ই-রিসিপ্ট কপি নিজের কাছে যত্ন করে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার ভিত্তিক অনলাইনে পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। অনলাইনে পরীক্ষা হবে অবজেক্টিভ ধরনের। প্রথমে প্রিলিমিনারি, ১০০ নম্বরের পরীক্ষা। সফল হলে পরে মেন পরীক্ষা, ২০০ নম্বরের। বিষয়গুলি হল: জেনারেল ইংলিশ, কোয়ান্টেটিভ এপ্টিটিউড, রিজনিং এবিলিটি। মেন পরীক্ষায় যুক্ত হবে জেনারেল অ্যাওয়ারনেস, মার্কেটিং অ্যাপ্টিটিউড ও কম্পিউটার নলেজ। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে (প্রতি ৪টে ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে)। জেনারেল ইংলিশ অংশটুকু ছাড়া প্রশ্ন হবে ইংরিজি/ হিন্দিতে; প্রত্যেকটি অংশে পাশ করতে হবে (অন্তত ৪০ শতাংশ, তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ নম্বর)। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্র আগরতলা। কোড নম্বর - ৪১। সমস্ত পরীক্ষাকেন্দ্রের কোড নম্বরই জানতে পারেন এঁদের ওয়েবসাইটে। পরীক্ষা নেওয়া হবে নভেম্বর মাসে। তবে নির্দিষ্ট দিনক্ষণ এখনও জানানো হয়নি। পরীক্ষার স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে কললেটারের সঙ্গে দেওয়া অ্যাকোয়েন্ট ইওরসেল্ফ বুকলেটের মাধ্যমে। এসব ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার এক সপ্তাহ আগে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনও চিঠি পাঠানো হবে না।

এই নিয়োগের জন্য যে অনলাইনে প্রিলিমিনারি এবং মেন পরীক্ষা হবে, তার আগাম প্রস্তুতিমূলক প্রশিক্ষণ বা ফ্রি কোচিং দেওয়ার ব্যবস্থা থাকবে তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের জন্য। ভারত সরকারের আইন অনুসারে এই ট্রেনিংয়ের ব্যবস্থা করবেন এসবিআই। পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের ট্রেনিং সেন্টারগুলি হল: আগরতলা, কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, পোর্ট ব্লেয়ার, রাঁচি, পাটনা, গুয়াহাটি ও শিলং। তবে অনলাইনে আবেদনের সময় অবশ্যই বিনামূল্যে কোচিং নিতে চাই নির্দিষ্ট কলামে যথাযথ ফিলাপ করতে হবে। অনলাইনে প্রিলি এবং মেন পরীক্ষার ভিত্তিতে সাক্ষাৎকারে ডাকা হবে। সাক্ষাৎকার নেওয়া হবে কেন্দ্রীয় সরকার ঘোষিত নীতি নির্দেশিকা অনুযায়ী। চূড়ান্ত মেধাতালিকা হবে প্রিলি., মেন পরীক্ষা ও ইন্টারভিউর নম্বর মিলিয়ে। মেধাতালিকার প্রথম দিক থেকে চাকরিতে নিয়োগ করা হবে। চাকরির প্রথম ১ বছর প্রবেশনারি পিরিয়ড, প্রবেশন পিরিয়ডে ব্যাঙ্কের অসন্তুষ্টি থাকলে তার মেয়াদ বাড়ানো হতে পারে। পে স্কেল রয়েছে ২৪,০৫০ - ৬৪,৪৮০ টাকা। সমস্ত রকমের ভাতা সহ মূল মাইনে শুরুতে ২৬ হাজার টাকারও বেশি। যিনি যে রাজ্যেই পরীক্ষা দেবেন, সেই রাজ্যেই নিয়োগ হবে। চাকরির শুরুতে রাজ্য বদলের সুযোগ নেই। পদোন্নতির সুযোগ পাওয়া যেতে পারে কনফার্মেশনের ২-৩ বছরের মধ্যে, পরীক্ষা ও সাক্ষাৎকারের মাধ্যমে।

## টেট পাশদের থেকে ১৫৬৬ জন শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের অধীনে আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট টিচার অর্থাৎ ইউজিটি ও জিটি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থীদের থেকে অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৬৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ টেট পাশ হতে হবে, ৫০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক অথবা গ্র্যাজুয়েট পাশ (এসসি/ এসটি/ পি.এইচ-দের ক্ষেত্রে নিয়ম অনুযায়ী শিথিলযোগ্য), স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বিএড অথবা ডিএলএড পাশ হতে হবে। বয়স ঃ অনূর্ধ্ব ৪০ (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি, সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র আগরতলা, দিনক্ষণ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। বিস্তারিত খবর হলো — রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের অধীনে আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট টিচার অর্থাৎ ইউজিটি ও জিটি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থীদের থেকে অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৬৬টি। এর মধ্যে ইউজিটি ১০৯৯টি। বিশদ বিভাজনে রয়েছে ৫৭১টি অসংরক্ষিত, অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। এছাড়া, ১৮৭টি পদ এসসি এবং ৩৪১টি পদ এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। এছাড়া, ৪৪টি পদ শারীরিক প্রতিবন্ধী এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য ২২টি পদ সংরক্ষিত রয়েছে। একইভাবে জিটি শূন্যপদ ৪৬৭টি। বিশদ বিভাজনে রয়েছে ২৪৩টি অসংরক্ষিত, অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। এছাড়া, ৭৯টি পদ এসসি এবং ১৪৫টি পদ এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। এছাড়া, ১৯টি পদ শারীরিক প্রতিবন্ধী এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য ৯টি পদ সংরক্ষিত রয়েছে। সামগ্রিক শূন্যপদের ক্ষেত্রে মহিলাদের জন্য অবশ্যই ৩৩ শতাংশ পদ সংরক্ষিত রয়েছে। শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট যোগ্যতা থাকতে হবে, টি-টেট পাশ হতে হবে, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর। সংরক্ষিত ক্ষেত্রে এবং বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে। এসসি/এসটি/ শারীরিক প্রতিবন্ধী অথবা সরকারি কর্মরত প্রার্থী হলে বয়সের উর্ধ্বসীমায় ৫ বছরের ছাড় রয়েছে। মূল মাইনেঃ আন্ডার গ্র্যাজুয়েট টিচার বা ইউজিটি'র ক্ষেত্রে প্রতি মাসে ১৬,০৫০ টাকা। গ্র্যাজুয়েট টিচার অর্থাৎ জিটি'র ক্ষেত্রে প্রতি মাসে ২০,৪৭৫ টাকা। শিক্ষাগত যোগ্যতা এবং বয়সের বিশেষ ছাড় সংক্রান্ত আরও বিস্তারিত জানতে পারেন অনলাইনে আবেদনের সময়, এঁদের ওয়েব সাইটে প্রদত্ত বিজ্ঞপ্তিতে। অনলাইনে দরখাস্ত জমা নেওয়ার কাজ চলবে ১০ জানুয়ারি পর্যন্ত। অর্থাৎ, দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি। পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৪ জানুয়ারি। ইন্টারভিউর কেন্দ্র আগরতলা। ইন্টারভিউ অর্থাৎ ডকুমেন্টস ভেরিফিকেশনের নির্দিষ্ট তারিখ পরবর্তী সময়ে জানানো হবে।

নিয়োগ সংক্রান্ত মূল নোটিফিকেশন এবং অন্যান্য সকল তথ্য যেমন শিক্ষাগত যোগ্যতার সমস্ত মাপকাঠি, অনলাইনে দরখাস্ত করার যাবতীয় তথ্য ও নিয়মাবলী পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেল আইডি তৈরি করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, কম্পিউটার জেনারেটেড চালান বের করা ইত্যাদি যাবতীয় কৌশল ও গাইডলাইন এমনকি অন্যান্য পরীক্ষার সিলেবাস, কোচিং, বিগত বছরে অন্যান্য রাজ্যে আয়োজিত টেট পরীক্ষার প্রশ্নোত্তর সহ আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

উল্লেখ্য, শিক্ষক পদে বিশেষ করে ইউজিটি ও জিটি পদে নিয়োগের ক্ষেত্রে আবশ্যকীয় যোগ্যতা নিয়ে কিছু প্রার্থীদের মধ্যে জিজ্ঞাসা রয়েছে। অনেকেই এ বিষয়ে বিস্তারিত জানার জন্য যোগাযোগ করছেন। বিশেষ করে তাঁদের জ্ঞাতার্থেই এখানে আবশ্যকীয় যোগ্যতার বিস্তারিত তুলে ধরা হলো —

আন্ডার গ্র্যাজুয়েট টিচার (প্রথম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত স্তরে শিক্ষকতার জন্য) বা ইউ.জি.টি পদের জন্য নিচে লেখা যোগ্যতাগুলির মধ্যে যে-কোনও একটি হলেই আবেদন করতে পারবেন এবং আপনার আবেদনপত্র গ্রাহ্য বলে বিবেচিত হবে।

যেমন ঃ-(১) উচ্চ মাধ্যমিকে অন্ততপক্ষে ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ এবং সঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ওপর ২ বছরের ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে (অথবা, ২০০৪-০৫ শিক্ষাবর্ষের আগে ১ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন থাকতে হবে)।

(২) উচ্চ মাধ্যমিকে অন্ততপক্ষে ৪৫ শতাংশ নম্বর নিয়ে পাশ এবং সঙ্গে এন সি টি ই-র ২০০২ সালের নিয়ম অনুযায়ী এলিমেন্টারি এডুকেশনের ওপর ২ বছরের ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে (অথবা, ২০০৪-০৫ শিক্ষাবর্ষের আগে ১ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন থাকতে হবে)।

(৩) উচ্চ মাধ্যমিকে অন্ততপক্ষে ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ এবং সঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ওপর ৪ বছরের ব্যাচেলার ডিগ্রি (বি.এল.এড.) কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে।

(৪) উচ্চ মাধ্যমিকে অন্ততপক্ষে ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ এবং সঙ্গে এডুকেশনের ওপর ২ বছরের (স্পেশ্যাল এডুকেশন) ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে।

(৫) যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে (নম্বরের কোনও কড়াকড়ি নেই) এবং সঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ওপর ২ বছরের ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে (অথবা, ২০০৪-০৫ শিক্ষাবর্ষের আগে ১ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন থাকতে হবে)। (৬) ৫০ শতাংশ নম্বর নিয়ে যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে, এবং সঙ্গে এনসিটিই অনুমোদিত ইনস্টিটিউশন থেকে বি. এড. কোর্স পাশ করার সার্টিফিকেট থাকতে হবে। এক্ষেত্রে, নিয়োগের ২ বছরের মধ্যে প্রার্থীকে এলিমেন্টারি এডুকেশনের ওপর ৬ মাসের ব্রীজ কোর্স পাশ করা বাধ্যতামূলক করা হয়েছে। এবং অবশ্যই ত্রিপুরা-টেট পেপার-ওয়ান পাশ হতে হবে ও টিআরবিটি থেকে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। উল্লেখ্য নম্বর প্রাপ্তির ক্ষেত্রে এসসি / এসটি প্রার্থীদের জন্য ৫ শতাংশ নম্বর শিথিলযোগ্য।

গ্র্যাজুয়েট টিচার (৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত স্তরে শিক্ষকতার জন্য) বা জি.টি পদের জন্য নিচে লেখা যোগ্যতাগুলির মধ্যে যে-কোনও একটি হলেই আবেদন করতে পারবেন এবং আপনার আবেদনপত্র গ্রাহ্য বলে বিবেচিত হবে। যেমন ঃ- (১) যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে (নম্বরের কোনও কড়াকড়ি নেই) এবং সঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ওপর ২ বছরের ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে (অথবা, ২০০৪-০৫ শিক্ষাবর্ষের আগে ১ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন থাকতে হবে)। (২) ৫০ শতাংশ নম্বর নিয়ে যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে, এবং সঙ্গে বি. এড. কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে। (৩) ৪৫ শতাংশ নম্বর নিয়ে যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে, এবং সঙ্গে এন সি টি ই-র নিয়ম অনুযায়ী বি. এড. কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে। (৪) উচ্চ মাধ্যমিকে অন্ততপক্ষে ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ এবং সঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ওপর ৪ বছরের ব্যাচেলার ডিগ্রি (বি. এল. এড.) কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে। (৫) উচ্চ মাধ্যমিকে অন্ততপক্ষে ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ এবং সঙ্গে ৪ বছরের বি.এ./বি.এসসি এড অথবা বি.এ.এড./ বি.এসসি. এড. কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে। (৬) ৫০ শতাংশ নম্বর নিয়ে যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে, এবং সঙ্গে এক বছরের (স্পেশ্যাল এডুকেশন) বি. এড. কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট থাকতে হবে। এবং অবশ্যই ত্রিপুরা-টেট পেপার-টু পাশ হতে হবে ও টিআরবিটি থেকে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। উল্লেখ্য নম্বর প্রাপ্তির ক্ষেত্রে এসসি / এসটি প্রার্থীদের জন্য ৫ শতাংশ নম্বর শিথিলযোগ্য।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** * ত্রিপুরা রাজ্য সরকারের অধীনে **সিনিয়র ইনফরমেটিক্স অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ কম্পিউটার সায়েন্স নিয়ে বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ২২ জুন, কেন্দ্র আগরতলা, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* স্টেট ব্যাঙ্কে **জুনিয়র এসোসিয়েট বা ক্লার্ক** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩,৭৩৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, .... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৭ জানুয়ারি, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ফেব্রুয়ারিতে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরা হাই কোর্টে **ড্রাইভার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি পাশ, ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ জানুয়ারি, লিখিত পরীক্ষা কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে ব্যাঙ্কে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৭৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৭ জানুয়ারি, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে। * বহিঃরাজ্যে এয়ারপোর্ট অথরিটিতে **অফিসার সিকিউরিটি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ অনুর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ জানুয়ারি, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* রাজ্য সরকারের অধীনে শিক্ষা দপ্তরে **ইউজিটি, জিটি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৬৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ টেট পাশ হতে হবে, ৫০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক অথবা গ্র্যাজুয়েট পাশ (এসসি/ এসটি/ পি.এইচ-দের ক্ষেত্রে নিয়ম অনুযায়ী শিথিলযোগ্য), স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বিএড অথবা ডিএলএড পাশ হতে হবে। বয়স ঃ অনূর্ধ্ব ৪০ (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি, সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র আগরতলা, দিনক্ষণ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* ব্যাঙ্কে **স্পেশালিস্ট অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ অন্ততপক্ষে বিই, বিটেক পাশ, বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে, পাশাপাশি কল লেটারেও জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **ট্রেডসম্যান, মেকানিক, এলডিসি, ফিটার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬২৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে এবং সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১১ জানুয়ারি, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে। * কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **অ্যাসিস্ট্যান্ট, ইঞ্জিনিয়ার, সুপারিন্টেনড্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৭৯টি, যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জানুয়ারি, বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জানুয়ারি, বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **ফ্যাকাল্টি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জানুয়ারি, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের অধীনে **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৬৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জানুয়ারি, বাছাইকৃতদের বহিঃরাজ্যে লিখিত পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি, কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে বা কল লেটারে জানানো হবে। * স্টেট ব্যাঙ্কে **প্রবেশনারি অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জানুয়ারি, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৮ মার্চ থেকে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।



শুক্রবার রাজ্যভিত্তিক বিজ্ঞান প্রর্দশনির ঘুরে মেয়র দীপক মজুমদার।

# কলকাতার ৮টি বেআইনি নির্মাণ ভেঙে ফেলার নির্দেশ হাইকোর্টের


কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): শহরের ৮টি বেআইনি নির্মাণ ভেঙে ফেলার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। শুক্রবার কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্য্যের ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দেয় । হাইকোর্টের নির্দেশ, এই সম্পত্তিগুলি থেকে বিদ্যুৎ ও পানীয় জলের পরিষেবা অবিলম্বে বিচ্ছিন্ন করতে হবে। এছাড়াও ওই সম্পত্তিতে বসবাসকারী বাসিন্দাদের উচ্ছেদেরও নির্দেশ দিয়েছে হাইকোর্ট।


আদালতের এই নির্দেশ বাস্তবায়নের ক্ষেত্রে পর্য্যবেক্ষণের দায়িত্বে থাকবে কলকাতা পুরনিগম, কলকাতা পুলিশ ও সিইএসসি। নির্দেশ কতদূর বাস্তবায়িত করা হয়েছে, তার রিপোর্ট আগামী ২৮ ফেব্রুয়ারি কলকাতা হাইকোর্টে জমা করতে হবে। কলকাতা শহরের বিভিন্ন জায়গায় এনিমি প্রপার্টি (শত্রু সম্পত্তি যা ১৯৬৮ সালের আগের পাকিস্তানের নাগরিকদের সম্পত্তি) ও অন্যান্য সম্পত্তিতে বেআইনি নির্মাণ নিয়ে জনস্বার্থ মামলা দায়ের হয়।

ওই মামলায় আবেদনকারীদের দাবি কলকাতা পুরনিগমের অনুমোদন ছাড়াই বেআইনি নির্মাণ সংগঠিত হচ্ছে।

ওই আবেদনে কেশবচন্দ্র স্ট্রিটের ৬টি সম্পত্তি, রাজা রাজনারায়ণ স্ট্রিটের একটি সম্পত্তি, গিরিশ বিদ্যারত্ন লেনের একটি সম্পত্তির উল্লেখ করা হয়। আগেই কলকাতা হাইকোর্টের নির্দেশ ছিল কলকাতা পুরনিগম ও পুলিশ যৌথভাবে একটি টাস্কফোর্স গঠন করবে। ওই টাস্কফোর্সে কলকাতা শহরে কতগুলি বেআইনি নির্মাণ রয়েছে তা খতিয়ে দেখবে । বসবাসকারী বাসিন্দাদের একটি রূপরেখা তৈরি করবে। তাছাড়া বেআইনি নির্মাণ ভেঙে ফেলতে হবে।

# অসংগঠিত ক্ষেত্র উদ্যোগের বার্ষিক সমীক্ষার প্রেক্ষাপটে ভারতের অর্থনৈতিক ক্ষমতায়ন




নয়াদিল্লি, ৩ জানুয়ারি।। পরিসংখ্যান ও কর্মসূচি বাস্তবায়ন মন্ত্রক (এমওএসপিআই) অক্টোবর ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত সময়কালের অসংগঠিত উদ্যোগের বার্ষিক সমীক্ষা (এএসইউএসই ২০২৩-২৪) এর রিপোর্ট প্রকাশ করেছে। এই সমীক্ষায় কৃষি বহির্ভুত অসংগঠিত ক্ষেত্রে উপর আলোকপাত করা হয়েছে। সমীক্ষায়, দেশের সার্বিক কর্মসংস্থান চিত্রে এই ক্ষেত্রে অবদান, মোট আভ্যন্তরীন উৎপাদন (জিডিপি) এবং ভারতের সামগ্রিক আর্থ-সামাজিক দৃশ্যপটে এর গুরুত্বপূর্ণ ভূমিকাকে তুলে ধরেছে।

সমীক্ষায় দেখা গেছে, অসংগঠিত ক্ষেত্রে শক্তিশালী প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়েছে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের সংখ্যা ২০২২-২৩ সালে ৬.৫০ কোটি থেকে বেড়ে ২০২৩-২৪ সালে ৭.৩৪ কোটিতে দাঁড়িয়েছে, অর্থাৎ ১২.৮৪ শতাংশ বৃদ্ধি হয়েছে। অন্যান্য পরিষেবা'' ক্ষেত্রে প্রতিষ্ঠানের সংখ্যা ২৩.৫৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং উৎপাদন খাতে ১৩ শতাংশ বৃদ্ধি পরিলক্ষিত হয়েছে। একই সময়কালের মধ্যে, গ্রস ভ্যালু অ্যাডেড (জিভিএ) যা অর্থনৈতিক পারফরম্যান্সের একটি প্রধান সূচক, তাতে ''অন্যান্য পরিষেবা'' খাতে ২৬.১৭ শতাংশ বৃদ্ধি দেখা গেছে, অন্য ক্ষেত্রে যেখানে ১৬.৫২ শতাংশ বৃদ্ধি হয়েছে।

শ্রমবাজারের সম্প্রসারণ:

এই খাতে কর্মসংস্থান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, ২০২৩-২৪ সালে ১২ কোটিরও বেশি শ্রমিক নিযুক্ত হয়েছেন, যা আগের বছরের তুলনায় এক কোটিরও বেশি বেড়েছে। 'অন্যান্য পরিষেবা' খাতে কর্মসংস্থান ১৭.৮৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে, তারপরে উৎপাদন খাতে ১০.০৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

লিঙ্গ অন্তর্ভুক্তির ক্ষেত্রেও এই ক্ষেত্র বিশেষ মাইলফলক অর্জন করেছে, কারণ মহিলা মালিকানাধীন প্রতিষ্ঠান ২০২২-২৩ সালের ২২.৯ শতাংশ থেকে বেড়ে ২০২৩-২৪ সালে ২৬.২ শতাংশ হয়েছে।

ভাড়া করা শ্রমিকদেড় ক্ষেত্রে, গড় বেতন ১৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা উন্নত মজুরির স্তরকে প্রতিফলিত করেছে এবং অর্থনৈতিক চাহিদাকে জোরদার করেছে। উৎপাদন ক্ষেত্রে সর্বোচ্চ মজুরি প্রবৃদ্ধি হয়েছে, যা ১৬ শতাংশের বেশি বলে দেখা গেছে।

শ্রম উৎপাদনশীলতা:

শ্রমিক পিছু গ্রস ভ্যালু অ্যাডেড (জিভিএ) যা এই খাতের শ্রম উৎপাদনশীলতার একটি পরিমাপ, বর্তমান দামে ২০২২-২৩ সালে ১,৪১,৭৬৯ টাকা থেকে বেড়ে ২০২৩-২৪ সালে ১,৪৯,৭৪২ টাকায় দাঁড়িয়েছে, যা ৫.৬২ শতাংশ বৃদ্ধি দেখিয়েছে। একই সময়কালে, প্রতিষ্ঠান প্রতি গ্রস ভ্যালু অফ আউটপুট (জিভিও) বর্তমান মূল্যে ৪,৬৩,৩৮৯ টাকা থেকে বেড়ে ৪,৯১,৮৬২ টাকায় দাঁড়িয়েছে।

ডিজিটাল ব্যবস্থা গ্রহণ:

ডিজিটাল ব্যবস্থার গ্রহণযোগ্যতার ক্ষেত্রেও উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে ইন্টারনেট ব্যবহার ২০২২-২৩ সালে ২১.১ শতাংশ থেকে বেড়ে ২০২৩-২৪ সালে ২৬.৭ শতাংশ হয়েছে। ব্যবসায়িক কাজকর্মে ডিজিটাল ব্যবস্থার উপর ক্রমবর্ধমান নির্ভরতার চিত্রকে তুলে ধরেছে এই পরিসংখ্যান চিত্র। উন্নত ডিজিটাল ব্যবস্থা গ্রহণ এবং মজুরির উল্লেখযোগ্য প্রবৃদ্ধি ভারতের আর্থিক পুনরুদ্ধার এবং সুস্থায়ী প্রবৃদ্ধির গতিপথের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানকারী হিসাবে অসংগঠিত ক্ষেত্রের পুনরুত্থানকেই তুলে ধরেছে। এএসইউএসই ২০২৩-২৪ সমীক্ষার নির্যাস আসলে ভারতের অসংগঠিত ক্ষেত্রের উল্লেখযোগ্য অগ্রগতিকে তুলে ধরেছে, যেখানে প্রতিষ্ঠান, কর্মসংস্থান এবং উৎপাদনশীলতার পুনরুত্থান পরিলক্ষিত হয়।

## মানসিক রোগের সঙ্গে সম্পর্কিত অবৈজ্ঞানিক বিশ্বাস ও কলঙ্ক অতীতের বিষয় : রাষ্ট্রপতি

বেঙ্গালুরু, ৩ জানুয়ারি (হি.স.): মানসিক রোগের সঙ্গে সম্পর্কিত অবৈজ্ঞানিক বিশ্বাস ও কলঙ্ক এখন অতীতের বিষয়। যারা বিভিন্ন রোগে ভুগছেন তাদের সাহায্য নেওয়া সহজ করে তোলে। এই মন্তব্য করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি বলেছেন, মন ও মস্তিষ্কের যত্ন নেওয়া বিশ্বজুড়ে আরও বেশি প্রাসঙ্গিক হয়ে উঠলে, আসন্ন বছরগুলিতে মানসিক স্বাস্থ্যের প্রচারের উপর আরও বেশি মনোনিবেশ করা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

শুক্রবার বেঙ্গালুরুতে ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস-এর সুবর্ণ জয়ন্তী উদযাপনের স্মরণে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভাষণ দেন। রাষ্ট্রপতি বলেন, নিমহ্যান্স দেখিয়েছে যে স্বাস্থ্যসেবার আধুনিক ব্যবস্থাগুলি মানসিক এবং শারীরিক উভয় যন্ত্রণা উপশম করতে যোগের মতো ঐতিহ্যবাহী পদ্ধতিগুলিকে সফলভাবে অন্তর্ভুক্ত করতে পারে।

## আইডিএ-র সপ্তম বৈঠকে সভাপতিত্ব করলেন অমিত শাহ, নানা বিষয়ে হয়েছে আলোচনা

নয়াদিল্লি, ৩ জানুয়ারি (হি.স.): কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শুক্রবার দিল্লিতে দ্বীপ উন্নয়ন সংস্থা বা আইডিএ-র সপ্তম বৈঠকে সভাপতিত্ব করেন। আন্দামান ও নিকোবরের উপ-রাজ্যপাল দেবেন্দ্র কুমার যোশী, লাক্ষাদ্বীপের প্রশাসক প্রফুল প্যাটেল, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন সহ অন্যান্য আধিকারিকরা বৈঠকে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, দেশের দ্বীপগুলির সার্বিক উন্নয়নের জন্য ২০১৭ সালে এই সংস্থা আইডিএ গঠন করা হয়েছিল।

## তৃণমূল নেতা খুনে জামিন পাঁশকুড়ার বিতর্কিত বিজেপি নেতার

নয়াদিল্লি, ৩ জানুয়ারি (হি.স.): তৃণমূল নেতা কোরবান শাহ খুনে জামিন পেলেন পাঁশকুড়ার বিতর্কিত বিজেপি নেতা আনিসুর রহমান। শুক্রবার সুপ্রিম কোর্ট তাঁর জামিন মঞ্জুর করেছে।

২০১৯ সালের ৯ অক্টোবর নবমীর রাতে পূর্ব মেদিনীপুরের মাইশোরা বাজারে দলীয় কার্য্যালয়ে দুষ্কৃতীদের অতর্কিত আক্রমণে খুন হন পাঁশকুড়া ব্লক তৃণমূলের কার্য্যকারী সভাপতি তথা পঞ্চায়েত সমিতির সহ—সভাপতি কোরবান শাহ। কিন্তু পার্টি অফিস বা বাজারে সিসিটিভি ক্যামেরা না থাকায় তদন্তে বেশ কিছুটা বেগ পেতে হয় পুলিশকে। আর এই সুযোগেই নিশ্চিন্তে পালিয়ে বেড়ায় অভিযুক্তরা। ক্ষোভে ফেটে পড়েন এলাকার বাসিন্দারা।

অভিযোগের আঙুল ওঠে পাঁশকুড়ারই বিজেপি নেতা আনিসুর রহমানের দিকে। নিহত নেতার পরিবারের অভিযোগের ভিত্তিতে সিট গঠন করে রাজ্য ছাড়িয়ে একাধিক স্থানে তল্লাশি অভিযানে নামে জেলা পুলিশ। গ্রেফতার হয় খড়গপুরের সুপারি কিলার তসলিম আরিফ ওরফে রাজা-সহ কয়েকজন।

সাগরেদ ও সহযোগীদের একের পর এক গ্রেফতারের খবর পেয়েও বেশ কিছুদিন গা ঢাকা দিয়েছিলেন আনিসুর রহমান। কিন্তু তাতেও শেষরক্ষা হয়নি। অবশেষে গ্রেফতার করা হয় তাঁকে। তমলুক আদালত থেকে মামলা গড়ায় সুপ্রিম কোর্ট অবধি। শেষ পর্যন্ত তিনি জামিন পেলেন। তাঁর জেলমুক্তি এবার সময়ের অপেক্ষা।

### গত ১০ বছরে ৪ কোটিরও বেশি মানুষের স্বপ্ন পূরণ করেছেন মোদী, দাবি স্বয়ং প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৩ জানুয়ারি (হি.স.): সমগ্র ভারত জানে মোদী কখনও নিজের জন্য বাড়ি তৈরি করেননি, কিন্তু গত ১০ বছরে তিনি ৪ কোটিরও বেশি মানুষের স্বপ্ন পূরণ করেছেন। দাবি করলেন স্বয়ং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, 'আমি নিজের জন্য একটি ''শীষ মহল'' তৈরি করতে পারতাম, কিন্তু আমার স্বপ্ন ছিল আমার দেশবাসীদের জন্য পাকা বাড়ি তৈরি করা।'

শুক্রবার দিল্লিতে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'আমি আপনাদের সবাইকে অনুরোধ করছি, যখনই আপনারা বস্তিবাসীদের সঙ্গে আলাপ-আলোচনা করবেন এবং তাদের সাথে দেখা করবেন, আমার পক্ষ থেকে তাদের নিশ্চিত করুন যে তারা অবশ্যই পাকা বাড়ি পাবে,

## আসানসোলে পরিত্যক্ত কয়লাখনির ভিতর আটকে যুবক, চলছে উদ্ধারকাজ, চাঞ্চল্য

আসানসোল, ৩ জানুয়ারি (হি.স.): শুক্রবার সকালে উত্তেজনা ছড়াল আসানসোলের খনি এলাকায়। এদিন সকালে একটি পরিত্যক্ত অবৈধ কয়লা খনিতে পড়ে যায় এক যুবক। আসানসোলের জামুরিয়া থানার নর্থ সিহারশোল খোলামুখ খনি সংলগ্ন কাটাগরিয়া এলাকায় এই ঘটনা ঘটেছে। খবর পেয়ে ঘটনাস্থলে এসে পৌঁছেছে পুলিশ ও উদ্ধারকারী দল।

স্থানীয় সূত্রে খবর, শুক্রবার সকালে রানীগঞ্জের বাসিন্দা ভীষ্ম রায় ওই পরিত্যক্ত অবৈধ কয়লাখনিতে পড়ে যায়। খবর চাউর হতেই এলাকার মানুষ ভিড় জমান। দ্রুত খবর দেওয়া হয় পুলিশকে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে জামুরিয়া থানার পুলিশ এবং উদ্ধারকারী দল।

ইসিএল সূত্রে জানা গিয়েছে, অবৈধ খনির গর্তটি ১০০ ফুটের বেশি গভীর। আপাতত খনির গর্তে আটকে পড়া যুবককে উদ্ধারের চেষ্টা করা হচ্ছে। জায়গাটিকে ঘিরে রেখেছেন স্থানীয়রা। তাঁদের দাবি, দ্রুত ওই যুবককে বাইরে তুলে আনতে হবে। উদ্ধারকারী দলের সঙ্গে যোগ দিয়েছে ইসিএলের মাইন রেসকিউ টিমও।

## এখন সমগ্র দেশ বিকশিত ভারত গড়ার লক্ষ্যে একত্রিত : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৩ জানুয়ারি (হি.স.): এখন সমগ্র দেশ বিকশিত ভারত গড়ার লক্ষ্যে একত্রিত। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, আমাদের সংকল্প প্রতিটি নাগরিকের জন্য একটি পাকা বাড়ি নিশ্চিত করা এবং আমরা এই লক্ষ্য অর্জনে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছি। দিল্লি এই দৃষ্টিভঙ্গি বাস্তবায়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এই কারণেই বিজেপির কেন্দ্রীয় সরকার স্থায়ী আবাসন দিয়ে বস্তি প্রতিস্থাপনের উদ্যোগ শুরু করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুক্রবার দিল্লিতে একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। জে জে ক্লাস্টার্সের বাসিন্দাদের জন্য প্রায় ১৭০০ নতুন ফ্ল্যাটের উদ্বোধন এবং যোগ্য উপভোক্তাদের হাতে চাবি তুলে দেন। দিল্লি উন্নয়ন পর্ষদের বস্তি পুনর্বাসন প্রকল্পের অধীনে দ্বিতীয় পর্য্যায়ে এই নতুন ফ্ল্যাট গুলি তৈরি করা হয়েছে। উন্নত মানের জীবন যাপন এবং স্বাস্থ্যকর পরিবেশ দেওয়ার লক্ষ্যে জে জে ক্লাস্টার্সের বাসিন্দাদের জন্য এই প্রকল্প হাতে নেওয়া হয়েছিল। এছাড়াও প্রধানমন্ত্রী, দিল্লি বিশ্ববিদ্যালয়ের ৬০০ কোটি টাকা মূল্যের তিনটি নতুন প্রকল্পের শিলান্যাস করেছেন। নাজাফগড়ে বীর সাভারকর কলেজেরও শিলান্যাস করেছেন তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন দিল্লির অশোক বিহারের স্বাভিমান অ্যাপার্টমেন্টে ইন-সিটু বস্তি পুনর্বাসন প্রকল্পের অধীনে ঝুগি ঝোপরি (জে জে) ক্লাস্টারের বাসিন্দাদের জন্য নবনির্মিত ফ্ল্যাটগুলি পরিদর্শন করেছেন। প্রধানমন্ত্রী মোদী জেজে ক্লাস্টারের বাসিন্দাদের জন্য ১,৬৭৫টি নবনির্মিত ফ্ল্যাটের উদ্বোধন করবেন এবং যোগ্য সুবিধাভোগীদের হাতে চাবিও হস্তান্তর করেন।

এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেন, 'বিকশিত ভারত গঠনে আমাদের শহরগুলি বিশাল ভূমিকা পালন করে। যেখানে দূর-দূরান্ত থেকে মানুষ স্বপ্ন নিয়ে আসে এবং অত্যন্ত আন্তরিকতার সাথে সেই স্বপ্ন পূরণে জীবন অতিবাহিত করে। তাই, কেন্দ্রের বিজেপি সরকার শহরগুলিতে বসবাসকারী প্রতিটি পরিবারের জীবনযাত্রার মান প্রদানে ব্যস্ত।'

## সাবিত্রীবাই ফুলে নারী ক্ষমতায়নের অনুপ্রেরণা: প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ৩ জানুয়ারি (হি.স.): শুক্রবার সমাজ সংস্কারক সাবিত্রীবাই ফুলের জন্মজয়ন্তী। সাবিত্রীবাই ফুলের জন্মবার্ষিকীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁকে স্মরণ করেছেন ও শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। বলেন, তিনি নারীর ক্ষমতায়নের অনুপ্রেরণা।

প্রধানমন্ত্রী মোদী সোশ্যাল মিডিয়ায় জানান, সাবিত্রীবাই ফুলের জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি। তিনি নারী ক্ষমতায়নের অনুপ্রেরণা। তিনি শিক্ষা ও সমাজ সংস্কারের পথিকৃৎ। মানুষের জন্য উন্নতমানের জীবনযাত্রা নিশ্চিত করার জন্য তাঁর প্রচেষ্টা আমাদের অনুপ্রাণিত করে চলেছে।

উল্লেখ্য, সাবিত্রীবাই ফুলে ৩ জানুয়ারি ১৮৩১ সালে মহারাষ্ট্রে জন্মগ্রহণ করেন। তাঁর জীবন নারীশিক্ষার প্রসার এবং বর্ণবৈষম্য ও লিঙ্গবৈষম্য দূর করার জন্য নিবেদিত ছিল।

## বাংলার পাট গুণমানে সর্বশ্রেষ্ঠ : গিরিরাজ সিং

সোদপুর, ৩ জানুয়ারি (হি.স.): বাংলার পাট গুণমানে সর্বশ্রেষ্ঠ, এমনটাই মন্তব্য করলেন কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং শুক্রবার উত্তর ২৪ পরগনার সোদপুরে এক বেসরকারি সংস্থায় রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা নিনফেটর প্রযুক্তি দিয়ে তৈরি প্রাকৃতিক তন্তু উৎপাদনের তিনটি যন্ত্রের উদ্বোধন করেন। ওই সংস্থাটি ঘুরে দেখার পাশাপাশি তিনি একাধিক জুটমিল মালিকের সঙ্গে কথা বলেন। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, বাংলার পাট গুণমানে সর্বশ্রেষ্ঠ। বাংলায় পাটশিল্পের প্রসারে তিনি শিল্পপতিদের এগিয়ে আসার আহবান জানান।

## ব্রিসবেন ইন্টারন্যাশনাল: মিরা আন্দ্রেভা সেমিফাইনালে

ব্রিসবেন, ৩ জানুয়ারি (হি.স.) : রাশিয়ান কিশোরী মিরা আন্দ্রেভা শুক্রবার ব্রিসবেন আন্তর্জাতিক সেমিফাইনালে পৌঁছেছেন। ১৭ বছর বয়সী আন্দ্রেভা একটি উচ্চমানের লড়াইয়ে তিউনিসিয়ার ওন্স জাবেউরকে ৬-৪, ৭-৬ (৭/২)-এ পরাজিত করেছেন। আন্দ্রেভা এখন বিশ্ব নম্বর ১ আরিনা সাবালেঙ্কা বা চেক মারি বুজকোভা বিরুদ্ধে খেলবেন।

## মাথা মুড়িয়ে বিকাশ ভবন অভিযান 'যোগ্য' শিক্ষকদের

কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): ধর্মতলার ওয়াই চ্যানেলে ফের অভিনব বিক্ষোভ 'যোগ্য' শিক্ষক-শিক্ষিকাদের। শুক্রবার সকালে মাথা মুড়িয়ে বিক্ষোভ দেখানো হয়।

বেশ কয়েক দিন ধরেই কলকাতার ধর্মতলার ওয়াই চ্যানেলে অবস্থান করছেন এসএলএসটি শিক্ষক-শিক্ষিকারা। ২০১৬ যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ নামে একটি মঞ্চ করে পথে নেমেছেন তাঁরা। পরে সল্টলেকের বিকাশ ভবন অভিযান 'যোগ্য'' শিক্ষক-শিক্ষিকাদের।

আন্দোলনকারীদের দাবি, চাকরি নিয়ে অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন তাঁরা। ২০১৬ সালের এসএসসি চাকরিপ্রার্থীদের মামলা হয়। কলকাতা হাইকোর্টে মামলার দীর্ঘ শুনানির পরে ২৬ হাজার শিক্ষক-শিক্ষিকার চাকরি বাতিলের নির্দেশ দেন বিচারপতি। সেই মামলা এখন সুপ্রিম কোর্টে বিচারাধীন।

আগামী ৭ জানুয়ারি সুপ্রিম কোর্টে ওই মামলার ফের শুনানি আছে। তার আগে নতুন করে আন্দোলনে নামলেন বিক্ষোভকারীরা।

## চিন্ময় কৃষ্ণের মুক্তির দাবিতে আন্তর্জাতিক আদালতের দ্বারস্থ হবেন সনাতনী সংসদ

কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): বৃহস্পতিবার চট্টগ্রামের মহানগর দায়রা আদালত ধৃত সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। দায়রা বিচারক মহম্মদ সফিকুল ইসলাম জানান, রাষ্ট্রদ্রোহের মামলায় গ্রেফতার চিন্ময়ের বিরুদ্ধে অপরাধ প্রমাণিত হলে যাবজ্জীবন কারাদণ্ডের সাজা হতে পারে। তাই জামিন দেওয়া সম্ভব নয়। এই আবহে বৃহস্পতিবারই কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠক করে চিন্ময়কৃষ্ণ দাসের মুক্তির দাবিতে সরব হলেন সনাতনীরা।

সংগঠনের অন্যতম সদস্যা ব্রিটিশ লেবার পার্টির কাউন্সিলর পুষ্পিতা গুপ্তা বলেন, ''বিশ্বজুড়ে বাংলাদেশের অত্যাচারিত হিন্দুদের প্রতি সহানুভূতিশীল বিভিন্ন নাগরিকদের নিয়ে আমরা একটি কমিটি গড়েছি। চিন্ময়কৃষ্ণ দাসের মুক্তির জন্য আমরা আন্তর্জাতিক আদালতে যাব।''

তিনি অভিযোগ করেন বাংলাদেশকে হিন্দু শূন্য করার চক্রান্ত চলছে।

টরেন্টো থেকে আগত প্রতিনিধি, মানবাধিকার কর্মী অরুণ দত্ত বলেন, ''সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করতে হিন্দু অধ্যুষিত এলাকায় সুরক্ষিত অঞ্চল প্রতিষ্ঠা করা হোক।'' বিষয়টি ব্যাখ্যা করে তিনি বলেন, ''বাংলাদেশে বেশ কিছু উপজেলা রয়েছে যা হিন্দু প্রধান। আমাদের দাবি ওইসব উপজেলার প্রশাসনিক দায়িত্ব দেওয়া হোক হিন্দু আধিকারিকদের। কারণ সাম্প্রতিক সময়ে ওইসব হিন্দু প্রধান উপজেলাগুলি আক্রান্ত হয়েছে সবচেয়ে বেশি।'' তিনি অভিযোগের সুরে বলেন, ''ইউনূস দায়িত্ব নিয়ে বলেছিলেন, ''আমার হাতে একটা রিমোট বাটন আছে। উনি প্রমাণ করে দিয়েছেন, বাটন প্রেস করে উনি ৭১ এর মুক্তিযুদ্ধের ইতিহাস ভুলিয়ে দিতে চাইছেন।'' তিনি দাবি করেন, হিন্দু ও অন্যান্য ধর্মীয় সংখ্যালঘুদের সুরক্ষা দিতে বাংলাদেশে জাতিসঙ্ঘের শান্তি বাহিনী মোতায়েন করা হোক। আর এই বিষয়ে ভারত সক্রিয় ভূমিকা নিক।

এদিন সাংবাদিক বৈঠকে বক্তব্য রাখেন নিউ ইয়র্ক থেকে আগত সীতাংশু গুহ, সুইডেন থেকে চিত্রা পাল প্রমুখ। সনাতনী সংসদের সাধারণ সম্পাদক রক্তিম দাস প্রারম্ভিক ভাষণ দেন।

## সাবিত্রীবাই ফুলের জন্মজয়ন্তীতে শ্রদ্ধাঞ্জলি দেবেন্দ্র ফড়নবিশের

মুম্বই, ৩ জানুয়ারি (হি.স.): শুক্রবার সমাজ সংস্কারক সাবিত্রীবাই ফুলের জন্মবার্ষিকী। সাবিত্রীবাই ফুলের জন্মজয়ন্তীতে তাঁকে শ্রদ্ধাঞ্জলি দিলেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ।

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীর দফতর থেকে জানানো হয়, মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ ক্রান্তিজ্যোতি সাবিত্রীবাই ফুলের ১৯৪তম জন্মবার্ষিকীতে তাঁর জন্মস্থান নাইগাঁও (সাতারা)-তে শ্রদ্ধা নিবেদন করেছেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধান পরিষদের চেয়ারম্যান রাম শিন্ডে, মন্ত্রী পঙ্কজা মুন্ডে, মন্ত্রী অতুল সাভে, মন্ত্রী শম্ভুরাজ দেশাই, বিধায়ক ছগন ভুজবল-সহ বিশিষ্ট ব্যক্তিরা।

উল্লেখ্য, সাবিত্রীবাই ফুলে ৩ জানুয়ারি ১৮৩১ সালে মহারাষ্ট্রে জন্মগ্রহণ করেন। তাঁর জীবন নারীশিক্ষার প্রসার এবং বর্ণবৈষম্য ও লিঙ্গবৈষম্য দূর করার জন্য নিবেদিত ছিল।

# প্রতিটি জেলা ও অঞ্চলের যথাযথ উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যেই মোদী সরকারের উচ্চাকাঙ্ক্ষী জেলার ধারণাটি গৃহীত হয়েছেঃ ডঃ জিতেন্দ্র সিং

নতুনদিল্লি, ৩ জানুয়ারী ২০২৫: কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন, ভারতের প্রতিটি জেলা ও প্রতিটি অঞ্চলের সঠিক ও পরিকাঠামোগত উন্নয়ন নিশ্চিত করার লক্ষে মোদী সরকার 'উচ্চাকাঙ্ক্ষী জেলার' ধারণাটি গ্রহণ করেছে।

অন্ধ্রপ্রদেশের কাডাপা জেলা সফরকালে কেন্দ্রীয় মন্ত্রী উচ্চাকাঙ্ক্ষী জেলা কর্মসূচির বিস্তারিত পর্য্যালোচনা করেন এবং স্থানীয় বিধায়ক ও নির্বাচিত জনপ্রতিনিধিদের সাথে কর্মসূচির অগ্রগতি ও বাস্তবায়নের কৌশল নিয়ে আলোচনা করেন।

মন্ত্রী অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির প্রসারে উচ্চাকাঙ্ক্ষী জেলা কর্মসূচির গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দেন এবং কাডাপাকে একটি শীর্ষস্থানীয় উচ্চাকাঙ্ক্ষী জেলায় রূপান্তরিত করতে কেন্দ্রীয় সরকারের সাথে সহযোগিতা করার জন্য প্রতিনিধিদের প্রতি আহ্বান জানান। তিনি মূল কেন্দ্রীয় প্রকল্পগুলির সুবিধা সর্বাধিক করতে নাগরিকদের সক্রিয়ভাবে যুক্ত করার গুরুত্বের উপর জোর দেন। ডাঃ জিতেন্দ্র সিং আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার প্রভাবের কথা তুলে ধরে বলেন, এই প্রকল্পে এখন ৭০ বছর বয়সের উর্দ্ধবয়সী ব্যক্তিরাও জন্য স্বাস্থ্য বীমা পাবেন।

তিনি এই প্রকল্পটি প্রতিটি প্রকৃত সুবিধাভোগীর কাছে পৌঁছনোর বিষয়টি নিশ্চিত করার গুরুত্বের উপর জোর দেন।

তিনি বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচির জন্য সুবিধাভোগীদের সঠিক সনাক্তকরণ নিশ্চিত করতে আদমশুমারি তালিকা প্রস্তুত করার কাজকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানান। প্রধানমন্ত্রী সূর্য্যঘর যোজনার কথা উল্লেখ করে বলেন এর অধীনে সৌর শক্তি গ্রামীণ পরিবারগুলিকে বিদ্যুতের খরচ হ্রাস করতে এবং স্থায়িত্বকে এগিয়ে নিয়ে যেতে পারে।

পিএম-কিষাণ সম্মান নিধির সাফল্য নিয়ে আলোচনা করে তিনি বলেন এই প্রকল্প ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আর্থিক স্থিতিশীলতা প্রদান করেছে এবং কৃষি উৎপাদনশীলতা এবং গ্রামীণ জীবিকা বৃদ্ধি করেছে। তিনি প্রধানমন্ত্রী বিশ্বকর্মা কৌশল সম্মান (পিএম বিশ্বকর্মা) প্রকল্পের সুবিধাগুলিও তুলে ধরে বলেন, এই প্রকল্পে দক্ষতা বিকাশের সুযোগ যেমন পাচ্ছেন পরম্পরাগত কারিগররা, তেমনি কারিগরদের আধুনিক সরঞ্জাম এবং আর্থিক সংস্থান থেকে সহায়তা পাবার পথও খুলে দিয়েছে।

ডঃ জিতেন্দ্র সিং স্থানীয় প্রতিনিধিদের এই পরিবর্তনশীল কর্মসূচিগুলি সম্পর্কে নাগরিকদের শিক্ষিত করার এবং এর সুবিধা গ্রহণে সহায়তা করার আহ্বান জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে শাসনব্যবস্থায় জনগণের সন্তুষ্টি সর্বাধিক গুরুত্বপূর্ণ। এই উদ্যোগগুলি সমাজের সবচেয়ে দুর্বল অংশের চাহিদা সরাসরি মেটানোর জন্য তৈরি করা হয়েছে। প্রবৃদ্ধি ও অগ্রগতির চালিকাশক্তি হিসেবে উচ্চাকাঙ্ক্ষী জেলাগুলিকে গড়ে তুলতে, এবং সকলের জন্য সার্বিক উন্নয়ন ও ন্যায়সঙ্গত সুযোগ নিশ্চিত করতে সরকারের অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেন মন্ত্রী।

# বিশ্ব যোগাসন প্রতিযোগিতায় সোনা জয় দুর্গাপুরের গৃহবধূর

দুর্গাপুর, ৩ জানুয়ারি (হি.স.): বিশ্ব যোগাসন প্রতিযোগিতায় সোনা জিতলেন দুর্গাপুরের গৃহবধূ তানিয়া চট্টোপাধ্যায়। তানিয়েদেবীর সাফল্যে খুশি শিল্পশহরবাসী।

উল্লেখ্য, দুর্গাপুরের বি-জোন টাউনশিপের জয়দেবের বাসিন্দা তানিয়া চট্টোপাধ্যায়। সম্প্রতি বিশাখাপত্তনমে অনুষ্ঠিত বিশ্ব যোগাসন প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন। সেখানে ১৪টি দেশের অন্তত ১১০০জন অংশগ্রহণ করেন। ট্র্যাডিশনাল ও রিদমিক দুটি বিভাগ ছিল। ট্র্যাডিশনাল যোগায় ৪১ থেকে ৪৫ বিভাগে প্রথম স্থান অধিকার করেন তানিয়া চট্টোপাধ্যায় এবং সোনা জেতেন। তানিয়াদেবী বলেন, '৬ বছর ধরে যোগ অনুশীলন করছি। শারীরিক দিক থেকে সুস্থ থাকার জন্য যোগ শুরু করি। ছোটবেলা থেকেই খেলাধূলা ভালোবাসতাম। তারপর যোগ—এর ব্যাপারে জানতে পারলাম এবং ধীরে ধীরে যোগ আমার জীবনের ধ্যান হয়ে ওঠে।'

# কুম্ভনিদ্রায় কর্তৃপক্ষ

● প্রথম পাতার পর

সংস্কারের উদ্যোগ নেই। রাস্তার বেহাল দশার কারণে মানুষকে দুর্ভোগ ও দুর্দশার মধ্যে পড়তে হচ্ছে। শুধু তাই নয়, অবৈ জ্ঞানি কভাবে রাস্তার দুই পাশে যত্রযত্র মাটি ভরাট করে বাড়িঘর নির্মাণের জেরে রাস্তায় আটকে পড়ছে জল। জল নিষ্কাশনের ব্যবস্থা না থাকার কারণে শীতের মৌসুমেও রাস্তায় জল জমে থাক ছে। অভিযোগ, যত্রতত্র জমি ভরাট করে বাড়ি ঘর নির্মাণের জেরেই বৃষ্টি হলে রাস্তার জল জমে যাচ্ছে। এক সময় হালাই মোরাতে কৃষি জমি ছিল। কৃষিজমি ভরাট করে প্রচুর বাড়িঘর নির্মাণ করা হয়েছে। বর্তমান সময়েও চলছে আরও বেশ কিছু বাড়িঘর নির্মাণের কাজ। আর বাড়ি ঘর নির্মাণের কারণে জল যাওয়ার মতো রাস্তা যা ছিল তা বন্ধ হয়ে গেছে, যে কারণে জল জমে রয়েছে রাস্তায়।এতে মানুষকে নানা দুর্ভোগের শিকারও হতে হচ্ছে। বর্তমানে এই সড়কটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। হেরিটেজ অর্গানাইজেশন নামে একটি সামাজিক সংস্থা হালাই মোরা দেও মনু নদীর সংযোগস্থলকে হেরিটেজ তীর্থক্ষেত্রে পরিণত করার উদ্যোগ গ্রহণ করেছে। এই সংস্থার কর্ণধার সুদর্শন বৈদ্য জানিয়েছেন দুই নদীর সংযোগ স্থলে গঙ্গা মাতার পাথরের প্রতিমা বসানোর কাজ চলছে।

## ডেপুটেশন

● প্রথম পাতার পর

আরও দাবি, অনিয়মিতদের মিড ডে মিল কর্মীদের নিয়মিত করা, মিড ডে মিল কর্মীদের ছাটাই করা চলবে না। মিড ডে মিল কর্মীদের পেনশন চালু করা, অবসরকালীন সময়ে এককালীন ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান এবংমিড ডে মিল কর্মীদের প্রবিডেন্ট ফান্ড চালু করা হোক।

## একাধিক শ্রমিক

● প্রথম পাতার পর

সকালে মহারাজগঞ্জ বাজারে বহি:রাজ্যের এ এস ০১ ই সি ৯৬৭১ গাড়িটি হঠাৎ করে নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে টি আর ০১ এ এম ১৮৬১ নাম্বারবাহী গাড়িকে সজোরে ধাক্কা দেয়। পরবর্তীতে আরেকটি গাড়িকেও ধাক্কা দেয়। ওই ঘটনায় দাঁড়িয়ে থাকা শ্রমিকরা অল্পতে রক্ষা পায়। সাথে সাথে পুলিশকে খবর দেওয়া হয়েছে। পুলিশ ঘটনাস্থলে ছুটে গিয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# পাওনা বকেয়ার দাবীতে বড়জোড়া বনদফতরের অনশন

বাঁকুড়া, ৩ জানুয়ারি (হি. স.) : বন দফতরের কাজ করে পাওনা না পেয়ে শুক্রবার সকাল থেকে অনশনে বসেছেন ৭৮ জন বিভিন্ন কাজে যুক্ত থাকা শ্রমিক। শনিবার বিকেল পর্যন্ত বন দফতরের উর্ধতন কর্তৃপক্ষের কোনো আশ্বাস না মেলায় রেঞ্জ অফিসের সামনে উত্তেজনা বাড়তে থাকে। ঘটনাটি বাঁকুড়া উত্তর বন বিভাগের বড়জোড়া রেঞ্জের। অনশনকারীরা বড়জোড়া রেঞ্জ অফিসের দরজার সামনে বসে পড়েছেন। যার ফলে শুক্রবার সকাল থেকে শনিবার বিকেল পর্যন্ত রেঞ্জ অফিসেই কার্যত বন্দি হয়ে রইলেন বিদায়ী এবং নবাগত দুই রেঞ্জ অফিসার। দীর্ঘদিন বড়জোড়া রেঞ্জের দায়িত্বে ছিলেন ঋত্বিক দে। তিনি বদলি হয়ে চলে যাচ্ছেন অন্যত্র। তার জায়গায় এসেছেন সৈয়দ সফিউর রহমান।

শুক্রবার ঋত্বিক দে তাকে দায়িত্ব হস্তান্তর করে চলে যাচ্ছেন শুনেই শ্রমিক ও পাওনাদারেরা অফিসের সামনে বিক্ষোভ ও অনশনে বসে পড়েন। বড়জোড়া ভাড়া করা ৪ টি গাড়ি চলে। সাফিউল তরফদার নামে এক গাড়ির মালিক ৬ লাখ ৭৬ হাজার টাকা পাবেন বলে দাবি করেন। লব ঘোষ নামে আরেক গাড়ির মালিকের পাওনা ৫ লাখ টাকা। তাদের দাবি হাতি বেশি ঢুকলে মৌখিক ভাবে আরও বাড়তি গাড়ি দিতে বলেন রেঞ্জ অফিসার। সেই মত হুলা পার্টির লোক বাড়ানোর জন্য বলেন, হুলা সরবরাহ, হুলার জন্য তেল, হাতির খাবার সরবরাহের জন্য সস্তার সবজী, কলাগাছ ইত্যাদির বরাত দেন রেঞ্জার। এইভাবে প্রায় ৬০ লাখ টাকা পাওনা। সফিরুল তফাদার বলেন ২০১৪ থেকে এই রেঞ্জে গাড়ি দিচ্ছি। ২০১৮ থেকে কোনো মাসে ১০ হাজার কখনও ৩ মাস পর ১৫ হাজার এই ভাবে বাকি পড়েছে। লব ঘোষের দাবিও তাই। তিনি বলেন নিজের পকেটের টাকা খরচ করে গাড়ি চালিয়েছি। মাধ্যমিক উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময় আরও বাড়তি গাড়ি দিয়ে পরীক্ষার্থীদের বাড়ি থেকে সেন্টার নিয়ে যাওয়া আসা করিয়েছি। গত এক বছর ধরে ৯ জন মহিলা শ্রমিক নার্সারিতে কাজ করে মাইনে পাননি। তারাও এদিন অনশনে বসেছেন।

এবিষয়ে শাসকদলের বিরোধীরা এখানেও দুর্নীতির অভিযোগ তুলেছেন। সিপিআইএম নেতা সুজয় চৌধুরী বলেন, হাতি তাড়ানোর নামে জেলার একেকটি রেঞ্জে কোটি কোটি টাকা আত্মসাৎ হয়েছে। তার দাবি কোনো লিখিত অর্ডার ছাড়াই কি করে লোক নিয়োগ, গাড়ি এনগেজড, হুলা পার্টি মোতায়েন, হাতির খাবারের বরাত হয়? এটাই তো দুর্নীতির বড় প্রমান। বিদায়ী সাংসদ সৌমিত্র খাঁর অভিযোগ, তৃনমুল নেতাদের যোগসাজসে বন কর্তারা মানুষকে জীবনের ঝুঁকি নিয়ে কাজ করিয়ে তাদের মজুরী না দিয়ে সব আত্মসাৎ করেছে। রাজীব ব্যনার্জী মন্ত্রী থাকাকালীন সময় থেকেই এই দুর্নীতি হয়েছে। বড়জোড়ার বিধায়ক চুপ কেন রয়েছেন বলে প্রশ্ন তোলেন সৌমিত্র। তিনি বলেন অবিলম্বে সকলের পাওনা মিটিয়ে তদন্ত করা হোক।বড়জোড়ার নতুন রেঞ্জ অফিসার সৈয়দ সফিউর রহমান বলেন, আমি সদ্য দায়িত্ব নিয়েছি। বিষয়টি উর্ধতন কর্তৃপক্ষকে জানানোর পর তারা নির্দেশ দিয়েছেন বিক্ষোভকারীদের কাছ থেকে লিখিত ভাবে তাদের কি পাওনা তা নিতে বলেছেন। সেইমত অনশনকারিরা লিখিত দাবি পত্র জমা দিয়ে অনশন তুলে নেন। ১ মাসের মধ্যে সমাধান না হলে ফের আন্দোলনে নামবেন বলে তারা জানিয়েছেন।

# তৃণমূল কর্মীকে কুপিয়ে খুন, ধৃত ৩ জনের ৭ দিনের পুলিশ হেফাজত

নদিয়া, ৩ জানুয়ারি (হি.স.) : বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে তৃণমূল কর্মী সাইদুল শেখকে কুপিয়ে খুনের ঘটনায় গ্রেফতার হয়েছে তিন অভিযুক্ত। ধৃতদের শনিবার তেহট্ট মহকুমা আদালতে পেশ করা হলে তাঁদের সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক।পুলিশ সূত্রে খবর, ধৃতদের সঙ্গে মৃত তৃণমূল কর্মীর জমি সংক্রান্ত বিবাদ চলছিল। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে বাকি অভিযুক্তদের গ্রেফতার করার চেষ্টায় পুলিশ।তৃণমূল কর্মী খুনের ঘটনায় থানারপাড়া থানার পুলিশ রাতভর তল্লাশি চালিয়ে গ্রেফতার করে লিখিত অভিযোগে নাম থাকা তিন অভিযুক্তকে। উদ্ধার হয় খুনে ব্যবহৃত অস্ত্রও। পুলিশ সূত্রে খবর, এই ঘটনায় এখনও পর্যন্ত ১১ জনের বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়েছে। তবে তাঁদের রাজনৈতিক পরিচয় এখনও স্পষ্ট নয়।সূত্রের খবর, ধৃত শাহাদ আলি মণ্ডল, টারজান মণ্ডল এবং একরামুল মণ্ডলের সঙ্গে বছরখানেক ধরে একটি জমি সংক্রান্ত বিবাদ চলছিল তৃণমূল কর্মী সাইদুলের। সেই বিবাদের জেরে মৃত তৃণমূল কর্মীকে আগেও মারধরের অভিযোগ উঠেছিল এই তিন জনের বিরুদ্ধেই। সাইদুল অভিযোগ করেছিলেন পুলিশে। অভিযোগের উপর ভিত্তি করে পুলিশ তিন জনকে গ্রেফতারও করেছিল। সেই বিবাদের জেরেই সাইদুলকে খুন করা হয় বলে মনে করছে পুলিশ।৯ মার্চ রাত সাড়ে আটটা নাগাদ করিমপুর ২ ব্লকের তৃণমূল কর্মী সাইদুলকে তাঁর বাড়ি থেকে ডেকে নিয়ে যায় তিন দুষ্কৃতী। তার কিছু ক্ষণ পরেই বাড়ির অদূরে একটি কালভার্টের কাছে সাইদুলকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। তড়িঘড়ি সাইদুলকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় নতিডাঙ্গা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

# পাচারের আগে, অন্ডালে ফের আগ্নেয়াস্ত্র সহ ধৃত যুবক

দুর্গাপুর,৩ জানুয়ারি (হি. স.) : লোকসভা ভোট ঘোষনার আগে অন্ডালের সিঁদুলি এলাকায় আবারও আগ্নেয়াস্ত্র ধরা পড়ল এক যুবক। পুলিশ সুত্রে জানা গেছে, ধৃতের নাম নন্দদুলাল সাউ। পাণ্ডবেশ্বর থানা অন্তর্গত হরিপুর বাজার কালী মন্দির সংলগ্ন এলাকার বাসিন্দা। তার কাছ থেকে একটি দেশী পাইপগান উদ্ধার করেছে পুলিশ।ঘটনায় জানা গেছে, নির্বাচনের আগে খনি অঞ্চলে কড়া নিরাপত্তা ব্যাবস্থা শুরু করেছে। তার জন্য মোবাইল টহল ও নাকা চেকিংয়ে বাড়তি গুরুত্ব দিয়েছে কমিশনারেট পুলিশ। শুক্রবার রাত ১১ টা নাগাদ অন্ডাল থানার সিদুলি এলাকায় পুলিশের রুটিন টহল চলছিল। ওইসময় সন্দেহজনক ওই যুবককে আটক করে তল্লাশী শুরু করে। তল্লাশী চালাতেই তার কাছ থেকে একটি দেশী পাইপ গান ও তিন রাউন্ড তাজা কার্তুজ উদ্ধার হয়। তারপরই তাকে গ্রেফতার করে পুলিশ। ওই আগ্নেয়াস্ত্র বিক্রি করার উদ্দেশ্যেই নিয়ে এসেছিল বলে পুলিশের প্রাথমিক অনুমান।শনিবার ধৃত যুবককে দুর্গাপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তার জামিন খারিজ করে দেন। উল্লেখ্য, গত ১৩ মার্চ অন্ডালের বাঁকোলা এলাকা থেকে প্রমোদ পাশওয়ান নামে এক যুবককে আগ্নেয়াস্ত্র সহ গ্রেফতার করে পুলিশ। পর আগ্নেয়াস্ত্র উদ্ধারে বিস্তর জল্পনা শুরু হয়েছে রাজনৈতিক মহলে। বিজেপির আসানসোল সাংগঠিনক জেলার মুখপাত্র জিতেন চট্টোপাধ্যায় জানান,' অতীতে নজির রয়েছে, রাজ্য পঞ্চায়েত ভোট, পুরসভা ভোট বিধাসভা ভোটে তৃণমূল কংগ্রেস বহিরাগত লোকজন রিগিং সন্ত্রাস করেছে। লোকসভা ভোটেও একইরকমভাবে সন্ত্রাস চালাবে তৃণমূল। তাই এখন থেকে নিজেদের দলীয় কার্যালয়ে আগ্নেয়াস্ত্র মজুত করছে। আমরা নির্বাচন ঘোষনার পরই কমিশনের কাছে বিষয়টি নিয়ে অভিযোগ জানাবো। বে আইনী আগ্নেয়াস্ত্র উদ্ধারের দাবী জানাচ্ছি।' যদিও তৃণমূল কংগ্রেস অভিযোগ অস্বীকার করে জানিয়েছে, বিজেপি বহিরাগত লোকজন নিয়ে এসে এলাকার মানুষের মধ্যে ভিতি সঞ্চার করে।' পুলিশ জানিয়েছে, ধৃতকে জিজ্ঞাসাবাদের জন্য আদালতে রিমান্ডের আবেদন করা হয়েছে। কোথা থেকে কিভাবে আগ্নেয়াস্ত্র পেয়েছে, কি উদ্দেশ্যে রেখেছিল, তার তদন্ত করে দেখা হচ্ছে।

## পুষ্পিতা গুপ্ত

● প্রথম পাতার পর

মোতায়েন করা, সংখ্যালঘুদের নিরাপত্তার জন্য হিন্দু অধ্যুষিত অঞ্চলে ড্রোনের ব্যবস্থা করা, বাস্তুচ্যুত সংখ্যালঘুদের পুর্ণবাসনের ব্যবস্থা করা সহ পাঁচ দফা দাবি জানিয়েছেন।

## চোরের হানা

● প্রথম পাতার পর

তিনি দেখতে পান মোবাইল নেই। সাথে সাথে বিশালগড় থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

## গাড়ির ধাক্কায় নিহত এক

● প্রথম পাতার পর

হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। স্থানীয়দের অভিযোগ, রাস্তার বেহাল দশার কারনেই দুর্ঘটনা ঘটে চলেছে এই এলাকায়। যা নিয়ে চরম ক্ষোভ ধূমায়িত হচ্ছে সোনামুড়ার সাধারণ মানুষের মধ্যে।

## ধ্বংস করল পুলিশ

● প্রথম পাতার পর

সংবাদের ভিত্তিতে খবর আসে উত্তর তাকমা এলাকায় গাঁজা চাষ করা হচ্ছে। ওই খবরের ভিত্তিতে পুলিশ বাহিনীর অভিযানে প্রায় ২ হাজার গাঁজা গাছ নষ্ট করা হয়েছে। আগামীদিনেও এরকম অভিযান জারি থাকবে বলে জানান তিনি।

# মধ্যপ্রদেশে ট্রেনে কাটা পড়ে মৃত্যু

বিজুড়ি, ৩ জানুয়ারি (হি.স.) : শুক্রবার সকালে মধ্যপ্রদেশের বিজুড়িতে ট্রেনের ধাক্কায় এক মহিলার মৃত্যু হয়েছে। এক পুলিশ আধিকারিক জানান , ওই মহিলা ভিক্ষা করতেন। রেলওয়ে ওভার ব্রিজের কাছে এই দুর্ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়।ওই মহিলার পরিবারের সদস্যদের সঙ্গে এখনও যোগাযোগ করা সম্ভব হয়নি বলে জানা যাচ্ছে।

# রাজ্যপালকে নববর্ষের শুভেচ্ছা ছত্তিশগড়ের উপমুখ্যমন্ত্রীর

রায়পুর, ৩ জানুয়ারি (হি.স.) : শুক্রবার ছত্তিশগড়ের রাজভবনে রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করলেন ছত্তিশগড়ের উপমুখ্যমন্ত্রী। জানা গেছে, রাজ্যপাল রমেন ডেকার সঙ্গে সাক্ষাৎ করেন উপমুখ্যমন্ত্রী বিজয় শর্মা। এদিন তিনি রাজ্যপালকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানান। রাজ্যপাল ও উপমুখ্যমন্ত্রী ছত্তিশগড়ের উন্নয়ন—সহ একাধিক বিষয় নিয়ে আলোচনা করেন বলে জানা যাচ্ছে।

# অতিশী একজন মুখ্যমন্ত্রী তাঁর উচিত সঠিকভাবে শব্দ ব্যবহার করা : সঞ্জয় শেঠ

উজ্জয়িনী, ৩ জানুয়ারি (হি.স.): কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা শিবরাজ সিং চৌহান সম্পর্কে দিল্লির মুখ্যমন্ত্রী অতিশীর মন্তব্যের তীব্র সমালোচনা করলেন কেন্দ্রীয় মন্ত্রী সঞ্জয় শেঠ। তাঁর কথায়, অতিশী একজন মুখ্যমন্ত্রী, তাঁর উচিত সঠিকভাবে শব্দ ব্যবহার করা। শুক্রবার সকালে মধ্যপ্রদেশের উজ্জয়িনীতে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে সঞ্জয় শেঠ বলেছেন, 'গতকাল দিল্লির মুখ্যমন্ত্রী যে শব্দগুলি ব্যবহার করেছিলেন তা কাম্য নয়। শিবরাজ সিং চৌহানের মতো একজন প্রবীণ নেতার বিরুদ্ধে খারাপ শব্দ ব্যবহার করা, এই গণতন্ত্রের জন্য শুভ ক্ষণ নয়। তিনি মুখ্যমন্ত্রী এবং তাঁর উচিত সঠিকভাবে শব্দ ব্যবহার করা।'সঞ্জয় শেঠ আরও বলেছেন, 'আপনি যদি কাউকে সন্ত্রাসী বলে সম্বোধন করেন তাহলে আপনার মানসিকতা বোঝা যায়, আমরা সবাই বলি গণতন্ত্র শক্তিশালী, এখন কেউ কিছু বললে সেটা তাদের মানসিকতা বোঝায়, তাদের ভাষা, তাদের স্টাইল, তাদের চরিত্র, তাদের চেহারা বোঝায়। আমরা সবাই ভারতের মাতার সেবায় নিবেদিত।' উল্লেখ্য, এদিন সকালে কেন্দ্রীয় মন্ত্রী সঞ্জয় শেঠ উজ্জয়িনীর শ্রী মহাকালেশ্বর জ্যোতির্লিঙ্গ মন্দিরে ভস্ম আরতিতে যোগ দেন।

# চিতাবাঘের আতঙ্ক

জলপাইগুড়ি, ৩ জানুয়ারি (হি.স.): শুক্রবার রাজগঞ্জ ব্লকের শিমুলগুড়িতে চিতাবাঘের আতঙ্ক। খবর পেয়ে বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে চিতাবাঘটিকে খুঁজতে শুরু করেন।জানা যাচ্ছে, শুক্রবার দুপুরে শিমুলগুড়ি এলাকার একটি চা বাগানে কাজ করার সময় চিতাবাঘটিকে দেখেন শ্রমিকরা। এরপরই আতঙ্ক ছড়িয়ে পড়ে এলাকায়। খবর দেওয়া হয় বন দফতরকে। খবর পেয়ে বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে চিতাবাঘের খোঁজ শুরু করেন। এ ব্যাপারে বিট অফিসার মহেশ কুমার বাল্মিকি জানান, চা বাগানে একটি চিতাবাঘের দেখা পাওয়া গেছে, এই খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে চিতাবাঘের খোঁজ শুরু হয়। তবে এখনও পর্যন্ত চিতাবাঘের হদিশ পাওয়া যায়নি।

# পার্কিংকে কেন্দ্র করে গুলি, আহত এক

জম্মু, ৩ জানুয়ারি (হি.স.): পার্কিংকে কেন্দ্র করে চললো গুলি। জানা গেছে, জম্মুর নিউ প্লট এলাকায় পার্কিংকে কেন্দ্র করে সংঘর্ষে একজন গুলিবিদ্ধ হয়েছেন। আহত ব্যক্তিকে চিকিৎসার জন্য জিএমসি জম্মুতে নিয়ে যাওয়া হয়।পুলিশ সূত্রে জানা গেছে, আহত ব্যক্তির নাম কানভ শর্মা। আপাতত তাঁর অবস্থা স্থিতিশীল বলে জানা গেছে। পুলিশ এই ঘটনায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

# সোমবার থেকে দাম বাড়ছে পাউরুটির

কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): গত নভেম্বর মাসেই ইঙ্গিত মিলেছিল যে পাউরুটির দাম ফের বাড়বে। শেষ পর্যন্ত সেই সিদ্ধান্ত স্থগিত রাখা হয়েছিল। কিন্তু আগামী সপ্তাহের শুরু থেকেই দাম বেড়ে যাচ্ছে পাউরুটির। এক ধাক্কায় ৪ টাকা দাম বাড়তে চলেছে পাউরুটির। সব ধরনের পাউরুটির দামই বাড়ছে আগামী সোমবার থেকে। বেকারি শিল্পকে বাঁচানোর জন্যই এমন সিদ্ধান্ত নেওয়া হচ্ছে বলে জানানো হয়েছে।

সোমবার অর্থাৎ আগামী ৫ জানুয়ারি থেকে দাম বাড়ছে পাউরুটির। ৪০০ গ্রাম পাউরিটির দাম বেড়ে হবে ৩৬ টাকা। ২০০ গ্রাম পাউরুটির দাম বেড়ে হবে ১৮ টাকা। ১০০ গ্রাম পাউরুটির দাম বেড়ে হবে ৯টাকা ৫০ পয়সা। পাউরুটি তৈরি করতে যে সমস্ত কাঁচামালের প্রয়োজন তাদের দাম বিগত কয়েক মাসে বেড়ে যাওয়ার ফলেই এখন পাউরুটির দাম বাড়ছে বলে জানানো হয়েছে।

প্রাতঃরাশ থেকে টিফিন পাউরুটি বহু মানুষের পছন্দ। একাধিক পদ বানানো যায় পাউরুটি দিয়ে। পরিসংখ্যান বলছে, শুধুমাত্র কলকাতায় একদিনে ২ থেকে আড়াই লাখ পাউরুটি সরবরাহ করা হয়। তাই তার দাম এক লাফে ৪ টাকা বাড়ায় পকেটে যে চাপ পড়বে আমজনতার, তা বলাই বাহুল্য।

# বিশেষ উদ্যোগ, সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলে দুঃস্থ ছাত্রছাত্রীদের বিনামূল্যে বিলি পুস্তক সামগ্রী

কলকাতা, ৩ জানুয়ারি (হি. স.) : সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলের দুঃস্থ ছাত্রছাত্রীদের পুস্তক ও পাঠ্য সামগ্রী দান করেছে ভারত সেবাশ্রম সঙ্ঘ। আগামী নতুন শিক্ষাবর্ষের নতুন পাঠক্রমের পড়ুয়াদের জন্যেই এই উদ্যোগ। উল্লেখ্য, জলবেষ্টিত ভূখন্ডে ভারত সেবাশ্রম সঙ্ঘের উদ্যোগেই সুন্দরবনের সমস্ত দ্বীপের প্রত্যন্ত ও পিছিয়ে পড়া অঞ্চলের প্রায় ৪২টি স্কুলের ছাত্রছাত্রীদের বিনামূল্যে চতুর্থ শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তক ও খাতা ইত্যাদি সামগ্রী তুলে দেওয়া হয়।

কলকাতার বালিগঞ্জে ভারত সেবাশ্রম সঙ্ঘের উদ্যোগে স্কুলগুলিকে পুস্তক ও পাঠ্য সামগ্রী শুক্রবার তুলে দিয়েছেন ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রধান সম্পাদক স্বামী বিশ্বাত্মানন্দ মহারাজ। তিনি বলেন, শিক্ষার পাশাপাশি গ্রামীণ অর্থনীতির উন্নয়নে নানা কাজ করে চলেছেন তারা। আরও উন্নততর পরিষেবা অর্থাৎ বিজ্ঞানসম্মতভাবে প্রাণী সম্পদ বিকাশ সহ নানা কাজে সচেষ্ট রয়েছে ভারত সেবাশ্রম সঙ্ঘ। তাদের স্বনির্ভর করে তুলতে মৎস্য পালন সহ নানা বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার কাজ চলছে। এছাড়াও বিনামূল্যে চিকিৎসার ব্যাবস্থা করা হয়েছে। গঙ্গাসাগর, বাসন্তী, গোসাবা, কুলপি, মন্দির বাজার, কুলতলির মৈপীঠ প্রভৃতি অঞ্চলের জন্য দুঃস্থ পড়ুয়াদের প্রতি এই সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া হয়েছে বলে তিনি জানান। সংশ্লিষ্ট স্কুলের শিক্ষক ও শিক্ষিকারাও এদিন উপস্থিত ছিলেন।

# চেনা ছন্দে শীত; ঠান্ডায় কাঁপছে বঙ্গের পশ্চিমাঞ্চল, ৪৮ ঘণ্টা পরই চড়বে তাপমাত্রা

কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): নতুন বছরের তৃতীয় দিনও শীতের আমেজ রয়েছে কলকাতা-সহ সমগ্র দক্ষিণবঙ্গে, শহর থেকে শহরতলি সর্বত্রই জমজমাট ঠান্ডা রয়েছে। কলকাতা ও লাগোয়া জেলাগুলির তুলনায় পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে ঠান্ডা অনেকটাই বেশি। তবে, আগামী ৪৮ ঘণ্টার পর থেকে ফের চড়তে পারে তাপমাত্রা। কমতে পারে ঠান্ডাও। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম।

আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, ৪ জানুয়ারি উত্তর-পশ্চিম ভারতে পশ্চিমি ঝঞ্ঝা ঢুকতে পারে। এর প্রভাবে সপ্তাহান্তে তাপমাত্রা বাড়তে পারে। আপাতত দক্ষিণবঙ্গের সর্বত্র আবহাওয়া শুষ্কই থাকবে। তবে উত্তরবঙ্গের তিন জেলায় সপ্তাহান্তে বৃষ্টি কিংবা তুষারপাত হতে পারে। শনি ও রবিবার হালকা বৃষ্টি হতে পারে দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পঙে। দার্জিলিং ও কালিম্পঙের পার্বত্য অঞ্চলে তুষারপাতও হতে পারে। কালিম্পং, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর এবং মালদায় সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে। জমজমাট ঠান্ডায় কাঁপছে দিল্লি-সহ উত্তর ভারতের বিভিন্ন রাজ্য। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় উত্তর-পশ্চিম ও মধ্য ভারতে শীতের দাপট বজায় থাকবে। শৈত্যপ্রবাহের পাশাপাশি ঘন কুয়াশাও অব্যাহত থাকবে।

দিল্লি, পঞ্জাব, হরিয়ানা-সহ দেশের বিভিন্ন রাজ্য এমনিতেই ঠান্ডায় কাঁপছে। ঠান্ডায় কম্পমান উত্তর প্রদেশও। শুক্রবার সকালেও জমজমাট ঠান্ডা অনুভূত হয়েছে দিল্লিতে। আপাতত আগামী কিছু দিন এমনই শীতের দাপট বজায় থাকবে।

ঘন কুয়াশার কারণে অমৃতসরে এদিন সকালে দৃশ্যমানতা কমে যায়, দিল্লিও কুয়াশায় আচ্ছন্ন ছিল। নতুন দিল্লি রেল স্টেশন থেকে এদিন বেশ কিছু ট্রেন দেরিতে ছেড়েছে। এছাড়াও জয়পুর, গোয়ালিয়র, বারাণসী, অযোধ্যা ঘন কুয়াশায় আচ্ছন্ন ছিল।


# বুদুবদে এসটিএফের হানায় সাড়ে ৯ হাজার ফেনসিডিল উদ্ধার, ধৃত ২

দুর্গাপুর, ৩ জানুয়ারি (হি. স.) : উত্তরপ্রদেশ টু বাংলাদেশ সীমান্ত। ফের রাজ্যে নিষিদ্ধ কফ সিরাপ পাচারকারীরা সক্রিয়। আর মাদক পাচারকারীদের কী করিডর আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চল? কার্যত সেই প্রশ্ন আবারও মাথাচাড়া দিয়ে উঠল রাজ্যজুড়ে। প্যাকেট এলাচ পরিবহন গাড়ীতে বেআইনিভাবে পাচারের এসটিএফের জালে ধরা পড়ল সাড়ে ৯ হাজার নিষিদ্ধ কফ সিরাফ ফেনসিডিল। সোমবার রাতে ঘটনাটি ঘটেছে ১৯ নং জাতীয় সড়কের ওপর বুদবুদ সাধুনগর চেকপোষ্ট এলাকায়। ঘটনায় দুদিনে ২ জনকে গ্রেফতার করল রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতদের অঙ্কিত কুমার ও ধিরাজ যাদব উত্তরপ্রদেশের বাসিন্দা। মঙ্গলবার ধৃত ২ জনকে আসানসোল জেলা আদালতে তোলা হলে বিচারক তাদের জামিন খারিজ করে দেন।

টনায় জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে সোমবার রাত ৩ টা নাগাদ ১৯ নং জাতীয় সড়কের ওপর বুদবুদের সাধুনগর চেকপোষ্ট এলাকায় হানা দেয় এসটিএফ দল। ওইসময় উত্তরপ্রদেশ থেকে কলকাতাগামী একটি প্যাকেট এলাচ বোঝাই একটি ছ'চাকা লরি আটক করে। তাতে পলি ব্যাগে নিষিদ্ধ কফ সিরাপের বেশ কিছু কার্টুন লুকিয়ে রাখা ছিল। তল্লাশী চালাতেই সেগুলি উদ্ধার করে এসটিএফ। বস্তার মোড়ক খুলে সাড়ে ৯ হাজার ফেনসিডিল বাজেয়াপ্ত করে এসটিএফ। গাড়িটিও বাজেয়াপ্ত করে। জানা গেছে, ওইসব ফেনসিডিল বাংলাদেশে পাচারের জন্য নিয়ে যাওয়া হচ্ছিল। ওই কফ সিরাপ নেশা করার কাজে ব্যবহার হওয়ায় নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে আমাদের দেশে। তবে কালোবাজারে ওই কফ সিরাপ ৫০০ টাকা দরে বিকোয়। আবার বাংলাদেশে ওই কফ সিরাপের চাহিদা রয়েছে প্রচুর। সেখানে হাজার টাকা প্রতি বোতল কালোবাজারে বিকোয়। তাই মোটা টাকা মুনাফার আশায় বাংলাদেশে মুলত বেশী পাচার হয়। এদিন ঘটনায় লরির চালক সহ দুজনকে আটক করে বুদবুদ থানার পুলিশের হাতে তুলে দেয় এসটিএফ। এবং দুজনকে গ্রেফতার করে বুদবুদ থানার পুলিশ। মঙ্গলবার তাদের আসানসোল জেলা আদালতে তোলা হলে বিচারক তাদের জামিন খারিজ করে ১০ দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন।

জানা গেছে, আটক হওয়া ফেনসিডিল পশ্চিমবঙ্গে কালোবাজারে মুল্য প্রায় ৪০ লক্ষ টাকা। আবার বাংলাদেশের কালোবাজারের মুল্য প্রায় ১ কোটি টাকা। আর এখানেই প্রশ্ন উঠেছে, এরাজ্য নিষিদ্ধ কফ সিরাপ পাচার কি আবারও সক্রিয়? প্রসঙ্গত, গত ২০২৩ সালের ১ ও ২ অক্টোবর দুর্গাপুর এবিএল ও গান্ধী মোড়ে ২০ হাজার ফেনসিডিল বাজেয়াপ্ত করে এসটিএফ। জানা গেছে, সেগুলি বাংলাদেশে পাচারের জন্য নিয়ে যাওয়া হচ্ছিল। তার আগে গত ২০ ফেব্রুয়ারী পাচারের আগে কাঁকসার বাঁশকোপা টোলপ্লাজার কাছে ৬ হাজার ফেনসিডিল বাজেয়াপ্ত করে এসটিএফ। ওই ফেনসিডিল মুর্শীদাবাদ হয়ে বাংলাদেশের উদ্দেশ্যে পাচারের জন্য নিয়ে যাওয়া হচ্ছিল। ঘটনায় রুবেল শেখ ও আলামিন শেখ নামে দুই পাচারকারী লিফটার সহ ৪ জনকে গ্রেফতার করে পুলিশ। এবং তাদর গাড়িও আটক করে। গত ২০২২ সালের ৮ ফেব্রুয়ারী দুর্গাপুর স্টেশনে জিআরপির জালে ১৯৯ বোতল কফসিরাপ ২ জন ধরা পড়ে। ধৃতদের নাম সাদ্দাম হোসেন ও মান্নান আলী। দুজনেই মালদার কালিয়াচকের বাসিন্দা। ২০২২ সালে ৩০ জুন ১৯ জাতীয় সড়কের অন্ডালের ভাদুর মোড়ে এসটিএফের তল্লাশীতে উদ্ধার হয় ১০ হাজার বোতল নিষিদ্ধ কফ সিরাপ। ঘটনায় ভানু প্রতাপ সিং, ধীরেন্দ্র প্রতাপ সিং ও দীপ সিং নামে ৩ জনকে গ্রেফতার করে পুলিশ। উত্তর প্রদেশ থেকে আগ্রা থেকে বনগাঁ হয়ে বাংলাদেশে পাচার করার উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল ওই কফ সিরাপ গুলি। তারপর এদিনের ঘটনায় স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠেছে, আসানসোল, দুর্গাপুর, পানাগড়কে আন্তঃরাজ্য মাদক পাচারকারীরা কি করিডর হিসাবে ব্যাবহৃত করছে? যদিও পুলিশ জানিয়েছে, 'ধৃতদের হেপাজতে নেওয়া হয়েছে। কোথায় পাচার হচ্ছিল, তার তদন্ত শুরু হয়েছে।'

CMYK



ত্রিপুরা রঞ্জিত দলের ক্রিকেটাররা শুক্রবার হায়দরাবাদে তেলেঙ্গানার রাজ্যপাল যীষ্ণু দেববর্মার সাথে সাক্ষাৎ করেছেন।

# বিজয় হাজারে : গ্রুপ লীগের শেষ ম্যাচে কেরালার কাছেও হারলো ত্রিপুরা

**কেরালা - ৩২৭/৫ ত্রিপুরা- ১৮২**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। পরাজয় দিয়ে আসর শেষ করলো ত্রিপুরা। ব্যাটসম্যানদের চূড়ান্ত ব্যর্থতায়। কেরলকে বাগে পেয়েও শেষ পর্যন্ত জয় পেতে পারলো না রাজ্যদল। বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে। হায়দরাবাদের রাজীব গান্ধী ইন্টারন্যাশনাল স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে ত্রিপুরা পরাজিত হয় ১৪৫ রানে। কেরলের গড়া ৩২৭ রানের জবাবে ত্রিপুরা ১৮২ রান করতে সক্ষম হয়। ত্রিপুরার অধিনায়ক মন্দীপ সিং ৭৯ রান করেন। সকালে প্রথম ব্যাট করার সুযোগ পেয়ে প্রাথমিক বিপর্যয় কাটিয়ে বড় স্কোর করল কেরল। দলকে বড় স্কোর গরাতে মুখ্য ভূমিকা নেন কৃষ্ণ প্রসাদ। ত্রিপুরার বোলারদের কার্যত তুলোধনী করে দলকে ৩০০ রানের গণ্ডি পার করাতে মুখ্য ভূমিকা নেন প্রসাদ। কেরল নির্ধারিত ৫০ ওভারে পাঁচ উইকেট হারিয়ে ৩২৭ রান করে। দলের পক্ষে কৃষ্ণ প্রসাদ ১১০ বল খেলে ছয়টি বাউন্ডারি ও আটটি ওভার বাউন্ডারির সাহায্যে ১৩৫ রানের ঝলমলে ইনিংস উপহার দেন। এছাড়া দলের পক্ষে রোহন এস কুন্নুম্মাল ৬৬ বল খেলে ছয়টি বাউন্ডারির সাহায্যে ৫৭, দলনায়ক সালমান নিজার ৩৪ বল খেলে তিনটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ৪২(অপ:), আনন্দ কৃষ্ণান ৩৪ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে বাইশ, মোহাম্মদ আজহার উদ্দিন ৩৪ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ২৬ এবং সরফরাদ্দিন ১০ বল খেলে দুটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে কুড়ি রান করেন। ত্রিপুরার পক্ষে অর্জুন দেবনাথ ৭২ রানের দুটি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে ত্রিপুরার ইনিংস গুটিয়ে যায় ১৮২ রানে। দলনায়ক মন্দীপ সিং ছাড়া তেমন কেউ প্রতিরোধ গড়ে তুলতে পারেননি। যার দরুন আসরে শেষ ম্যাচেও পরাজিত হলো ত্রিপুরা। রাজ্য দলের পক্ষে মন্দীপ সিং ৭৯ বল খেলে সাতটি বাউন্ডারির সাহায্যে ৭৮, রজত দে ৪১ বল খেলে তিনটি বাউন্ডারি সাহায্যে ২৪, তেজস্বী যশোয়াল ৪০ বল খেলে চারটি বাউন্ডারি সাহায্যে ২৩ এবং মনি শংকর মুড়া সিং ১৯ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৮ রান করেন। কেরলের পক্ষে এ সার্ভাতে ২২ রানে এবং নিধেশ ৩৬ রানে তিনটি উইকেট দখল করেন। আসরে ছয় ম্যাচ খেলে একটি ম্যাচের জয় ও একটি ম্যাচে পয়েন্ট ভাগ করে ৬ পয়েন্ট নিয়ে শেষ করলো ত্রিপুরা।

# ভুবনেশ্বরে গ্রুপ চ্যাম্পিয়নশীপের ম্যাচে ত্রিপুরার বিপক্ষে বড় স্কোর বিহারের

**বিহার -২৭৯/৯**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রাথমিক বিপর্যয় কাটিয়ে বড় স্কোর গড়তে চলেছে বিহার। একসময় ১৪ রানে ৩ উইকেট হারিয়ে খাদের ইকনারায় ছিলো বিহার। ওই অবস্থা থেকে প্রথমে স্বার্থক ঝা এবং পরে মোহিত কুমার দুরন্ত ব্যাট করে বিহারকে চালকের আসনে নিয়ে গেলো। এবং চাপে ফেলে দিলো রাজ্যদলকে। অনূর্ধ-১৬ বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেটের গ্রুপ চ্যাম্পিয়নশীপ নির্ণায়ক ম্যাচে। ভুবনেশ্বরের বিকাশ ক্রিকেট মাঠে অনুষ্ঠিত ম্যাচের প্রথম দিনে বিহার ৯ উইকেট হারিয়ে ২৭৯ রান করে। ম্যাচে ফিরতে হলে মঙ্গলবার বিহারের শেষ উইকেটটি দ্রুত তুলতে হবে ত্রিপুরাকে। এবং দলীয় ব্যাটসম্যানদের দায়িত্ব নিয়ে খেলতে হবে। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথম ব্যাট করতে নেমে শুরুতেই পৃথ্বীরাজ গোপের দুরন্ত বোলিংয়ে চাপে পড়ে যায় বিহার। একসময় ১৪ রানে তিন উইকেট, তারপর ৪২ রানে ৪ উইকেট হারিয়ে বিহার ছিল যথেষ্ট চাপে। ওই অবস্থা থেকে দুরন্তভাবে ঘুরে দাঁড়ায় বিহার। দলকে মূলত অক্সিজেন দেয় স্বার্থক ঝাঁ। শেষ দিকে মোহিত কুমার দায়িত্বশীল ব্যাট করে বিহারকে লড়াই করার মত জায়গায় নিয়ে যায়। দিনের শেষে বিহার ৯৭ ওভার ব্যাট করে নয় উইকেট হারিয়ে ২৭৯ রান করে। দলের পক্ষে সার্থক ঝাঁ ৮৭ বল খেলে দশটি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারির সাহায্যে ৯০ রান করে। এছাড়া দলের পক্ষে মোহিত কুমার ১২০ বল খেলে নয়টি বাউন্ডারির সাহায্যে ৬৩ রানে অপরাজিত থেকে যায়। চাপের মুখে এছাড়া বিহারের পক্ষে বিবেক আনন্দ ৯৬ বল খেলে ছয়টি বাউন্ডারির সাহায্যে ৩৫, অনিমেষ রাজ ৭৯ বল খেলে চারটি বাউন্ডারির সাহায্যে ২৮ এবং যশ ৪০ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে কুড়ি রান করে। ত্রিপুরার পক্ষে পৃথ্বীরাজ গোপ ৪২ রানে তিনটি এবং কিষাণ সরকার ৪৪ রানের দুটি উইকেট দখল করে।

# অস্ট্রেলিয়ার বেছে নেওয়া বর্ষসেরা টেস্ট দলে ভারতের দুই ক্রিকেটার

বছরের সেরা টেস্ট দল বেছে নিল ক্রিকেট অস্ট্রেলিয়া (সে দেশের ক্রিকেট সংস্থা)। অস্ট্রেলীয়দের নির্বাচিত দলে জায়গা পেয়েছেন ভারতের দুই ক্রিকেটার। রয়েছেন দুই ভারতীয় বংশোদ্ভুত ক্রিকেটারও। দলে জায়গা হল না রোহিত শর্মা, বিরাট কোহলির। উইকেটরক্ষক হিসাবে নির্বাচিত হননি ঋষভ পন্থও। নির্বাচিত হননি অস্ট্রেলিয়ার প্যাট কামিন্স, স্টিভ স্মিথও।সারা বছরের পারফরম্যান্সের নিরিখে সেরা টেস্ট একাদশ বেছে নিয়েছে ক্রিকেট অস্ট্রেলিয়া। মোট ছ'টি দেশের ক্রিকেটারেরা জায়গা পেয়েছেন সেই দলে। প্রত্যাশা মতোই ভারত থেকে রয়েছেন জসপ্রীত বুমরাহ। অন্যতম ওপেনার হিসাবে দলে রয়েছেন যশস্বী জয়সওয়ালও।যশস্বী সারা বছর ধারাবাহিক ভাবে রান করেছেন টেস্ট ক্রিকেটে। পার্থ টেস্টে ১৬১ রানের ইনিংস খেলেছেন। মেলবোর্নের তাঁর ব্যাট থেকে দু'ইনিংসে এসেছে যথাক্রমে ৮২ এবং ৮৪ রান। বছরের শুরুতে ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজেও দু'টি শতরান করেছিলেন ২২ বছরের ওপেনিং ব্যাটার। এ ছাড়া ভারতীয় ওপেনার হিসাবে এক ক্যালেন্ডার বছরে করেছেন সর্বোচ্চ রান। ২০২৪ সালে টেস্টে তাঁর ব্যাট থেকে এসেছে সর্বাধিক ৩৬টি ছক্কাও। স্বাভাবিক ভাবেই টেস্টের সেরা একাদশে ওপেনার হিসাবে যশস্বীকে উপেক্ষা করা সম্ভব হয়নি। তাঁর সঙ্গী ওপেনার ইংল্যান্ডের বেন ডাকেট। ২০২৪ সালে তাঁর ব্যাটিং গড় ৮৭.০৪। তিন নম্বরে ব্যাট করার জন্য বেছে নেওয়া হয়েছে ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক জো রুটকে। তিনি ২০২৪ সালে একটি দ্বিশতরান-সহ ছ'টি শতরানের ইনিংস খেলেছেন। বল হাতেও নিয়েছেন ১১টি উইকেট। ব্যাটিং অর্ডারের চার নম্বরে রয়েছেন নিউ জিল্যান্ডের অলরাউন্ডার রাচিন রবীন্দ্র। তিনিও ধারাবাহিকতা বজায় রেখেছিলেন। ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে দ্বিশতরানের ইনিংস খেলার পাশাপাশি ভারত সফরে এসেও রান করেছেন। ভারতের বিরুদ্ধে প্রথম টেস্টেই খেলেন ১৩৪ রানের ইনিংস। পাঁচ নম্বরে ইংরেজ ব্যাটার হ্যারি ব্রুক। সারা বছর ফর্ম ধরে রেখেছিলেন তিনিও। নিউ জিল্যান্ড সফরে রান পেয়েছেন। পাকিস্তান সফরে গিয়ে মুলতানে খেলেছিলেন ৩১৭ রানের ইনিংস। ব্যাটিং অর্ডারের ছ'নম্বর জায়গায় রয়েছে শ্রীলঙ্কার কামিন্দু মেন্ডিসের নাম। তিনি ১৩টি ইনিংসে ১০০০ রান করেছেন। চারটি শতরান এসেছে তাঁর ব্যাট থেকে। উইকেটরক্ষক-ব্যাটার হিসাবে ক্রিকেট অস্ট্রেলিয়ার দলে নির্বাচিত হয়েছেন অ্যালেক্স ক্যারে। তিনি ব্যাট করবেন সাত নম্বরে। উইকেটের পিছনে বেশ ভাল ফর্মে ছিলেন ক্যারে। মোট ৪৬টি আউট করেছেন। ব্যাট হাতেও দলকে ভরসা দিয়েছেন নিয়মিত।দলে রয়েছেন চার জন বিশেষজ্ঞ বোলার। ক্রিকেট অস্ট্রেলিয়ার নির্বাচিত দলের জোরে বোলিং আক্রমণের দায়িত্ব সামলাবেন নিউ জিল্যান্ডের ম্যাট হেনরি, ভারতের বুমরাহ এবং অস্ট্রেলিয়ার জশ হেজলউড। ভারতের মাটিতে নিউ জিল্যান্ডের ৩-০ ব্যবধানে টেস্ট সিরিজ জয়ের অন্যতম কারিগর ছিলেন হেনরি। ধারাবাহিকতা বজায় রাখেন গোটা বছর। বুমরাহের নির্বাচন নিয়ে প্রশ্ন ওঠা অর্থহীন। ক্রিকেট অস্ট্রেলিয়ার টেস্ট একাদশ: যশস্বী জয়সওয়াল, বেন ডাকেট, জো রুট, রবীন্দ্র জাডেজা, হ্যারি ব্রুক, কামিন্দু মেন্ডিস, অ্যালেক্স ক্যারে, ম্যাট হেনরি, জসপ্রীত বুমরাহ, জশ হেজলউড এবং কেশব মহারাজ।

## কর্নাটক হাই কোর্টে স্বস্তি উথাপ্পার

রবিন উথাপ্পার গ্রেফতারি পরোয়ানার উপর স্থগিতাদেশ দিল কর্নাটক হাই কোর্ট। কর্মচারী ভবিষ্যনিধি তহবিলে কর্মীদের বেতন থেকে কেটে নেওয়া টাকা জমা না দেওয়ার অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। গত ২১ ডিসেম্বর গ্রেফতারি পরোয়ানা জারি করেন আঞ্চলিক পিএফ কমিশনার সদাক্ষরী গোপাল রেড্ডি। তার বিরুদ্ধে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন প্রাক্তন ক্রিকেটার। কর্নাটক হাই কোর্টের রায় উথাপ্পাকে স্বস্তি দিল। উথাপ্পার একটি পোশাক তৈরির সংস্থা রয়েছে। সেই সংস্থার বিরুদ্ধে কর্মচারী ভবিষ্যনিধি তহবিলে টাকা জমা না দেওয়ার অভিযোগ রয়েছে।

## টিএফএ আয়োজিত অস্মিতা স্মৃতি ফুটবল টুর্নামেন্ট শুরু হচ্ছে আগামীকাল থেকে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত অস্মিতা ফুটবল লিগ টুর্নামেন্ট শুরু হচ্ছে ৫ জানুয়ারি থেকে। বয়স ভিত্তিক অনূর্ধ ১৩, অনূর্ধ ১৫, অনূর্ধ ১৭ তিনটি বিভাগে ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রস্তুতি অনেকটা চূড়ান্ত। পৃথক পৃথক ক্রীড়া সূচি ও ঘোষণা করা হয়েছে। ৫ জানুয়ারি সকাল ন''টায় প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন হবে। উমাকান্ত একাডেমী মিনি স্টেডিয়াম গ্রাউন্ডে সকাল ৯:০০ টায় অনূর্ধ ১৩ বিভাগের প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ, সম্মানীয় অতিথি হিসেবে আন্তর্জাতিক ফুটবল খেলোয়াড় বুলটি চৌধুরী, ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার প্রমুখ উপস্থিত থাকবেন। একই দিনে উত্তর ত্রিপুরার তিলথৈ রূপচরণ স্কুল গ্রাউন্ডে অনূর্ধ-১৭ ফুটবল টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। পরদিন অর্থাৎ ৬ জানুয়ারি সোমবার সকাল ৯ টায় উমাকান্ত একাডেমি মিনি স্টেডিয়ামে আনুষ্ঠানিক সূচনা হবে অনূর্ধ ১৫ বিভাগের ফুটবল টুর্নামেন্টের।

## মডার্ন ক্রিকেট একাডেমিকে হারিয়ে জয়ে ফিরেছে ক্রিকেট অনুরাগী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ে ফিরেছে ক্রিকেট অনুরাগী। পরপর তিনটি ম্যাচে পরাজয়ের পর ক্রিকেট অনুরাগী আজ ১৩০ রানের ব্যবধানে জয় পেয়েছে। হারিয়েছে মডার্ন ক্রিকেট একাডেমিকে। সদর অনূর্ধ ১৩ গ্রুপের খেলায় সকালে নরসিংগড়ে পঞ্চায়েত গ্রাউন্ডে ম্যাচ শুরুতে টস জিতে ক্রিকেট অনুরাগী প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। সীমিত ৪০ ওভারে সাত উইকেট হারিয়ে ১৯৭ রান সংগ্রহ করে। জবাবে ব্যাট করতে নেমে মডার্ন ক্রিকেট একাডেমির ইনিংস গুটিয়ে যায় ৬৭ রানে। উদয়ন পালের একানব্বই রান এবং রাজদীপ দাসের ৪২ রান উল্লেখযোগ্য। বোলিংয়ে উদয়ন পাল বারো রানে তিনটি উইকেট পেয়েছে। এর সুবাদে উদয়ন প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও পেয়েছে। অর্নিশ ভৌমিক পেয়েছে দুটি উইকেট তিন রানের বিনিময়ে।

## মৌচাককে হারিয়ে জয়ের ধারা অব্যাহত কর্নেল চৌমুহনী কোচিং সেন্টারের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ের ধারা অব্যাহত রেখেছে কর্নেল চৌমুহনী কোচিং সেন্টার। হারিয়েছে মৌচাক কোচিং সেন্টার কে। ১১০ রানের বড় ব্যবধানে। খেলা টিসিএ আয়োজিত সদর অনূর্ধ ১৩ গ্রুপে বিভাগের। নীপকো মাঠে সকালে ম্যাচ শুরুতে টস জিতে কর্ণেল চৌমুহনী কোচিং সেন্টার প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ৪০ ওভারে পাঁচ উইকেট হারিয়ে ১৪৮ রান সংগ্রহ করে। জবাবে ব্যাট করতে নেমে মৌচাকের ইনিংস মাত্র ৩৮ রানে থেমে যায়। কর্নেল চৌমুহনী কোচিং সেন্টারের অপরাজিত বৈশ্যের ৬৫ রান, পাশাপাশি চার রানে তিন উইকেট দখল দলকে জয়ের লক্ষ্যে পৌঁছানোর পাশাপাশি প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও পেয়েছে। এছাড়া ঈশান দাস পেয়েছিল ২৮ রান।

# সদর অনূর্ধ ১৩ ক্রিকেটে নতুন রেকর্ড গড়ে জয় পেলো জি বি প্লে সেন্টার

**জি বি পি সি -৩৯১/১ ব্লাডমাউথ- ৫৪**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরার ক্রিকেটের ইতিহাসে নজীর গড়লো দেবাংশু পাল এবং শ্রেয়ান ভৌমিক।

ওপেনিং জুটিতে দুজন যোগ করলো ৩৩৭ রান। যা রাজ্যের ক্রিকেট ইতিহাসে এক কথায় নজির। পাশাপাশি সদর অনূর্ধ ১৩ ক্রিকেটে এ বছর তৃতীয় ক্রিকেটার হিসেবে দ্বিশত রান করলো শ্রেয়ান ভৌমিক। শতদল সংঘের অঙ্কিত দাস পর পর দুই ম্যাচে দ্বিশতরান করেছিল।

দ্বিতীয় ক্রিকেটার হিসেবে জি বি প্লে সেন্টারের ঋদ্ধিমান দাস দ্বিশতরান করেছিল। শুক্রবার তৃতীয় ক্রিকেটার হিসেবে দ্বিশত রান করল শ্রেয়ান ভৌমিক। ড: বি আর আম্বেদকর স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে জি বি-র দুই ওপেনার শ্রেয়ান ভৌমিক এবং দেবাংশু পাল রীতিমতো ছেলে খেলা করে ব্লাড মাউথের বোলারদের নিয়ে। এবং রানের বন্যা বাহাতে থাকে। নির্ধারিত ৪০ ওভারে দল পাহাড় সমান ৩৯১ রান করে এক উইকেট হারিয়ে। ব্লাডমাউথের কোনও বোলারকে সমিহ করেনি ওই দুই ব্যাটসম্যান। দেবাংশু ৯৯ বল খেলে ২১ টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ১৩০ রান করে আউট হলেও অপরাজিত থেকে যায় দিনের নায়ক শ্রেয়ান। শ্রেয়ান ১৩৮ বল খেলে ৩৪ টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ২০২ রানে এবং অভয় দেব ১৬ বল খেলে ছয়টি বাউন্ডারির সাহায্যে ৩৫ রানে অপরাজিত থেকে যায়। দল অতিরিক্ত খাতে পায় ২৪ রান। জবাবে খেলতে নেমে জি বি-র পাহাড় সমান রানের নিচে কার্যত চাপা পড়ে যায় ব্লাডমাউথ ক্লাব। দল মাত্র ৫৪ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে সৌরভ চৌধুরী ৩১ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৩ এবং সমুদীপ দাস ১৮ বল খেলে একটি বাউন্ডারির সাহায্যে ১১ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ১৫ রান। জি বি-র পক্ষে অনীশ দেবনাথ ১১ রানে ৫টি, ঋদ্ধিমান দাস ৫ রানে এবং দেবাংশু পাল ১৩ রানে ২ টি উইকেট দখল করে।

# বাধারঘাটকে সহজে হারিয়ে জয়ের হ্যাটট্রিক আরসিসি-র

**এন এস আরসিসি - ২৯৫/৬ বাধারঘাট সি সি - ৪৭**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। বড় ব্যবধানে জয় পেল এন এস আর সি সি। ২৪৮ রানে পরাজিত করলো বাধারঘাট ক্রিকেট কোচিং সেন্টারকে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদর অনূর্ধ ১৩ ক্রিকেটে। বিদ্রোহী কবি নজরুল বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ম্যাচে শুক্রবার সকালে টসে জয়লাভ করে প্রথম ব্যাট করতে নেমে এন এস আর সি সি নির্ধারিত ৪০ ওভারে ছয় উইকেট হারিয়ে ২৯৫ রান করে। দলকে বড় স্কোর গড়াতে মুখ্য ভূমিকা নেয় রৌণক দাস এবং মোহাম্মদ আরমান মিঁয়া। ওই দুজনের দায়িত্বশীল ব্যাটিংয়ে বড় স্কোর করে আর সি সি। রৌনক ৭৩ বল খেলে ১৯ টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডার এর সাহায্যে ১১৪ এবং মোহাম্মদ আরমান মিঁয়া ৫৮ বল খেলে ছয়টি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারির সাহায্যে ৭৪ রান করে। এছাড়া দলের পক্ষে অঙ্কিত ঘোষ ২৬ বল খেলে পাঁচটি বাউন্ডারির সাহায্যে ৩৩ রান করে। দল অতিরিক্ত খেতে পায় ৩৮ রান। জবাবে খেলতে নেমে বাধারঘাট ক্রিকেট কোচিং সেন্টার মাত্র ৪৭ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে অঙ্কিত সরকার ৩২ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১২ এবং গৌরব মজুমদার ১৮ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১১ রান করে। আর সি সি র পক্ষে দ্বীপ দেব ৭ রানে এবং তানুজিৎ সাহা ১০ রানে ৪ টি করে উইকেট দখল করে।

# ন্যাশনাল কুরাস প্রতিযোগিতায় ত্রিপুরার সোনালীর ব্রোঞ্জ পদক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ছত্তিশগড়, রায়পুর শহরে অনুষ্ঠিত ৬৮তম স্কুল ন্যাশনাল কুরাশ (মার্শাল-আর্ট) প্রতিযোগিতার দ্বিতীয় দিনে অনুর্ধ ১৪ বছর বালিকা বিভাগে সোনালী দাস ব্রোঞ্জ পদক অর্জন করে ত্রিপুরার হয়ে।

সোনালী দাসের বাড়ি খোয়াই জেলার অন্তর্গত বনকর গ্রামে। কৃষক পরিবারের সন্তান সে।

এই ৬৮ তম স্কুল কুরাশ প্রতিযোগিতায় এই প্রথম পদক আসে ত্রিপুরার এবং আরো পদক আসার সম্ভাবনা রয়েছে বলে জানালেন ত্রিপুরা কুরাস দলের কোচ তথা ত্রিপুরা কুরাস অ্যাসোসিয়েশনের সচিব রাহুল ভট্টাচার্য্য। সোনালী দাসকে ফোনের মাধ্যমে অভিনন্দন জানিয়েছেন ত্রিপুরা কুরাশ এসোসিয়েশনের সভাপতি তথা মাতাবাড়ি বিধানসভার বিধায়ক অভিষেক দেবরায় ও ত্রিপুরা ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সেক্রেটারি সুকান্ত ঘোষ।

# ইংল্যান্ড সিরিজে বিশ্রামের সম্ভাবনা রোহিত-কোহলিকে, সঙ্গী বুমরাহও !

আগামী জানুয়ারি মাসে ভারত সফরে আসবে ইংল্যান্ড। পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি এবং তিন ম্যাচের এক দিনের সিরিজে মুখোমুখি হবে দু'দল। সাদা বলের এই সিরিজে সম্ভবত খেলবেন না ভারতীয় দলের তিন সিনিয়র ক্রিকেটার রোহিত শর্মা, বিরাট কোহলি এবং জসপ্রীত বুমরাহ।

আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেট থেকে অবসর নিয়েছেন রোহিত এবং কোহলি। তাঁদের ইংল্যান্ডের সঙ্গে ২০ ওভারের সিরিজে খেলার কোনও প্রশ্ন নেই। কিন্তু এক দিনের সিরিজেও সম্ভবত খেলবেন না তাঁরা দু'জন। কোনও সিরিজেই সম্ভবত খেলবেন না বুমরাহও। আগামী চ্যাম্পিয়ন্স ট্রফিতে তিন সিনিয়র ক্রিকেটারকে তরতাজা ভাবে পেতে চায় ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। তাই বর্ডার-গাওস্কর ট্রফির পর তাঁদের বিশ্রাম দেওয়া হতে পারে।

প্রথমে হবে টি-টোয়েন্টি সিরিজ। সেই সিরিজে তিন জনেরই না খেলা এক রকম নিশ্চিত। তবে এক দিনের সিরিজে খেলার বিষয়টি তিন ক্রিকেটারের উপরই ছেড়ে দিতে চাইছে বিসিসিআই। চাইলে তাঁরা বিশ্রাম নিতে পারেন। চাইলে চ্যাম্পিয়ন্স ট্রফির আগে প্রস্তুতি হিসাবে খেলতেও পারেন। তাঁদের উপর চাপ কমানোর জন্যই খেলতে চাপ না দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ভারত-ইংল্যান্ড টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচ আগামী ২২ জানুয়ারি, কলকাতার ইডেন গার্ডেন্সে। তার ১৫ দিন পর ৬ ফেব্রুয়ারি নাগপুরে প্রথম এক দিনের ম্যাচ। ভারত-অস্ট্রেলিয়া পঞ্চম টেস্ট শেষ হওয়ার কথা ৭ জানুয়ারি। সেই হিসাবে ইংল্যান্ডের বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজ না খেললে রোহিত, কোহলি এবং বুমরাহ এক মাস বিশ্রাম পেয়ে যাবেন। আবার ভারত-ইংল্যান্ড এক দিনের সিরিজ শেষ হবে ১২ ফেব্রুয়ারি। আর চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারতীয় দলের প্রথম ম্যাচ ২০ ফেব্রুয়ারি বাংলাদেশের বিরুদ্ধে। তাই এক দিনের সিরিজে খেলার বিষয়টি তিন সিনিয়র ক্রিকেটারের উপরই ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন বিসিসিআই কর্তারা।

নিউ জিল্যান্ডের বিরুদ্ধে তৃতীয় টেস্টে বিশ্রাম দেওয়া হয়েছিল বুমরাহকে। দ্বিতীয় সন্তানের জন্মের জন্য অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম টেস্ট খেলেননি রোহিত। তা ছাড়া টানা খেলে চলেছেন তিন সিনিয়র ক্রিকেটারই। তাই চ্যাম্পিয়ন্স ট্রফির আগে তাঁদের উপর চাপ কমানোর কথা ভাবা হয়েছে।

# ভেঙে গেল যশস্বীর পাঁচ বছরের পুরনো বিশ্বরেকর্ড

বিশ্বরেকর্ড হাতছাড়া হয়ে গেল যশস্বী জয়সওয়ালের। তাঁরই মুম্বইয়ের আয়ুষ মাত্রে গড়লেন নতুন নজির। লিস্ট 'এ' ক্রিকেটে (৫০ ওভারের ম্যাচ) সবচেয়ে কম বয়সে ১৫০ বা তার বেশি রান করার কৃতিত্ব অর্জন করলেন তিনি।

মঙ্গলবার বিজয় হজারে ট্রফির ম্যাচে নাগাল্যান্ডের মুখোমুখি হয়েছিল মুম্বই। সেই ম্যাচে ১১৭ বলে ১৮১ রানের আগ্রাসী ইনিংস খেলেন আয়ুষ। তাঁর ইনিংসে রয়েছে ১১টি ছয় এবং ১৫টি চার। ১৭ বছর ১৬৮ দিন বয়সে এই ইনিংস খেললেন আয়ুষে। আর তাতেই ভেঙে গিয়েছে যশস্বীর পাঁচ বছরের পুরনো বিশ্বরেকর্ড। ২০১৯ সালে ঝাড়খণ্ডের বিরুদ্ধে বিশ্বরেকর্ড গড়ার সময় তাঁর বয়স ছিল ১৭ বছর ২৯১ দিন। এই তালিকায় তৃতীয় স্থানে রইলেন রবিন উথাপ্পা। তিনি ১৯ বছর ৬৩ দিন বয়সে লিস্ট 'এ' ক্রিকেটে ১৫০ বা তার বেশি রানের ইনিংস খেলেছিলেন।

চলতি মরসুমেই মুম্বইয়ের হয়ে প্রথম শ্রেণির ক্রিকেটে অভিষেক হয়েছে আয়ুষের। রঞ্জি ট্রফিতেও সাফল্য পেয়েছিলেন তিনি। ভাল খেলেন সৈয়দ মুস্তাক আলি ট্রফিতেও (টি-টোয়েন্টি)। মুম্বইয়ের হয়ে অবশিষ্ট ভারত দলের বিরুদ্ধে খেলেছেন ইরানি কাপও।

এ দিনের ম্যাচে প্রথমে ব্যাট করে ৭ উইকেটে ৪০৩ রান করে মুম্বই। আয়ুষ ছাড়াও ভাল রান করেছেন অধিনায়ক শার্দূল ঠাকুর। তাঁর ব্যাট থেকে এসেছে ২৮ বলে ৭৩ রানের অপরাজিত ইনিংস। ২টি চার এবং ৮টি ছয় মারেন তিনি।

# ৫২তম শিশু বৈজ্ঞানিক প্রদর্শনীর উদ্বোধন করলেন মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি:** মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে শুক্রবার অনুষ্ঠিত হয় ৫২তম শিশু বৈজ্ঞানিক প্রদর্শনী। অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। স্টেট কাউন্সিল অফ এডুকেশন রিচার্জ এন্ড ট্রেনিং এর পক্ষ থেকে এই শিশু বিজ্ঞান উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ দপ্তরের আধিকারিকগণরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মেয়র বলেন, আগেকার দিনের শিক্ষাব্যবস্থা এবং বর্তমানকালের শিক্ষা ব্যবস্থার মধ্যে অনেকটাই পার্থক্য এসে গেছে। বর্তমান শিক্ষা ব্যবস্থায় পরিকাঠামোগত উন্নয়নের ফলে শিক্ষা আদান-প্রদানের ক্ষেত্রে দারুন সুযোগ বৃদ্ধি পেয়েছে। প্রত্যেক শিক্ষার্থীকে বিজ্ঞানমনস্ক হওয়ার জন্য আহ্বান জানান তিনি। মেয়র বলেন এ ধরনের শিশু বিজ্ঞান উৎসব করার ফলে শিক্ষার্থীরা তাদের বিষয়বস্তুগুলো তুলে ধরার সুযোগ পাচ্ছে।

# ৩২ বছর বাদে ছোটা রাজনের সঙ্গী রাজু ওরফে বিলাস গ্রেফতার

মুম্বই, ৩ জানুয়ারি (হি.স.): টানা ৩২ বছর পুলিশের চোখে ধুলো দিয়ে পালিয়ে বেড়াচ্ছিল। অবশেষে গ্রেফতার করা হল খুন ও থানায় গুলিকাণ্ডে অভিযুক্ত 'গ্যাংস্টার' ছোটা রাজনের সঙ্গীকে। কুখ্যাত এই গ্যাংস্টারের নাম রাজু চিকানয়া ওরফে বিলাস পাওয়ার। শুক্রবার তাঁকে গ্রেফতার করেছে মুম্বই পুলিশ। ১৯৯২ সালে মুম্বইয়ের দাদার থানায় প্রকাশ্যে গুলি চালিয়েছিল অভিযুক্ত বিলাস। সেই মামলায় ভারতীয় দণ্ডবিধির একাধিক ধারায় তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। কিন্তু বিলাসের টিকি ছুতে পারেনি পুলিশ।

বিলাস মুম্বইয়ের গোভান্দি এলাকার গ্যাংস্টার হিসেবে পরিচিত ছিল। আশির দশকে তাঁর দাপটে এই এলাকায় কার্যত বাঘে-গরুতে একঘাটে জল খেত। দীর্ঘ ৩২ বছর পর অবশেষে পুলিশের জালে ধরা পড়ল এই গ্যাংস্টার।

মূল অভিযোগের পাশাপাশি অভিযুক্তের বিরুদ্ধে আলিবাগ থানায় একটি খুনের মামলাও দায়ের হয়। দাউদ ঘনিষ্ঠ ছোটা রাজনের সঙ্গী এই কুখ্যাত দুষ্কৃতীর খোঁজ পেয়ে বহুবার অভিযান চালিয়েছিল পুলিশ। যদিও বার বার পুলিশকে ফাঁকি দিতে সক্ষম হয় সে। মূলত আস্তানা বদল করে পুলিশকে ফাঁকি দিত সে।

মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বিতর্কিত মন্তব্য, বিচারপ্রক্রিয়ায় স্থগিতাদেশ হাই কোর্টের

জলপাইগুড়ি, ৩ জানুয়ারি (হি.স.): পাহাড়ে প্রাথমিকে নিয়োগ দুর্নীতির অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে বিতর্কিত মন্তব্য করেছিলেন দার্জিলিংয়ে প্রাথমিক চাকরিপ্রার্থীদের সংগঠনের নেতা সুধান গুরুং। বিষয়টি নিয়ে মামলা হয়। সেই বিচারপ্রক্রিয়ার উপর স্থগিতাদেশ দিল কলকাতা হাই কোর্ট। শুক্রবার জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ ওই মামলার উপর দু'মাসের স্থগিতাদেশ দেন।সুধান গুরুংয়ের বিরুদ্ধে থানায় এফআইআর করেন তৃণমূলের যুব নেতা আশান সুব্বা। ওই মামলায় চার্জশিট পেশ করা হয়। তৃণমূলের যুব নেতার দায়ের করা ওই মামলাকে চ্যালেঞ্জ করে হাই কোর্টে দ্বারস্থ হন সুধান।

হাই কোর্টে অভিযুক্তের আইনজীবী বলেছিলেন, তিনি রাজনৈতিকভাবে ওই মন্তব্য করেছেন। ওই মন্তব্যকে কেন্দ্র করে মামলা দায়ের করে আইনের অপব্যবহার করা হচ্ছে। মামলার তথ্য নথি দেখে বিচারপতি ঘোষের পর্যবেক্ষণ, ওই পুলিশ কর্মীদের প্রশিক্ষণের অভাব রয়েছে। সেই সঙ্গে তাঁর প্রশ্ন "যথাযথ তদন্ত না করে কী ভাবে চার্জশিট দিল পুলিশ?" এর পরেই ওই মামলার উপর স্থগিতাদেশ জারি করেন তিনি।



সাতসকালে গোলবাজার এলাকায় দুটি যানের সংঘর্ষকে ঘিরে জনমনে আতঙ্ক।

# মুখ্যমন্ত্রীর ধমক খেয়ে একদিনেই মা উড়ালপুলে উঠল বাইকের নিষেধাজ্ঞা

কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তীব্র ভর্ৎসনা করেন পুলিশি সিদ্ধান্ত নিয়ে। বলেন, "সন্ধ্যার পর মা উড়ালপুল বন্ধ করে দেওয়া হয়েছে। পুলিশের কেবল একটাই কাজ, বন্ধ করে দেওয়া।" ধমক খেয়ে একদিন যেতে না যেতেই উঠল নিষেধাজ্ঞা।

শুক্রবার থেকে দিন-রাত মা উড়ালপুলের উপর দিয়ে যেতে পারবে বাইক। মুখ্যমন্ত্রী বলেছিলেন, "মা ফ্লাইওভার, এজেসি বোস রোডে ঘণ্টায় ৪০ কিলোমিটার গতিবেগ বেধে দিতে হবে। ফাঁকা জায়গা ব্লক করতে হবে যাতে কেউ গাড়ি না ঘোরাতে পারেন।" উড়ালপুলে নিষেধাজ্ঞা উঠলেও বাইকের গতি নিয়ন্ত্রণে রাখতে হবে, বিধিভঙ্গ হলেই জরিমানা।রাত হলেই বেপরোয়া বাইক চালানো থেকে বাইক রেসিং-এর মতো ঘটনায় প্রাণহানি হয়। তার পরপরই প্রশাসনের তরফে সিদ্ধান্ত নেওয়া হয় রাত ১০টা থেকে পর দিন সকাল ৬টা পর্যন্ত উড়ালপুলের উপর দিয়ে বাইক চালানো যাবে না।

কিন্তু বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী বলেন, হাসপাতাল কিংবা বিশেষ কোনও প্রয়োজনে মা উড়ালপুলের যথেষ্ট গুরুত্ব রয়েছে। এছাড়াও অফিসযাত্রীদেরও বাড়ি ফেরার তাড়া থাকে। কাজেই বাইক চলাচল নিষিদ্ধ করে দেওয়াটা কোনও কাজের কথা নয়।

মমতার নির্দেশের পরই প্রশাসন জানিয়ে দিল, সল্টলেক, সেক্টর ফাইভে একাধিক হাসপাতাল রয়েছে।

# পৌনে দুকোটি টাকার ওপর প্রতারণা, ধৃত ৩

কলকাতা, ৩ জানুয়ারি (হি.স.): একটি ১.৭৮ কোটি বিনিয়োগ প্রতারণা মামলায় গোয়েন্দা বিভাগ নদিয়া জেলা থেকে ৩ জনকে গ্রেফতার করেছে (সাইবার থানার মামলা নং ১৩৮/২৪)। শুক্রবার কলকাতা পুলিশ সামাজিক মাধ্যমে একথা জানিয়েছে।

পুলিশ এই সঙ্গে এদিন জানায়, "অভিযুক্তরা প্রতারিত ব্যক্তিকে শেয়ারে বিনিয়োগের জন্য একটি ভুয়ো অ্যাপ ডাউনলোড করতে প্রলুব্ধ করেছিল। অভিযুক্তদের কাছ থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সামগ্রী—সহ ইলেকট্রনিক গ্যাজেট বাজেয়াপ্ত করা হয়েছে। তদন্ত চলছে।'

## রাজ্য-স্তরের "বাউল ও লোকসংস্কৃতি উৎসব" আজ

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৩ জানুয়ারি:** কৈলাসহর আশ্রম বিদ্যালয় মাঠে ৪ জানুয়ারী (শনিবার) থেকে দুই দিনের রাষ্ট্রীয় স্তরের "বাউল ও লোকসংস্কৃতি উৎসব" শুরু হবে। যুব ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কৈলাশহর পৌরসভার চেয়ারপারসন চপলা দেবরয় এবং সভাপতিত্ব করবেন লোকসংস্কৃতি সংসদের সভাপতি অরুণ নাথ।বাউল ও লোক ঐতিহ্যের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপন করে দুই দিনব্যাপী এই অনুষ্ঠানে মোট ৩০ জন গায়ক ও ১০ জন সঙ্গীতশিল্পী সঙ্গীত পরিবেশন করবেন।

## বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ৩ জানুয়ারি:** সাব্রুম ইংলিশ মিডিয়াম এইচএস বিদ্যালয়ে শুক্রবার অনুষ্ঠিত হয় বিদ্যালয় ভিত্তিক বিজ্ঞান মেলা এবং বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের শুভ সুচনা করেন অর্থমন্ত্রী প্রনজিৎসিংহ রায়।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা সভাধিপতি দিপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ, নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমাপোদ্দার দে, সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন প্রভাস লোধ, মহকুমা প্রশাসক শিবজ্যতি দত্ত, প্রাক্তন বিধায়ক শংকর রায় প্রমুখ।

বিজ্ঞান মেলায় ১০০টির উপরে বিজ্ঞান মডেল প্রদর্শিত হয়। মন্ত্রী প্রনজিৎ সিংহ রায়ের হাত ধরে এদিন উদ্বোধন হয় বিদ্যালয়ের ছাত্রদের জন্য ডাইনিং হল, কেন্টিন হল এবং অবিভাবকদের জন্য বিশ্রাম ঘর।

# মোটর শ্রমিক ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সদস্য প্রয়াত শংকর সাহার স্মরণসভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি:** সিআইটিইউ রাজ্য কার্য্যালয়ে আজ ত্রিপুরা মোটর শ্রমিক ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সদস্য প্রয়াত শংকর সাহার স্মরণসভা অনুষ্ঠিত হয়। স্মরণ সভায় উপস্থিত ছিলেন সিআইটিইউ রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত, রাজ্য সভাপতি মানিক দে সহ অন্যান্য নেতৃত্বরা। নেতৃবৃন্দ স্মরণ সভায় প্রথমেই প্রয়াতের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধার্ঘ নিবেদন করেন। নেতৃবৃন্দ প্রয়াতের পরিবার-পরিজনদের প্রতি গভীর মর্ম বেদনা জ্ঞাপন করেছেন।

নেতৃবৃত্ত বলেন প্রয়াত শংকর সাহা মোটর শ্রমিকদের সংগঠিত করার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে গেছেন।

# কৈলাসহরে লায়ন্স ক্লাব ও লিও ক্লাবের উদ্যোগে প্রায় ১৫০ জন রোগীর চক্ষু অপারেশনের উদ্যোগ গৃহীত

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৩ জানুয়ারি:** আজ কৈলাসহরের জেলা হাসপাতালে চক্ষু নিবারণ দপ্তরের সহযোগিতায় লায়ন্স ক্লাব ও লিও ক্লাবের উদ্যোগে রোগীদের চক্ষু অপারেশন করা হয়।

কৈলাসহর হাসপাতালে আজ ও আগামীকাল চক্ষু অপারেশন শিবিরের আয়োজন করা হয়। চক্ষু নিবারণ দপ্তরের সহযোগিতায় লায়ন্স ক্লাব ও লিও ক্লাবের উদ্যোগে এই চক্ষু অপারেশনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

কৈলাসহর ও কুমারঘাটে গত ৩০ ডিসেম্বর ও ৩১ ডিসেম্বর চক্ষু সনাক্তকরণ ক্যাম্প করা হয়। আজ ও আগামীকাল কৈলাশহরের জেলা হাসপাতালে চোখের বিভিন্ন রকম অপারেশন করা হবে। প্রায় ১৫০ জনের চক্ষু অপারেশনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই অপারেশনে আগরতলা থেকে চক্ষু বিশেষজ্ঞ ছয় জন ডাক্তার, ধর্মনগর থেকে চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার ও কৈলাসহরের চক্ষু বিশেষজ্ঞ ডাক্তারগণ সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন।

# টিএসআর ১২নং ব্যাটেলিয়নের উদ্যোগে রক্তদান শিবির এবং সিভিক অ্যাকশন প্রোগ্রাম অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জানুয়ারি:** রাজ্যের গর্ব টি.এস.আর নিজেদের কর্তব্য পালনের পাশাপাশি নানাবিধ সামাজিক কাজ করে থাকে। এর উদাহরণ পূর্বেও অনেক রয়েছে এ রাজ্যে। এই ধরনের আরও একটি সামাজিক কর্মসূচী পালন করল ১২ নং টিএসআর ব্যাটেলিয়ন। শুক্রবার চাকমাঘাটস্থিত টিএসআর ১২নং ব্যাটেলিয়নের সদর দপ্তরে অনুষ্ঠিত হয় সামাজিক কর্মসূচী। এদিন ব্যাটেলিয়নের উদ্যোগে রক্তদান এবং সিভিক অ্যাকশন প্রোগ্রাম আয়োজিত হয়।

উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন অমিতাভ রঞ্জন, আইপিএস, পুলিশ মহাপরিচালক। এছাড়াও উপস্থিত ছিলেন খোয়াই জেলা পুলিশ আধিকারিক রমেশ যাদব, টিএসআর ১২নং ব্যাটেলিয়নের কমান্ডেন্ট রত্নদ্বীপ দাস সহ অন্যান্যরা। এদিন স্বেচ্ছায় রক্তদান ছাড়াও এলাকার গরিব দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। তাছাড়াও ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষা সামগ্রীও বিতরণ করেন উপস্থিত অতিথিগন।

# গাড়ির ধাক্কায় আহত এক

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৩ জানুয়ারি:** যান দুর্ঘটনা প্রতিদিন বৃদ্ধি পেয়ে চলেছে। ফের শুক্রবার সন্ধ্যায় বিশালগড় রবীন্দ্রনাথ কলেজের সামনে জাতীয় সড়কে দ্রুতগামী গাড়ির ধাক্কায় আহত হয়েছেন এক ব্যক্তি। আহত ব্যক্তির নাম শিবু বেদ। পরবর্তী সময়ে অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীরা আহত শিবু বেদকে উদ্ধার করে বিশালগড় মহাকুমা হাসপাতালে নিয়ে আসে।

মহকুমা হাসপাতালের কর্তব্যরত চিকিতক আহত শিবু বেদের অবস্থা আশঙ্কাজনক দেখে আগরতলা জিবিপি হাসপাতলে তাকে স্থানান্তর করে দেয়। বর্তমানে আহত ব্যক্তি মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। ঘটনাস্থল থেকে পালিয়ে যায় ঘাতক গাড়িটি। পুলিশ দুর্ঘটনার মামলা লিপিবদ্ধ করে তদন্ত শুরু করেছে।

## কংগ্রেস কর্মী খুনে ১০ জনকে দু'বারের যাবজ্জীবন, চার সিপিএম নেতার ৫ বছরের কারাদণ্ড

কোচি, ৩ জানুয়ারি (হি.স.): ২০১৯-এ কেরলের পেরিয়ায় কংগ্রেসের দুই যুবনেতা খুনের ঘটনায় অবশেষে সাজা ঘোষণা করল আদালত। শুক্রবার এই মামলায় দোষী সাব্যস্ত ১৪ জন অপরাধীর মধ্যে ১০ জনকে দু'বারের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। পাশাপাশি এই মামলায় দোষী প্রাক্তন সিপিএম বিধায়ক-সহ ৪ জনকে ৫ বছরের কারাদণ্ড ও জরিমানা করা হয়েছে।এই হত্যাকাণ্ডের তদন্তে নেমে ২৪ জনকে গ্রেফতার করেছিল সিবিআই। ২৪ জনের বিরুদ্ধে চার্জশিট পেশ করে সিবিআই। ৫ বছরধরে বিচারপর্ব চলার পর গত শনিবার এই হত্যাকাণ্ডে ২৪ জন অভিযুক্তের মধ্যে ১০ জনকে খুন, প্রমাণ লোপাট ও ষড়যন্ত্র-সহ একাধিক ধারায় দোষী সাব্যস্ত করা হয়েছিল। শুক্রবার তাঁদের দু'বারের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। দুজনকে যাবজ্জীবনের পাশাপাশি তথ্য প্রমাণ লোপাটের অপরাধে ২ লক্ষ টাকা জরিমানা করা হয়। এছাড়া সিপিএমের এক প্রাক্তন বিধায়ক-সহ ৪ সিপিএম নেতাকে ৫ বছরের সাজা ও ১০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। এই অপরাধীরা হত্যাকাণ্ডের পর প্রভাব খাটিয়ে অপরাধীদের পুলিশ হেফাজত থেকে মুক্ত করেছিল।

# পথ দুর্ঘটনায় মৃত্যু বাঁকুড়ার তৃণমূল নেত্রীর

বাঁকুড়া, ৩ জানুয়ারি (হি.স.): পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক তৃণমূল নেত্রীর। মৃতার নাম রীনা চৌধুরী। বাড়ি ইন্দপুর থানা এলাকায়। সম্প্রতি বাঁকুড়ার যোগেশপল্লী এলাকাতেও বাড়ি করেছেন তৃণমূল নেত্রী।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, শুক্রবার বিকেল নাগাদ বাঁকুড়ার রানিবাঁধ রাজ্য সড়কের সুপুরের কাছে দুর্ঘটনাটি ঘটে। পুলিশ সূত্রে খবর, একটি বেসরকারি বাস খাতড়া থেকে বাঁকুড়ার দিকে যাচ্ছিল। রীনাদেবী খাতড়া থেকে স্কুটি নিয়ে একই দিকে যাচ্ছিলেন। সুপুরের কাছে বাস-স্কুটি পাশাপাশি সংঘর্ষের ঘটনা ঘটে।

খাতড়া থানার পুলিশ তাঁকে উদ্ধার করে চিকিৎসার জন্য খাতড়া মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক রীনাকে মৃত ঘোষণা করেন। তৃণমূল নেত্রী রীনা ইন্দপুর পঞ্চায়েত সমিতির প্রাক্তন খাদ্য কর্মাধ্যক্ষ ছিলেন।

ভারত সরকার
রাসায়নিক ও সার মন্ত্রক
ফার্মাসিউটিক্যাল বিভাগ
pmbi
প্রধানমন্ত্রী ভারতীয় জন औषधि পরিযোজনা

জনঔষধি
গুণগত মানসম্পন্ন ঔষধ
৫০% থেকে ৮০% ছাড়ে
অন্যান্য ব্র্যান্ডের তুলনায় সাশ্রয় মূল্যে সরবরাহ করে

১৪৫০০+ জন ঔষধি কেন্দ্র | ২০০০+ উচ্চমানের ওষুধ | ৩০০+ অস্ত্রপ্রচারের সরঞ্জাম

ব্যক্তিগত কর্মসংস্থানের সুবর্ণ সুযোগ





প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি প্রকল্পের আওতায় আপনার নিজের জনঔষধি কেন্দ্র খুলুন

প্রতিমাসে ২০,০০০/- টাকা পর্যন্ত ইন্সেন্টিভ প্রদান জনঔষধি কেন্দ্রের মালিকদের

কিভাবে জনঔষধি কেন্দ্র খুলবেন জানতে স্কেন করুন কিউআর কোড

স্কেন করুন কিউআর কোড

আরো বিশদ জানতে ডাউনলোড করুন 'জন ঔষধি সুগাম' মোবাইল অ্যাপ

www.janaushadhi.gov.in

জাতীয় টোল ফ্রি নম্বর ১৮০০১৮০৮০৮০

ভারপ্রাপ্ত মুদ্রক ও প্রকাশক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। ভারপ্রাপ্ত সম্পাদক - সন্দীপ বিশ্বাস।